30 DEC 2004 ANANDABAZAR PATRIKA

নৃপেন চক্রবর্তী কাহিনি: সত্য প্রকাশের দায় নেই পার্টির?

শুভাশিস মৈত্র

যত দিন সক্ষম ছিলেন মানুষের ভালর জন্য ভেবেছেন, কাজও করেছেন। তাঁর মত-পথ কারও অপছন্দ হতে পারে, তা নিয়ে বিতর্ক থাকতে পারে, কিন্তু নৃপেন চক্রবর্তী তাঁর জীবনের একশোটা বছর নিঃশর্তে মানুষকে দিতে চেয়েছেন। এবং এ নিয়ে কোনও বিতর্ক নেই।

জেল খেটেছেন ১৮ বছর। ১৯৫০ সালে পুলিশের গ্রেফতার এড়াতে পশ্চিমবঙ্গ ছেড়ে ত্রিপুরায় চলে গিয়েছিলেন। সাত বার বিধায়ক, দু'দফায় ১০ বছর মুখ্যমন্ত্রী ছিলেন তিনি সে রাজ্যের। ১৯৭২ সালে সি পি এমের কেন্দ্রীয় কমিটির সদস্য নির্বাচিত হন। পলিটব্যুরোয় যান ১৯৮৫ সালে। ১৯৯৫ সালে নৃপেন চক্রবর্তীকে দল থেকে তাড়িয়ে দেয় সি পি এম।

অভিযোগ, দলের শৃঙ্খলা ভেঙেছেন তিনি। এর পর ন'বছর কেটে গিয়েছে। ২৪ ডিসেম্বর ২০০৪, মৃত্যুর ঠিক আগের দিন সি পি এম নেতারা এস এস কে এম হাসপাতালে গিয়ে নৃপেনবাবুকে জানিয়ে আসেন, পলিটব্যুরো তাঁকে দলের সদস্যপদ ফিরিয়ে দিয়েছে। পলিটব্যুরোর এই উদার সিদ্ধান্তের কথা তিনি শুনতে পেয়েছিলেন কি না, শোনার মতো অবস্থায় ছিলেন কি না, জানা যায়নি।

কিন্তু প্রশ্নটা অন্য জায়গায়।

মৃত্যু অনিবার্য জেনেই কি সি পি এম নেতারা তাঁকে দলে ফেরানোর সিদ্ধান্ত নিলেন? গত ন'বছরে নৃপেন চক্রবর্তী এক বারের জন্যেও স্বীকার করেননি, তিনি কোনও দলীয় শৃঙ্খলা ভেঙেছেন। যত দিন সুস্থ ছিলেন বার বারই বলেছেন, দলের বিরুদ্ধে একটি অভিযোগও প্রত্যাহার করছেন না। বার বার বলেছেন, যা বলেছেন সচেতন ভাবেই বলেছেন, এবং ঠিক বলেছেন।

১৯৯৪ সালে সি পি এমের চণ্ডীগড় পার্টি কংগ্রেসে নৃপেনবাবুর সঙ্গে দলের মতবিরোধ হয়। কী নিয়ে বিরোধ জানা সম্ভব নয়। শোনা যায়, বামফ্রন্টের শিল্পনীতি, পশ্চিমবঙ্গের কিছু সি পি এম নেতার জীবনযাপন ইত্যাদি বিষয়ে সমালোচনা করে স্বয়ং জ্যোতি বসুর বিরাগভাজন হয়েছিলেন তিনি। কিন্তু এই তথ্যের অকাট্য বিশ্বাসযোগ্যতা নেই। কারণ দলের তরফে এ বিষয়ে কিছুই বলা হয়নি। শুধু 'মতানৈক্য'-এর কথা স্বীকার করা হয়েছে।

সেই পার্টি কংগ্রেসের পরে কলকাতায় বসে পশ্চিমবঙ্গের সি পি এম দল সম্পর্কে নৃপেনবাবু বলেন, এই পার্টি ১৮ বছর ক্ষমতায় আছে। নানা কায়দায় ভোট করে আরও ১৮ বছর ক্ষমতায় থাকবে। এঁদের রাজনীতি ভোট-সর্বস্ব। দলে দুর্নীতি বাসা বেঁধেছে। শিল্পায়ন আসলে ভোট পাওয়ার চাল। এবং... দেশে এখনও পর্যন্ত যে ক'জন প্রধানমন্ত্রী হয়েছেন তাঁদের মধ্যে শ্রেষ্ঠ ইন্দিরা গাঁধী। এর পরই তাঁকে দল থেকে বহিষ্কার করা হয়। তাঁকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেওয়া হয়েছিল এমন কথা জানা নেই।

নৃপেনবাবু সব কথাই ঠিক বলেছিলেন, তা না-ও হতে পারে। হয়তো তাঁর অভিযোগের ৮০ ভাগ সত্যি। অথবা হয়তো ৩০ শতাংশ। পাঁচ শতাংশও হতে পারে, অথবা সবটাই ভুল বলেছেন। সাধারণ মানুষ যে যাঁর মতো করে তাঁর বক্তব্য গ্রহণ করেছেন। সি পি এম কিন্তু তাদের দলীয় মুখপত্রে এই সব ভয়ঙ্কর অভিযোগের কোনও জবাব দেয়নি। 'পার্টিচিঠি'-তেও নয়। এর ন'বছর পরে, নৃপেনবাবুর মৃত্যুর ঠিক দু'দিন আগে দলের পলিটব্যুরো সিদ্ধান্ত নিল, তাঁকে সদস্যপদ ফিরিয়ে দেওয়া হবে। মৃত্যুর ঠিক আগের দিন তাঁকে সেটা জানানো হল, এবং দলীয় মুখপত্রে তা ঘোষণাও করা হল।

কিন্তু কেউ জানতে পারল না ঠিক কী নিয়ে নৃপেনবাবুর সঙ্গে দলের 'মতানৈক্য' হয়েছিল। তাঁর অভিযোগের জবাবে দলের উত্তরই বা কী? ১৯৯৩ সালের মে মাসে ত্রিপুরার মুখ্যমন্ত্রী হয়েছিলেন সি পি এমের জনজাতি নেতা দশরথ দেব। এর পর-পরই সেই চণ্ডীগড় পার্টি কংগ্রেস। তার পরেই ১৯৯৪ সালের শেষ দিকে নৃপেনবাবু কামান দাগলেন 'প্রতিক্রিয়া'র সদর দফতরে। বিনিময়ে খুব দক্ষতার সঙ্গে প্রচার করে দেওয়া হল, মুখ্যমন্ত্রী করা হয়নি বলেই ক্ষিপ্ত হয়ে আবোল-তাবোল বকছেন নৃপেনবাবু। কিছু মানুষ সে কথা বিশ্বাসও করলেন। কিন্তু প্রকৃত ঘটনা রয়ে গেল অন্ধকারেই।



তখনও কমরেড। ত্রিপুরা পার্টি অফিসে প্রকাশ কারাতের সঙ্গে। সঙ্গে দশরথ দেব। ১৯৯৩। *ছবি: অশোক মজুমদার*

নীরবতায় কার লাভ? নৃপেনবাবুর মতো 'বিদ্রোহী'দের না দলের?

নীরবতা অবশ্য নতুন নয়। ১৯৮৬ সালে পশ্চিমবঙ্গের ফ্রন্ট মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেন তৎকালীন অর্থমন্ত্রী অশোক মিত্র। একই সঙ্গে বিধায়ক পদ এবং দলের সদস্যপদও তিনি ছেড়ে দেন। কী নিয়ে অর্থনীতিবিদ, সুলেখক, শিক্ষাবিদ অশোক মিত্রের সঙ্গে জ্যোতি বসুর সরকারের বিরোধ বেধেছিল, সি পি এমের পত্রপত্রিকায় সে ব্যাপারে এক লাইনও খরচ করা হয়নি।

এর চার-পাঁচ বছর পরে, ১৯৯১ সালে সেই অশোক মিত্রই কলকাতার চৌরঙ্গি বিধানসভা কেন্দ্রে সিদ্ধার্থশঙ্কর রায়ের বিরুদ্ধে সি পি এমের প্রার্থী হলেন। যে বিরোধের জন্য তাঁকে দল ছাড়তে হয়েছিল, তা সম্ভবত ইতিমধ্যে মিটে গিয়েছিল। কিন্তু কী ভাবে? তা জানার অধিকার শুধু দলের কয়েক জন শীর্ষনেতার কুক্ষিগত। সাধারণের তা জানার অধিকার নেই। সেই নির্বাচনে অশোকবাবু হেরে যান। এর পরে ১৯৯২ সালে তাঁকে সি পি এম প্রার্থী হিসাবে রাজ্যসভায় নিয়ে যাওয়া হয়।

এর পরে বুদ্ধদেব ভট্টাচার্য।

১৯৯৩ সালের অগস্টে তদানীন্তন তথ্য-সংস্কৃতি এবং পুর ও নগরোন্নয়ন দফতরের মন্ত্রী বুদ্ধদেববাবু মন্ত্রিসভা থেকে পদত্যাগ করেন। দলের পক্ষ থেকে সাংবাদিকদের দেওয়া বিবৃতিতে জানানো হয়েছিল, দলের কাছে তিনি পদত্যাগের অনুমতি চেয়েছেন, দল তাঁকে সেই অনুমতি দিয়েছে। কারণ? জানানো হয়নি। পরে দলের রাজ্য সম্মেলনের প্রতিবেদনেও এই ঘটনার উল্লেখ করা হয়নি। মানুষ জানতে পারল না কেন তিনি মন্ত্রিসভা ছেড়েছিলেন। একই ভাবে ফিরে আসার পরেও জানা যায়নি কেন, কী ভাবেই বা তিনি ফিরলেন?

এক কালের বিদ্যুৎমন্ত্রী শঙ্কর সেন অবশ্য আর ফেরেননি। প্রায় ন'বছর আগে তিনি মন্ত্রিসভা ছেড়ে চলে গিয়েছেন। তাঁর সঙ্গে জ্যোতি বসুর সরকারের বিরোধ নিয়ে নানা কথা শোনা যায়। তবে প্রকাশ্যে তিনি কিছুই বলেননি। আর দলেরও তো এ সব ক্ষেত্রে গোপনীয়তাই প্রধান অস্ত্র।

সি পি এম নেতারা অবশ্য বলতেই পারেন এ সব তাঁদের দলীয় বিষয়, এ নিয়ে কারও প্রশ্ন তোলার অধিকারই নেই। তা সত্ত্বেও কিছু প্রশ্ন কিন্তু থেকেই যায়। সি পি এম দাবি করে তাদের দল এখন 'গণবিপ্লবী পার্টি'। এ রাজ্যেই তাদের এখন প্রায় আড়াই লক্ষ সদস্য। অন্যান্য সংগঠনের সদস্য সংখ্যা কয়েক কোটি। এ সব ঘটনা কি তাঁদেরও জানার কোনও অধিকার নেই? গত আড়াই দশকের বেশি সময় ধরে সি পি এমই এ রাজ্যের প্রধান শাসক দল। এ রাজ্যের মানুষের ওই সব তথ্য জানার অধিকার কি সি পি এম স্বীকার করে?

নেতারা অবশ্য বলতেই পারেন, "জানার কোনও শেষ নাই। জানার চেষ্টা বৃথা তাই।"

Nripen Chakraborty dead

STATESMAN NEWS SERVICE

KOLKATA, Dec. 25. — Former Tripura chief minister and veteran CPI-M leader Nripen Chakraborty died at SSKM hospital early this morning.

He was about 100 years old. Chakraborty, a bachelor, had been critically ill for quite some time and was brought to the city for treatment.

Condoling his death, the CPI-M Politburo said it was a loss for the country's Communist movement. It also said Chakraborty had played a pioneering role in the fight against feudal aristocracy and for independence.

Dr Manmohan Singh also condoled his death saying that in his passing away, the nation and the working people have lost a true friend.

In 1995, the CPI-M had expelled him on charges of anti-party activities. "The party had to take this unpleasant decision as nobody is above the party", read a statement issued by the Politburo today.

"But even after his expulsion, the party paid for all his expenses and deployed members to take care of him", CPI-M state secretary Mr Anil Biswas said. Chakraborty was re-inducted as a member just two days ago. He received the news in hospital.

Today, the CPI-M's red flag was flying at half mast at the Politburo. Senior leaders from the CPI-M, CPI, RSP and other Left parties paid their last respects when the body was taken to Alimuddin Street. He will be cremated in Tripura tomorrow.

Chakraborty was born in Bikrampur, Dhaka, in 1905 (1908, according to his family). After completing his higher studies in Kolkata, he entered the world of politics — first the Civil Disobedience Movement and then the socialist movement.

Communist leaders pay their last respects to Nripen Chakraborty at the CPI-M office in Kolkata on Saturday. — The Statesman

He joined the Communist Party in 1930 and also worked as a sub-editor for *Ananda Bazar Patrika* for a brief period. In the mid-30s, Chakraborty went underground, organised movements, edited his party mouthpiece and spent about 18 years in jail in different phases. He even escaped from the Hijli detention camp.

Chakraborty was sent to Tripura in 1950 where he organised the tribal movement. He was elected to the Tripura Assembly in 1957, 1962, 1872, 1977, 1983 and 1993.

Chakraborty became the chief minister of Tripura in 1978 and held on to the chair for 10 years till the Congress defeated the Left Front.

26 DEC 2004 THE STATESMAN

Left snubs Third Front moves

STATESMAN NEWS SERVICE

NEW DELHI, Dec. 18. — Dealing a blow to Samajwadi Party leader Mr Mulayam Singh Yadav's bid to revive the Third Front, the CPI-M today dismissed any immediate possibility of such a political formation.

The Left party's announcement assumes significance as the UP chief minister had met CPI-M general secretary Mr Harkishen Singh Surjeet in this connection today. Mr Yadav is said to have pitched for such a front in view of the coming Assembly elections, especially with a view to take on his rival, the RJD chief, Mr Lalu Prasad, in Bihar. The CPI-M was, however, not convinced about creating a front against Mr Lalu Prasad.

Mr Surjeet said the Third Front issue could only be discussed at "an opportune time," adding that there were already many fronts at this stage. Giving an explanation on the subject, the party politburo member, Mr Sitaram Yechury, said: "There is no scope for any Third Front in the coming elections. It is not on our immediate agenda, even though the formation of a non-BJP, non-Congress front remains part of our long-term objective."

Mr Mulayam Singh Yadav

In the context of the Bihar polls, Mr Yechury said: "Our political objective is to keep communal forces out of power there. We had an alliance with the RJD earlier in this regard."

Expressing concerns over the deteriorating law and order situation as well as growing abduction cases under the Rabri Devi government, Mr Yechury said: "Both secularism and development are crucial for us, but we believe Lalu's alternative in Bihar would turn out to be worse."

The CPI-M politburo also discussed the party's strategy to be adopted in the coming Assembly elections in Bihar, Jharkhand, and Haryana. It decided that the CPI-M will first discuss the matter among the Left parties and then with other secular parties, for working out an electoral understanding.

19 DEC 2004 THE STATESMAN

19 DEC 2004

THE HINDU

CPI(M) wants right to strike protected

By Our Special Correspondent

NEW DELHI, DEC. 18. The Communist Party of India (Marxist) today demanded that the Government legislate to protect the right to strike and expressed reservations over the Employment Guarantee Act in its present form.

Briefing newspersons on the two-day Polit Bureau meeting that ended today, Sitaram Yechury said the meeting expressed serious concern over various pronouncements by the higher judiciary on the right to strike. It said that this would deny the working class and the citizens their basic right. The party decided to approach the Government to see that a suitable legislative provision was made to protect the right to strike.

The Polit Bureau said the proposed Employment Guarantee Act was diluted first by restricting it to the rural areas and now by limiting it to "poor households." There was no provision for any timeframe for extending the coverage of the Act to the whole country and it did not ensure employment for women. Also, there was no provision for the Centre providing cent per cent funding, it said stressing that "these defects need to be removed."

The meeting also sought restoration of the rate of interest on the employees' provident fund.

Strategy for polls

The Polit Bureau asserted that the party's basic thrust was to counter the communal forces and that it would approach the coming elections to the Bihar, Jharkhand and Haryana Assembly elections with this end in view. The party would hold discussions with other Left and secular parties on an electoral understanding.

Basu meets Sonia

The veteran Marxist leader, Jyoti Basu, met the Chairperson of the United Progressive Alliance, Sonia Gandhi, and discussed issues in the Common Minimum Programme (CMP) that need to be implemented on a priority basis.

Mr. Basu told her that the UPA and the Left parties must work for speedy implementation of the CMP.

শুদ্ধকরণে জেলা নেতাদেরও সরাচ্ছে সিপিএম

প্রসূন আচার্য

শুধু লোকাল বা জোনাল স্তর নয়, দলের জেলা নেতাদের বিরুদ্ধেও ব্যবস্থা নিতে শুরু করেছে সি পি এম।

নদিয়া ও বর্ধমানে একাধিক দাপুটে নেতাকে জেলা কমিটি থেকে সরিয়ে দিয়ে সি পি এমের রাজ্য নেতৃত্ব বুঝিয়ে দিয়েছেন, কেউই দলের উর্ধ্বে নয়। রাজ্য সম্পাদক অনিল বিশ্বাস জানিয়ে দিয়েছেন, "দলে যে-শুদ্ধকরণ অভিযান চলছে, তাতে কেবল লোকাল বা জোনাল স্তরের নেতা নয়, দরকার পড়লে জেলা ও রাজ্য স্তরের নেতাদের বিরুদ্ধেও ব্যবস্থা নেব আমরা।"

কাউকে জেলা কমিটি থেকে সরিয়ে দেওয়াটা যে 'ব্যবস্থা নেওয়া'র পর্যায়েই পড়ে, সি পি এমের রাজ্য সম্পাদক অনিলবাবু তা স্পষ্ট ভাবে জানিয়ে দিয়েছেন। জেলা কমিটি থেকে বাদ গেলেও ওঁরা অবশ্য দলে রয়ে গিয়েছেন।

সি পি এমের রাজনীতিতে অন্যতম গুরুত্বপূর্ণ বর্ধমান ও অনিলবাবুর নিজের জেলা নদিয়ার সম্মেলন থেকেই আলিমুদ্দিন স্ট্রিটের কড়া মনোভাবের বার্তা পাঠানো শুরু হয়েছে। আগামী দিনে পশ্চিম মেদিনীপুরে জেলা সম্পাদক দীপক সরকারের গোষ্ঠী, পূর্ব মেদিনীপুরে সাংসদ লক্ষ্মণ শেঠের গোষ্ঠী ও হুগলিতে রূপচাঁদ পালের গোষ্ঠীভুক্ত বেশ কিছু নেতার উপরেও কোপ পড়ার সম্ভাবনা। পশ্চিম মেদিনীপুরে সম্মেলনকে কেন্দ্র করে যে-ভাবে গণ্ডগোল হয়েছে, তাতে রাজ্য নেতৃত্ব ক্ষুব্ধ। পশ্চিম মেদিনীপুরের সম্মেলনে অনিলবাবু নিজে যাচ্ছেন।

পূর্ব মেদিনীপুরে মূলত অভিযোগ উঠেছে, ব্যক্তিস্বার্থে নানা ভাবে শিল্প গোষ্ঠীকে ব্যবহার করা হচ্ছে। হুগলিতে বন্ধ কারখানার জমি নিয়ে নানা দুর্নীতি ছাড়াও আরামবাগ, গোঘাটের মতো কৃষি-প্রধান এলাকায় দলকে উপেক্ষা করে ব্যক্তি-শাসন প্রতিষ্ঠার অভিযোগ আছে একাধিক জেলা নেতার বিরুদ্ধে। বাঁকুড়া, বীরভূম, মুর্শিদাবাদেও রদবদল হবে। নানা কারণে বিতর্কের কেন্দ্রে থাকা উত্তর ২৪ পরগনা ও কলকাতা জেলায় গোষ্ঠী-বিন্যাস যা, তাতে ফেব্রুয়ারির রাজ্য সম্মেলনের আগে রাজ্য নেতৃত্ব এখানে কোনও ব্যবস্থা নিতে পারেন কি না, সেটাই দেখার।

অনিলবাবুর উপস্থিতিতে জেলা সম্মেলনে সব চেয়ে বড় ঘটনাটি ঘটেছে নদিয়ায়। সম্পাদকমণ্ডলীর দুই প্রভাবশালী সদস্য রাধানাথ বিশ্বাস ও বংশীবদন সরকারকে ছেঁটে ফেলা হয়েছে জেলা কমিটি থেকেই। প্রাক্তন জেলা সম্পাদক রেণুপদ দাসের ঘনিষ্ঠ হিসাবে পরিচিত রাধানাথবাবু নদিয়া জেলা পরিষদের প্রাক্তন সভাধিপতি। তাঁর আমলে জেলা পরিষদের নানা কাজে আর্থিক অস্বচ্ছতার অভিযোগ তুলেছিল সি এ জি। দল খতিয়ে দেখে রাধানাথবাবুর বিরুদ্ধে কড়া মনোভাবের সিদ্ধান্ত নেয়। ২০০৩ সালে পঞ্চায়েত নির্বাচনে তাঁকে সরিয়ে দেওয়ার পরে এ বার জেলা কমিটি থেকে সরিয়ে দিয়ে অনিলবাবু প্রমাণ করতে চেয়েছেন, নিজের জেলায় শীর্ষ স্তরের নেতাদের বিরুদ্ধেও ব্যবস্থা নিতে তিনি দ্বিধা করবেন না। বংশীবদনবাবুর বিরুদ্ধে অভিযোগ, একটি মামলায় নিজে হাজির না-থেকে তিনি অন্য এক জনকে হাজির করিয়েছিলেন, যা দলের ভাবমূর্তির পক্ষে ক্ষতিকর।

কেন ওই দুই নেতাকে ছেঁটে ফেলা হল?

অনিলবাবুর জবাব, "নানা কারণে নদিয়ার জেলা কমিটি থেকে পুরনো চার জনকে বাদ দেওয়া হয়েছে। সব দিক দেখেই দল সিদ্ধান্ত নিয়েছে।" ওই দুই নেতা প্রকাশ্যে কিছু বলতে চাননি। রাধানাথবাবু বলেন, "যদি কোনও অভিযোগ উঠে থাকে, তা পঞ্চায়েত নির্বাচনের আগেই উঠেছিল। যা বলার তখনই বলেছি। নতুন করে কিছু হয়নি। দলের এই সিদ্ধান্ত নিয়ে যা বলার তা দলেই বলব।" অন্য দিকে, বংশীবদনবাবু এই বিষয়ে কিছু বলতে চাননি।

বর্ধমান জেলা কমিটি থেকে বাদ পড়া সদস্যদের মধ্যে আছেন পশ্চিমবঙ্গ ক্ষুদ্র শিল্প উন্নয়ন নিগমের প্রাক্তন চেয়ারম্যান বিনয় চক্রবর্তী, সাংসদ মহবুব জাহেদি ও সমর বাওড়া। বয়সের কারণে জাহেদি এবং দলে আরও গুরুত্ব দেওয়ার কারণে বাওড়াকে 'ছেড়ে দেওয়া' হলেও দুর্গাপুর শিল্পাঞ্চলের প্রভাবশালী নেতা বিনয়বাবু এবং মন্ত্রী অঞ্জু করের স্বামী ও কলনার দাপুটে নেতা হরিশ করকে সরিয়ে দিয়ে সি পি এমের রাজ্য নেতৃত্ব বুঝিয়ে দিলেন, প্রয়োজনে তাঁরা কড়া মনোভাব নিতে দ্বিধা করবেন না।

প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর অত্যন্ত 'পছন্দের লোক' বিনয়বাবুর বিরুদ্ধে ঠিকাদারদের সঙ্গে জড়িয়ে পড়ার অভিযোগ আছে। বিনয়বাবুর সঙ্গে সম্প্রতি সংঘাত বেধেছিল দুর্গাপুরের লোক, বিদ্যুৎমন্ত্রী মৃণাল বন্দ্যোপাধ্যায়ের। রাজ্যের বিদ্যুৎ-পরিস্থিতির তুলনামূলক উন্নতি সত্ত্বেও বিনয়বাবু প্রকাশ্যেই বিদ্যুৎমন্ত্রীর সমালোচনা শুরু করেছিলেন, যা শৃঙ্খলাভঙ্গের পর্যায়ে পড়ে। জেলা কমিটি থেকে তাঁর বাদ পড়া প্রসঙ্গে প্রশ্ন করা হলে বিনয়বাবু বলেন, "আমার বিরুদ্ধে যে কোনও অভিযোগ নেই, জেলা সম্পাদক অমল হালদার দলীয় মুখপত্রে তা জানিয়ে দিয়েছেন। আমার যা বলার দলীয় মঞ্চেই বলব।"

অন্য দিকে, হরিশ করের বিরুদ্ধে অভিযোগ উঠেছে, স্ত্রী মন্ত্রী-পদে থাকায় সেই সুযোগ নিয়ে তিনি ক্ষমতার অপব্যবহার করেছেন। বর্ধমান জেলায় নেতাদের বাদ পড়া প্রসঙ্গে অনিলবাবু বলেন, "বাদ যাওয়ার নানা কারণ আছে। আমরা তরুণদের সুযোগ দিতে চেয়েছি। তবে কেউই শৃঙ্খলাভঙ্গ করে বা ব্যক্তিস্বার্থে দলকে ব্যবহার করে পার পাবেন না, এটা সকলকে বুঝতে হবে।"

18 DEC 2004 ANADABAZAR PATRIKA

আর 'কামড়াতে' চায় না বামেরা

দীপ্তেন্দ্র রায়চৌধুরী ● নয়াদিল্লি

১১ ডিসেম্বর: মনমোহন সিংহের সরকারের গোড়ার দিকে সীতারাম ইয়েচুরি বলেছিলেন, তাঁরা শুধু চিৎকারই করেন না, দরকার হলে 'কামড়ে দিতে'ও পারেন। তা নিয়ে যথেষ্ট জলঘোলাও হয়েছিল। কিন্তু সে সময় সি পি এমের মধ্যে যিনি 'কামড়ে দেওয়ার' সব চেয়ে বেশি পক্ষপাতী ছিলেন, সেই সিটু সভাপতি এবং পলিটব্যুরো সদস্য এম কে পান্ধেও এখন মনে করছেন, 'চিৎকারেই' অনেক কাজ হয়ে যাচ্ছে। অর্থাৎ, কামড়ানোর কারণই দেখা দিচ্ছে না।

শুধু তা-ই নয়, অবস্থা যদি এ রকম থাকে, তা হলে ভবিষ্যতে কমিউনিস্টরা আরও বেশি করে কংগ্রেসের সঙ্গে থাকবেন। এবং তখন তত্ত্বগত ভাবেও তাঁরা আর তৃতীয় ফ্রন্টের প্রবক্তা থাকবেন না। জ্যোতি বসু ও হরকিষেণ সিংহ সুরজিতেরা ঠিক এটাই চেয়ে আসছেন। এখন প্রকাশ কারাটও ধীরে ধীরে সেই জায়গাতেই এসে পৌঁছচ্ছেন বলে দলীয় সূত্রের খবর। সি পি এম পার্টি কংগ্রেসের দলিলেও এর আংশিক প্রতিফলন ঘটতে পারে।

কিন্তু ঠিক কী কারণে মনোভাব বদল হচ্ছে দলের? বা সামগ্রিক ভাবে কমিউনিস্টদের? এ ক্ষেত্রে তাঁরাই যে সব যুক্তি দিচ্ছেন, তা হল:

এক, নীতিগত প্রশ্নে বামপন্থীরা যে সব জায়গায় আপত্তি জানিয়েছেন, তার বেশির ভাগ ক্ষেত্রেই সরকার তাঁদের অবজ্ঞা করেনি। টেলিকম, বিমা প্রভৃতি ক্ষেত্রে বিদেশি লগ্নি বাড়াতে উদ্যোগী হয়নি সরকার। গরিব মানুষের কাজের সংস্থান করতে চেষ্টা করেছে সরকার।

দুই, প্রভিডেন্ট ফান্ডের সুদের হার বাড়ানো নিয়েও 'সদর্থক চিন্তা' করা হচ্ছে বলে সরকার সংসদে জানিয়েছে, যদিও তা করতে হলে সরকারি কোষাগার থেকে ভর্তুকি দিতে হবে।

তিন, ক্ষেত্রগত ভাবে শ্রমিক স্বার্থের প্রশ্নেও বন্দর ও ডকের কর্মচারীদের সঙ্গে সমঝোতাপত্র স্বাক্ষরিত হয়েছে, কয়লাশিল্পে ন্যূনতম মজুরি ও অন্য প্রশ্নে বোঝাপড়া হয়েছে, বিমানবন্দরে সব ইউনিয়নের সঙ্গে আলোচনায় বসার প্রতিশ্রুতি দিয়েছে এয়ার ইন্ডিয়া। ব্যাঙ্ক কর্মচারীদের সঙ্গেও কর্তৃপক্ষের চুক্তি হয়েছে। প্রতি ক্ষেত্রে ধর্মঘটের কথা ভেবেও ইউনিয়নগুলি পিছু হঠেছে তাঁদের নেতাদের সঙ্গে বসে মন্ত্রীরা বিরোধ মিটিয়ে নেওয়ার পর।

এর পর একুশের পাতায়

কামড়াতে চায় না বামেরা

প্রথম পাতার পর

এই বাস্তবতা এখন পান্ধেরাও অস্বীকার করছেন না। "এ কথা ঠিক, আমাদের অনেক দাবিই সরকার মেনে নিয়েছে," জানিয়েছেন পান্ধে। কিন্তু তাঁর বক্তব্য, "এগুলো মেনেছে আমাদের চাপে। আমরা যে ক্রমাগত চিৎকার করছি, হুমকি দিচ্ছি, এতে কাজ হচ্ছে। কিন্তু এখনও ওরা এমন অনেক কথা বলছে, যেগুলিকে আটকাতে হবে। এই সব বিশ্বায়ন, বেসরকারীকরণের নীতির বিরুদ্ধে আমাদের চাপ বাড়াতে হবে।"

সরকার যে এখন অনেক বেশি সাড়া দিচ্ছে, সে কথা স্বীকার করেছেন এ আই টি ইউ সি-র অন্যতম সম্পাদক আর এল সচদেবও। তাঁর বক্তব্য, "গত সরকারের তুলনায় পরিস্থিতিটাই এখন সম্পূর্ণ বদলে গিয়েছে। এটুকু বলতে পারি যে, সরকার আমাদের কথাকে কিছুটা গুরুত্ব দিচ্ছে।" ঠিক এই অবস্থায় সি পি আই-এর সাধারণ সম্পাদক এ বি বর্ধন যে ভাবে বিদ্যুৎ আইনের বিরুদ্ধে সারা দেশের বিদ্যুৎ ক্ষেত্রের কর্মীদের ধর্মঘটের হুমকি দিয়েছেন, তা কিছুটা আশ্চর্যের। কিন্তু রাজনৈতিক সূত্রের বক্তব্য, ওটাও তাঁর চাপসৃষ্টির কৌশল, উদ্দেশ্য সরকারকে বিদ্যুৎ আইনের কিছু সংশোধনের পথে টেনে নিয়ে যাওয়া।

কিন্তু সরকারের সঙ্গে বিভিন্ন ক্ষেত্রে তাঁদের যে সমঝোতা হচ্ছে, ত নিয়ে প্রকাশ্যে বড়াই করছেন ন বামেরা। কেন? সি পি এ পলিটব্যুরোর এক গুরুত্বপূর্ণ সদস্যের বক্তব্য, "আমাদের কাছে মানুষের প্রত্যাশা অনেক বেশি। তা ছাড়া এতে আমরা সন্তুষ্ট হলে সরকার অনেক দাবি উপেক্ষা করতে শুরু করবে।" অর্থাৎ, সরকারের উপর চাপসৃষ্টি করে আরও অনেক কিছু আদায় করে নিতে চান তাঁরা। দলের দলিলেও দু'কূল রক্ষা করেই বিষয়টি উপস্থাপিত হবে বলে ইঙ্গিত মিলেছে।

12 DEC 2004 ANADABAZAR PATRIKA

0 - DEC 2004

Left cries 'Dilli chalo' to drum up support for bandhs

HT Correspondent
Kolkata, December 4

THE CPI(M) will fight the court order banning bandhs and move an all-party resolution in the state Assembly during the ensuing winter session to seek constitutional protection for the right to call strikes.

State CPI(M) secretary Anil Biswas has already instructed party MLA and Left Front chief whip Robin Deb to initiate talks with all political parties which have representatives in the House. The Left Front will also hold bilateral discussions with parties, which have no presence in the Assembly, to seek their views on the issue.

Trinamool chief Mamata Banerjee has already declared that she favours an all-party meet to discuss protection for the right to call strikes, and would welcome a constitutional amendment towards this end.

The state Congress, too, is warming up to the idea, and has endorsed the need to reserve the right to strike, though only as a last resort.

"We will urge the courts to rethink their views on bandhs. Strikes are weapons of last resort and must not be called at the drop of a hat. But they shouldn't be outlawed," state Congress leader Somen Mitra said. The Congress Legislature Party would meet to take a stand on the issue once it receives a formal invitation for talks from the Left Front chief whip, Mitra added. "But is the CPI(M) really interested in protecting people's democratic rights in this state? Haven't they been solely responsible for turning bandhs into everyday affairs?" he asked.

The CPI(M) said it would take initiatives both in the state and at the Centre to protect the right to call strikes as a weapon of protest. The UPA government's common minimum programme was sworn to guarding this right. That commitment must be kept, Biswas said. He pointed out that even advanced nations in the West had this right enshrined in their constitutions. Many other countries had accepted the International Labour Organisation's conventions along with their built-in protection for the right to strike, he added.

Arguing that the Indian Constitution as ambiguous in this area, Biswas said the CPI(M) politburo would discuss the issue threadbare at its meeting in Delhi on December 17 and would talk to its Front partners as also with all other national parties.

Controlled aggression

- **CPM will talk to all parties to mobilise opinion against court ban on bandhs**
- **Will discuss strategy at its December 17 politburo meeting in Delhi**
- **Will move all-party resolution in Assembly during winter session**
- **Will press Centre to abide by UPA's common minimum programme, which pledges to protect right to strike**

THE HINDUSTAN TIMES

02 DEC 2004 THE HINDU

UPA Government must adhere to policies in CMP: Left

By Gargi Parsai

NEW DELHI, DEC. 1. The Left today endorsed a People's Declaration on Development, Displacement and Rehabilitation that called for "pro-people development" as opposed to "destructive development." It urged the United Progressive Alliance Government to "implement its own programme as declared in the Common Minimum Programme."

"We differ with the neo-liberal development policies that do not benefit the poor. We are not asking for the moon, only for the UPA Government to implement its own policies as agreed to in the CMP," said the CPI national secretary, D. Raja, while endorsing the declaration put forth by the National Alliance of People's Movements on the concluding day of its National Convention on Development, Displacement and Rehabilitation.

New alignment

Mr. Raja said the new realignment of political and social forces that had come to governance in the country was committed to implementing land reforms and all land ceiling laws. "The time has come to evolve proper strategies and to see what the Government has achieved through the CMP. Here is an opportunity to fight the WTO and its adverse conditionality, the IMF, the World Bank and, at the same time, be pro-poor, pro-Dalits and pro-people."

The Union Water Resources Minister, Priyaranjan Dasmunshi, said that no water project in the country would be given the green signal unless there was a guarantee of complete rehabilitation of the affected people. While there was a 'Catch 22' situation regarding displacement and development projects, he would prefer to take the middle path. "I would first decide 'development for whom' then look at who would lose out in the process and how to rehabilitate them."

Others who lent their support to the declaration included the socialist leader, Surendra Mohan, Abni Roy and Manoj Bhattacharya of the RSP, Debavrata Biswas and G. Devarajan of the Forward Bloc, the former Planning Commission adviser, Shekhar Singh, advocate Surekha Dalvi, journalist Kuldip Nayyar, activist Amarnath and the alliance convener, Medha Patkar.

On Tuesday, the former Prime Minister, V.P. Singh, had committed himself to the struggle of those displaced by mega projects. The declaration said: "The choice of technology for development must be one that generates more livelihood opportunities, is least destructive of natural resources, least displacing of people, enables fulfilment of basic needs; ensures equitable distribution of benefits, supports sustainable use of natural resources and gives the right of information to people."

Rehabilitation policy

It called for the replacement of the Land Acquisition Act of 1894 (amended in 1984) by a national enactment which defines all parameters of rehabilitation of people whose lands are acquired.

It sought the reformulation of the National Rehabilitation Policy leading to the formulation of a National Rehabilitation Act. Special Commissions on Displacement and Rehabilitation should be constituted at national and State levels with judicial and quasi-judicial powers. "We reject the economics of gigantism and instead prefer small, local and decentralised projects," the declaration said and underscored the need for a realignment of policies that were people-centric and participatory.

পার্টি-সদস্যদের মাতলামি নিয়েও বিব্রত সিপিএম

প্রসূন আচার্য

কেবল দুর্নীতি বা সমাজবিরোধী কার্যকলাপের সঙ্গে যুক্ত থাকা নয়, সি পি এমের সদস্যদের মদ্যপান এবং মাতলামো নিয়েও চিন্তায় পড়েছে দল। দলীয় প্রতিবেদনেই এ কথা বলা হচ্ছে।

বৃহস্পতিবার উত্তর ২৪ পরগনার অন্যতম গুরুত্বপূর্ণ ব্যারাকপুর দক্ষিণ পশ্চিম জোনাল কমিটির সম্মেলন শুরু হয়েছে। দলীয় প্রতিবেদনে বলা হয়েছে, "পার্টি-সদস্যেরা কোথাও কোথাও নিয়মিত মদ্যপান করছেন বা মাতলামো করছেন, এই ধরনের অভিযোগও উঠেছে।" মদ্যপানের ভাল-মন্দ নিয়ে নানা বিতর্ক আছে। ভারতীয় রাজনীতিতে মদ্যপানকে কিছুটা পৃথক দৃষ্টিভঙ্গিতেই দেখা হয়। যদিও কংগ্রেস, কমিউনিস্ট, বি জে পি— কোনও দলই মদ্যপানের বিরুদ্ধে কোনও নির্দিষ্ট ফতোয়া জারি করেনি। কমিউনিস্টদের ক্ষেত্রেও মদ্যপান নিয়ে কোনও ছুতমার্গ নেই বলেই শোনা যায়। তবে দলীয় কর্মীরা নিয়মিত মদ্যপান করে মাতলামো করছে, সি পি এমে এমন অভিযোগ এই প্রথম। অভিযোগ উঠলেও কে বা কারা তা করছেন, ব্যবস্থাই বা নেওয়া হয়নি কেন, সেই বিষয়ে দল অবশ্য নীরব।

শুদ্ধকরণ প্রক্রিয়ার পাশাপাশি সামগ্রিক ভাবে পার্টি যে মূল্যবোধের এক চূড়ান্ত 'অবক্ষয়'-এর মধ্য দিয়ে চলছে, সম্মেলনের রিপোর্টেই তা স্পষ্ট। রিপোর্টে বলা হয়েছে, "২৭ বছর ধরে সরকার প্রশাসন ও পার্টি পরিচালনার সুবাদে আমরা কিছু ক্ষমতার অধিকারী। সবাইকে চাকরি দিতে পারি না, কিন্তু কিছু কিছু পারি। সবাইকে বাড়ি বানানোর সামগ্রী সরবরাহের সুযোগ করে দিতে পারি না, কিন্তু কাউকে কাউকে পারি। বাড়িওয়ালা-ভাড়াটিয়া বিরোধ, সম্পত্তির বিরোধে সচেতন ভাবে পক্ষপাতিত্ব করতে পারি। আর এই সুবাদে সুযোগ-সুবিধাগুলি নিজের পরিবারের লোক বা অনুগত লোকেদের জন্য করে দেওয়ার প্রবণতা বাড়ছে।"

২,৭০,০০০ সদস্যই কেবল নয়, বিভিন্ন গণ-সংগঠনের ছাতার তলার আরও প্রায় আড়াই কোটি মানুষ সি পি এমের প্রতিটি কাজের সঙ্গে যুক্ত। এত সদস্য-সমর্থকদের শিক্ষিত করে তোলা যেমন কঠিন, তেমনই এই বিপুল বেকার-বাহিনীকে কাজের সন্ধান দেওয়াও অত্যন্ত শক্ত। অন্য দিকে, প্রোমোটিং থেকে অসাধু কারবারে অবৈধ অর্থ উপার্জনের পথ খোলা থাকছে। সব মিলিয়ে দল যে কত বড় সমস্যায় পড়েছে, নেতৃত্বও তা হাড়ে হাড়ে উপলব্ধি করছেন।

কী করছেন দলীয় কর্মীরা? আত্মপ্রচার, ব্যক্তিগত ঝোঁক, রাজনৈতিক কর্মকাণ্ডের তুলনায় সালিশিতে বেশি সময়, পুরসভা পরিচালনার ব্যাপারে দলকে না-জানিয়ে ব্যক্তিগত সিদ্ধান্ত নেওয়ার প্রবণতা তো রয়েছেই, এমনকী সমাজবিরোধীদের সঙ্গে পার্টিকর্মীরা জড়িয়ে পড়ছেন বলে রিপোর্টে জানানো হচ্ছে। পিনাকী, পলাশ, বুল্টন থেকে হাতকাটা দিলীপ— সব ক্ষেত্রেই উত্তর ২৪ পরগনার জেলা রাজনীতি কোনও না-কোনও ভাবে জড়িয়ে পড়েছে।

দলীয় প্রতিবেদনে বলা হয়েছে, "অবাঞ্ছিত ব্যক্তিদের পার্টিতে অনুপ্রবেশ বা

এর পর আটের পাতায়

মাতলামি

প্রথম পাতার পর

তাদের সঙ্গে নিবিড় সম্পর্ক স্থাপন, সমাজবিরোধী কর্মকাণ্ডের বিরুদ্ধে বা সমাজবিরোধীদের বিরুদ্ধে দৃঢ় মনোভাব গ্রহণে দুর্বলতা, পার্টির সদস্য ও নেতাদের ঠিকাদারি ও প্রোমোটারি ব্যবসায় জড়িয়ে পড়া, কোথাও কোথাও ইমারতি দ্রব্য সরবরাহের ক্ষেত্রে পার্টিকে ব্যবহার করা এবং তা করতে গিয়ে জবরদস্তি করা, প্রোমোটারদের পক্ষে অবস্থান গ্রহণ বা প্রোমোটার ব্যবসাদারের উপরে চাপ সৃষ্টি করে অনৈতিক উপায়ে অর্থ উপার্জনে লিপ্ত হয়ে পড়া, পুকুর ভরাটের সঙ্গে যুক্ত হয়ে পড়া বা নীরব থাকা বা দর্শকের ভূমিকায় থাকার মতো ঘটনাগুলি অত্যন্ত বিপজ্জনক প্রবণতারূপে আত্মপ্রকাশ করেছে।"

কী ভাবে দলকে এই প্রবণতা থেকে রক্ষা করা যায়, তা নিয়ে রাজ্য পার্টির নির্দেশের ভিত্তিতে জেলা পার্টি যে-নোট তৈরি করেছে, তার পরিপ্রেক্ষিতেই জোনাল কমিটি 'ত্রুটি সংশোধনের পদক্ষেপগুলিও' চিহ্নিত করেছে। বলা হয়েছে: ১) পার্টিতে অবাঞ্ছিত ব্যক্তির মেলামেশা ও অনুপ্রবেশ বন্ধ করতে হবে। ২) সমাজবিরোধী কার্যকলাপের সঙ্গে সঙ্গে সম্পর্ক রক্ষা, সমাজবিরোধী কার্যকলাপ সম্পর্কে উদাসীন ও অন্যমনস্কতা এবং যুক্ত প্রচারমূলক কার্যক্রম গড়তে হবে। ৩) দুর্নীতি ও অসৎ উপায়ে অর্থ উপার্জনের বিরুদ্ধে পার্টিতে কড়া ব্যবস্থা নিতে হবে। ৪) ঠিকাদার, প্রোমোটার ও ব্যবসার সঙ্গে পার্টি নেতৃত্বের সম্পর্ক ছিন্ন করতে হবে। ৫) নির্বাচনকে ব্যক্তি ও গোষ্ঠীর স্বার্থের কাজে লাগানোর মনোভাবের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নিতে হবে।

26 NOV 2004 ANADABAZAR PATRIKA

কঠিন পরীক্ষায় বামপন্থীরা

গত লোকসভা ভোটে বি জে পি জোটের পরাজয়ের তাৎপর্য নিয়ে সংশয় নেই। এক হাতে 'বিকাশপুরুষ' বাজপেয়ীর মুখ, অন্য হাতে গুজরাট গণহত্যার রক্তের দাগ— প্রকাশ্য ও গোপন কর্মসূচির বিচিত্র সমন্বয় নিয়ে নিশ্চিত জয়ের ছবি দেখছিল বি জে পি। সমান্তরাল দুটি প্রত্যাখ্যান জুটল। এক, ভারত উদয়, ফিল গুড, বাজপেয়ী— প্রত্যাখ্যাত। দুই, নরেন্দ্র মোদিদের উগ্র সাম্প্রদায়িক রাজনীতি প্রত্যাখ্যাত। প্রত্যাখ্যাত অবশ্যই, কিন্তু কোথাও কোথাও প্রশ্রয়। কংগ্রেসি প্রধানমন্ত্রী এলেন, কিন্তু অন্য অনেক দলের ওপর নির্ভরশীল। বামপন্থীরা বাড়লেন, জাতীয় রাজনীতিতে আরও একটু বেশি প্রাসঙ্গিক হলেন, কিন্তু একই সঙ্গে এসে গেল মনমোহন সরকারকে জনমুখী চাপে রাখার জটিল দায়িত্ব। ভোটের পর ছ'মাস অতিক্রান্ত। হিসেব নেওয়ার চেষ্টা করা যাক, এই সময়ে কারা কতটা এগোলেন। বা, পিছোলেন।

বি জে পি শুধুই পিছিয়েছে। কোনও সুসমাচার নেই এন ডি এ শিবিরে। জোটসঙ্গী চন্দ্রবাবু বিধ্বস্ত। জর্জ, মমতারা হতমান। চিরকালের জন্য 'প্রাক্তন প্রধানমন্ত্রী' হয়ে গেলেন বাজপেয়ী। জোটে তাঁর নেতৃত্ব টলে গেল। পরাজয়ের জন্য গুজরাটকে দায়ী করে তাঁর মানালি-মন্তব্য দলে অসন্তোষ আনল। বি জে পি-তে আদবানির পুনরুত্থান জোটসঙ্গীদের উদ্বেগে ফেলল। দুই প্রবীণ-প্রধান নেতার পর সামনে কে, দ্বিতীয় সারির বি জে পি নেতাদের মধ্যে প্রকাশ্য লড়াই শুরু হয়ে গেল। গোলমাল সামলে দলটাকে গোছাতে আদবানিকে আবার সভাপতি করা হল, কিন্তু সুবিধে হল না। ঝগড়া চলতেই থাকল, বেপরোয়া উমা ভারতী সর্বোচ্চ নেতৃত্বকে চোখ রাঙাতেও দ্বিধা করলেন না। বাজপেয়ীর চেয়ে আদবানি অনেক বেশি গ্রহণযোগ্য সঙ্ঘ পরিবারের কাছে। কিন্তু পরিবারেও বেজায় গোলযোগ, বিশৃঙ্খলা। বিশ্ব হিন্দু পরিষদ আদবানিকেও মানতে নারাজ। তোগাড়িয়া, গিরিরাজ কিশোর, সিঙ্ঘলরা সরাসরি আক্রমণ করলেন রথকৃষ্ণ আদবানিকে। আশা ছিল, যদি মহারাষ্ট্রে জেতা যায়। জিতলে, চাকা ঘুরবে। হল না। বি জে পি-তে বদল বলতে একটাই, পুতুল সভাপতির বদলে আসল সভাপতি।

কংগ্রেসে অনেক সুখবর। সোনিয়ার নেতৃত্ব এমনই অবিসংবাদিত যে, দ্বিতীয় সারিতে ঝগড়ার কোনও সুযোগ নেই। প্রধানমন্ত্রিত্ব প্রত্যাখ্যান করে অনেক ওপরে উঠে গেছেন নেত্রী। মহারাষ্ট্রে জয়, অরুণাচলেও। রাহুল গান্ধী, শচীন পাইলট, নীতিন প্রসাদ, জ্যোতিরাদিত্য সিন্ধিয়া— একেবারে নতুন প্রজন্মের নেতাদের সামনে এনে ফেলা গেছে। উত্তরপ্রদেশে রাহুলকে নামিয়ে একই সঙ্গে বি জে পি এবং সমাজবাদী পার্টিকে দুশ্চিন্তায় ফেলে দিয়েছেন সোনিয়া। নেতৃত্বের ছড়ি নিজের হাতে রেখেও মনমোহনকে প্রধানমন্ত্রী হিসেবে দেখানোর কাজটাও একটু এগিয়েছে। যদি এখনই আবার ভোট হয়, কমার প্রশ্ন নেই, একটু হলেও বাড়বে কংগ্রেস।

বি জে পি পিছিয়েছে, কংগ্রেস এগিয়েছে, গত ছ'মাসে বামপন্থীদের কী হল? সহজ ঝুঁকিহীন উত্তর— একই জায়গায়। কিন্তু, কোনও কিছুই তো একই জায়গায় থাকে না। সি পি এম নিশ্চিত, কেরলে বিধানসভা নির্বাচনে জিতে ক্ষমতায় আসবে বামফ্রন্ট। কিন্তু তার পর? বা, তা ছাড়া? সমর্থিত সরকার দিল্লিতে থাকায় কতটা সুবিধে হবে পশ্চিমবঙ্গের, ক্রমশ প্রকাশ্য। কিন্তু অন্য বা আসল দিকটি তো রীতিমতো ঝামেলাময়। সোনিয়া গান্ধী বামপন্থীদের গুরুত্ব দিচ্ছেন, অন্তত প্রকাশ্যে। সোনিয়ার কথাবার্তায় এক বাম দলের নেতা এতটাই মুগ্ধ যে, বলছেন, কাছে না এলে জানতে পারতাম না, উনি কত পরিণত। এই নেতার দল কংগ্রেসকে সমর্থনের ব্যাপারে কুণ্ঠা প্রচারে দ্বিধাহীন। প্রধানমন্ত্রী মনমোহন সিং বামপন্থীদের দেশপ্রেমিক বলেছেন। বাম সমর্থনকে এই সরকারের সম্পদ বলেছেন। বলেছেন। কিন্তু কী করেছেন? প্রধানমন্ত্রী মনমোহন, অর্থমন্ত্রী চিদম্বরম, যোজনা আয়োগের উপপ্রধান মন্টেক সিং আলুওয়ালিয়া— একেবারে প্রথম সারির বিশ্বব্যাঙ্ক টিম! শিল্পপতিরা মধুর বার্তা পেলেন, শেয়ার সূচক হু-হু করে চড়ল। কিন্তু, শীত পড়ছে, সোনিয়ার চা-এর চাদর আর কতটা সামলাবে। যোজনা আয়োগে পরামর্শদাতা কমিটিতে বিদেশি বিশেষজ্ঞদের আনলেন মন্টেক, অবশ্যই মনমোহনের অনুমোদনে। বামপন্থী নেতাদের সোনিয়া বলেছেন, তিনি জানতেন না। হতে পারে, শোনা যায় সোনিয়া মিথ্যে কথা বলেন না। যোজনা আয়োগে কোনও স্তরে বিদেশি (মূলত আমেরিকাপন্থী) বিশেষজ্ঞদের আনা চলবে না, বামপন্থীরা সরব হলেন। জ্যোতি বসু রাখঢাক না করে মন্টেককে বললেন, 'বিশ্বব্যাঙ্কের লোক'। ওই বিদেশিদের সরে যেতে হবে। কিন্তু, যে বামপন্থী অর্থনীতিবিদ্‌রা পরামর্শদাতা কমিটিতে ছিলেন, তাঁরাও তো আর থাকলেন না। কমিটিগুলোই ভেঙে দেওয়া হল। বামপন্থীদের জয়— এ কথা বলা যাবে না। বিদেশি বিনিয়োগের ক্ষেত্রে একটু থমকে দাঁড়িয়ে আছে মনমোহন সরকার। কিন্তু, চিদম্বরম দেশে-বিদেশে বলে চলেছেন, আটকাবে না, হয়ে যাবে। প্রভিডেন্ট ফান্ডে সুদের হার বাড়াতে হবে, বামপন্থীদের এই দাবি কিছুটা মানা হবে বলে শোনা যাচ্ছে, কিন্তু এখনও কিছু হয়নি। পেট্রল-ডিজেলের দাম বাড়ানোর ক্ষেত্রে বামপন্থীদের চাপে অনেকটা সময় নিয়েছেন মনমোহন। কিন্তু যখন বাড়ালেন, মাত্রাজ্ঞানটুকুও দেখা গেল না। রান্নার গ্যাসের দাম বাড়ল এক লাফে কুড়ি টাকা। আরও মারাত্মক, প্রতি মাসে পাঁচ টাকা করে বাড়ানোর অভূতপূর্ব সিদ্ধান্ত। বামপন্থী নেতারা এখন সোনিয়াকে গিয়ে বলতেই পারেন, আপনিই বলুন, আমরা কী করে আপনাদের সমর্থন জানাব? কী করে মানুষকে বোঝাব যে, আমরা আপনাদের চাপে রাখতে পারছি? কী উদাহরণ দেব, যেখানে আমাদের চাপে আপনারা অন্য কিছু করলেন? শুধু সকালের চায়ে বা রাতের স্যুপে এই প্রশ্নের চিঁড়ে ভিজবে না।

এখন প্রশ্ন, মনমোহন-চিদম্বরম-মন্টেক টিমের উত্তরোত্তর জন-বিরোধী সিদ্ধান্তের সামনে দাঁড়িয়ে কী করবেন বামপন্থীরা? কী করতে পারেন? সরকারে নেই, সুতরাং প্রকাশ্য সমালোচনায় বাধা নেই। বেশ। কিন্তু শুধুই সমালোচনা শুনে বাম সমর্থকেরা সন্তুষ্ট থাকবেন কেন? তাঁরা তো কিছু উদাহরণ চাইবেন, যেখানে চাপে রাখা যাচ্ছে, প্রভাবিত করা যাচ্ছে। গত লোকসভা নির্বাচন নিঃসন্দেহে ছিল বি জে পি জোট বনাম বি জে পি-বিরোধীদের লড়াই। সমর্থন করতেই হত ইউ পি এ সরকারকে। এখনও পর্যন্ত রুপোলি রেখা দুটি। এক, শিক্ষায় গৈরিকীকরণের প্রক্রিয়া বন্ধ হয়েছে। দুই, ইস্কো এবং আরও দু-একটি রাষ্ট্রায়ত্ত সংস্থাকে চাঙ্গা করা হচ্ছে। রাষ্ট্রায়ত্ত শিল্পের অনেক কর্মী শারদোৎসবের মুখে বকেয়া বেতন পেয়েছেন। লাভজনক রাষ্ট্রায়ত্ত সংস্থা বিক্রির মহোৎসব বন্ধ হয়েছে। কিন্তু, অন্ধকারের দিকটা যে অনেক বেশি প্রবল। কী করবেন বামপন্থীরা?

এখনই সমর্থন প্রত্যাহার সম্ভব নয়। উচিতও নয়। বি জে পি-কে কোনওভাবেই সুবিধে দেওয়া যাবে না, এটাই জনরায়। বি জে পি দুর্বল হচ্ছে, ক্ষমতাবিচ্ছিন্ন রাখতে পারলে দলটা আরও দুর্বল হবে, ওদের ঝগড়া উত্তরোত্তর বাড়বে। জোটসঙ্গীরা ছিটকে যাওয়ার সুযোগ খুঁজবে। সুতরাং, অপেক্ষা করো। কিন্তু, এই অপেক্ষার সময়টায় কংগ্রেস তো বসে থাকছে না। শক্তি বাড়াবে, বাড়াচ্ছে। সমর্থনের বাধ্যবাধকতা আছে বামপন্থীদের, কংগ্রেস জানে। সোনিয়ার বেড়ে-যাওয়া জনপ্রিয়তা এবং কেন্দ্রে ক্ষমতার জোরে কংগ্রেস আরও শক্তিশালী হওয়ার চেষ্টা করবে, স্বাভাবিক। সময়-সুযোগ বুঝে অন্তর্বর্তী ভোট যদি ডেকে আনে কংগ্রেস এবং অন্যদের ওপর, বামপন্থীদের ওপর অনেক কম নির্ভরশীল থেকে সরকার গড়ে, মনমোহনদের ঠেকাবে কে? তৃতীয় শক্তির কথা এখনও শোনা যায় মাঝেমধ্যে, কিন্তু নিতান্তই বলার জন্য বলা। লালুপ্রসাদ, এমন-কি ভি পি সিং-ও কংগ্রেসের নেতৃত্ব মেনে নিয়েছেন। মুলায়মের সঙ্গে বি জে পি-র গোপন বোঝাপড়া। একটি আসনে জিতে লোকসভায় আসার বাইরে আর কোনও ক্ষমতা নেই চন্দ্রশেখরের। যত ছোটই হোক, তৃতীয় শক্তি হওয়ার চেষ্টা নিজেরাই করতে পারেন বামপন্থীরা। কিন্তু সে-পথেও অনেক কাঁটা। দেখুন, এ রাজ্যেই অনেক চেষ্টা করে এস ইউ সি-র সঙ্গে পরোক্ষ জোট করতে পারেনি বামফ্রন্ট। উগ্র বামপন্থীরা সি পি এম তথা বামফ্রন্টকে শত্রু বিবেচনা করেন, 'শত্রুর শত্রু আমাদের বন্ধু'— এই সূত্র মেনে কখনও কখনও একেবারে বিপরীত শিবিরের সঙ্গেও হাত মেলান। তা হলে, কী করবে সি পি এম? বামফ্রন্টের অন্য শরিকরা? এ এক নতুন সমস্যা, যা বি জে পি জমানায় ছিল না। সাম্প্রদায়িক জোট পরাস্ত, লোকসভায় শক্তি বেড়েছে, তবু প্রবল দুশ্চিন্তায় বামপন্থীরা। বি জে পি-কে আরও দুর্বল করে দিতে অন্তত দুটো বছর সরকারকে সমর্থন? কিন্তু এই দু'বছরে যদি অনেক বেশি শক্তি সঞ্চয় করে জন-বিরোধী স্টিমরোলার চালানোর জায়গায় চলে আসে কংগ্রেস? যেন বি জে পি দুর্বলতর হয়, কিন্তু কংগ্রেস খুব বেশি শক্তিশালী নয়, এই প্রার্থনা করে যেতে হবে? প্রার্থনা তো বামপন্থীদের পথ হতে পারে না।

Red flag up against fuel price hike

HT Correspondents
Kolkata/ New Delhi, Nov 5

THE LEFT in Bengal will hit the streets with a weeklong agitation from November 8 and hold a rally in Kolkata the next day in protest against the petroleum price hike announced last night. Chief Minister Buddhadeb Bhattacharjee has already written a protest letter to the Centre.

Calling the decision unnecessary, Left Front chairman Biman Bose said the hike had been announced just when international prices of crude had begun falling.

"The Centre is deviating from the common minimum programme which makes it binding on it to work in the interest of the common man. It's not consulting us before making major policy decisions. We have always sought a restructuring of import and excise duties to keep petroleum prices under control. The Centre has ignored our demands," he added.

Left punch

- Statewide stir from Monday, rally in Kolkata on Tuesday
- Price hike not necessary because crude costs are falling
- Centre deviating from common minimum programme
- UPA following NDA's regressive policies

Jyoti Basu said, "We had told them not to go for a hike right now. But I read in the newspapers today that the government had again raised the prices of petroleum products. I don't know why they are behaving like this".

Denying charges that CPI(M) politburo member Sitaram Yechury had endorsed the hike, party state secretary Anil Biswas said, "Communists never indulge in double-dealing. We will organise agitations seeking a rollback in the prices."

In Delhi, the CPI(M) politburo said it had repeatedly told the government to meet the rise in global oil prices by lowering Customs and excise duties. The decision to dismantle the administrative price mechanism (APM) had come with an assurance that duties on all subsidised petroleum products would be slashed to zero per cent. Had the promise been kept, there would have been no need to raise the prices, it added.

"Not raising the price of kerosene was no big favour because it isn't imported. The hike in the LPG price will hit millions. The diesel price hike will have a cascading effect, fuelling inflation," the politburo noted. CPI secretary D. Raja said the government raised the prices without heeding the Left.

6 NOV 2004 THE HINDUSTAN TIMES

Left to intervene in UPA moves

Our Political Bureau
NEW DELHI 31 OCTOBER

THE Left, which forced the government to put off a decision on a hike in the prices of petro products, on Sunday indicated that there will be frequent interventions by them in the Manmohan Singh government's policy matrix. Dubbing some of government's moves as "flawed," the Left has cautioned it against straying from the CMP. The CPM and CPI in separate resolutions have laid out a framework for the Left parties' support to the Congress-led coalition at the Centre. The CPM's three-day central committee meeting, which ended on Sunday formulated its draft political resolution to be placed before the party congress, in which it opposed any dilution of the CMP. It also decided to stick to its stand against the moves on raising FDI caps in certain sectors, reducing the interest rate of provident fund, privatisation of airports and the patents bill, party sources said.

The CPI's national council, after its two-day session, adopted a

LEFT-HAND DRIVE

report calling for mass movement to protest against "anti-people" measures and ensure that steps of urgent concern to the common man are implemented. "The performance of the government during the five months has been mixed. The decisions taken are also mixed and on a number of issues flawed. Several of them stray from the path of the CMP. This has compelled the Left to protest, criticise and demand change and correction," the report said. A.B. Bardhan said announcements like reducing interest rate on provident fund, raising the FDI cap in telecom and insurance sectors, moves on privatisation of major aiports and ports, proposed liberalisation in the banking sector will face opposition from the Left.

"As long as the UPA government implements the CMP and works within its framework, it will continue to have the full support and cooperation of the Left," Mr Bardhan told reporters here. On land reforms, Mr Bardhan threatened that the party will launch a mass movement if speedy steps were not taken by government to redistribute land.

SINGH: BUMP AHEAD?

01 NOV 2004 The Economic Times

Left will not oppose petrol price hike

Agencies
New Delhi, October 22

AFTER MONTHS of stonewalling, the Left today gave the first clear hint that it would not oppose a hike in the domestic prices of petrol.

A.B. Bardhan and D.Raja of the CPI met petroleum minister Mani Shankar Aiyar, who tried to get them to agree to a petroleum price hike. With domestic oil marketing companies hit by the spiralling international prices of oil, the Left leaders are now ready to accept that a hike in domestic prices could be necessary.

"We did not put too much pressure on the issue of petrol prices. It is clear that the price mechanism has to work somewhere so that our oil companies do not run into losses," Bardhan said.

But the Left is still largely opposed to a hike in the prices of diesel as also of LPG and kerosene, because it could fuel inflation. It has also recommended more cuts in the excise and customs duties on crude oil.

Aiyar wants the issue discussed with the Prime Minister. "I will continue my dialogue process. The decision will not be taken by me but by the Prime Minister," he said.

Oil companies are losing nearly Rs 5,000 crore every year because of the subsidy burden and the lack of political will to raise petrol prices.

THE HINDUSTAN TIMES 23 OCT 2004

Corruption in party a dangerous trend, says Anil

Statesman News Service

KOLKATA, Oct. 15. — Atheism can have nothing to do with introspection if Bengal's communists want to use the festive issue of their party mouthpiece to talk about things as crucial as deviation, corruption and internal cleansing.

The CPI-M state secretary, Mr Anil Biswas, has done exactly this in his article, CPI-M *er truti sonsodhan abhijan* (the CPI-M's exercise to correct mistakes) in the festive number of Ganashakti which is to hit the stands all over.

Using the typical Marxian analysis of class and class structure as the base of his article, Mr Biswas has interpreted deviations, corruption and anti-people behaviour as effects of change in a bourgeois society in his six-page article.

"Since the party had to form an electoral alliance with the bourgeois parties in many states over the past decade, we have noticed their effect on our party in other states (excepting West Bengal and Kerala), " writes Mr Biswas referring to the correctional exercise being carried out by the CPI-M central committee since 1997.

There has been a tendency among party members to contest and win Parliamentary seats in elections sometimes "even rising above the party," says Mr Biswas.

Mr Anil Biswas

Moreover, there has been a lack of communist thinking (among members) leading to lack of development in the thought process. "Corruption has been noticed, even in states where the party has a weak presence. Although the rate of corruption in the communist party is much less, the trend is dangerous".

Among other shortcomings noticed among party members are lack of interest in the organisation, not organising meetings at the branches and flouting organisational rules.

The deviations witnessed among party members in West Bengal cannot be called minor, if one goes by the admission of the state secretary:

a) The attitude of submission (among party functionaries), ignoring shortcomings.

b) Lack of transparency and coordination between the party and different organisations of the Left front government

c) Lack of communist idealism and often getting involved in immoral activities. "The party has stated time and again that members stay away from land deals, refrain from using position for the benefit of family members...", says Mr Biswas.

d) Internal differences and factional feuds leading to splinter groups. "These often help people with questionable character get plump posts in the party," admits Mr Biswas

e) The stipend given to whole time members is less than adequate. This often compels them to indulge in immoral activities.

f) Often it is a leader's personal liking that decides allotment of job among party workers. This can be frustrating for the talented, says Mr Biswas.

While delving into details of the possible solutions to these problems the party secretary has stressed on "struggle" within the CPI-M to keep it clean and take action against erring members and leaders.

THE STATESMAN

Surjeet never called Kher an RSS man: Yechury

HT Correspondent
New Delhi, October 15

CPM LEADER Sitaram Yechury on Friday said ousted Censor Board chief Anupam Kher had not been referred to as an 'RSS man' in any article in his party mouthpiece. The denial comes a day after Kher sent a legal notice to CPM general secretary Harkishan Singh Surjeet for allegedly dubbing him an "RSS man" in an article in the *People's Democracy*, a CPM organ.

In the article by Surjeet, Kher was referred to "as an appointee of the earlier government," Yechury, who is the editor of the mouthpiece, said when asked to comment on the matter.

The CPI(M) leader said actor Vijay Anand had also been removed as the chief of the Censor Board before his term ended.

Kiran raps Surjeet

LIKE HER husband, actress Kiran Kher today trained her guns on Harkishen Singh Surjeet for the removal of Anupam Kher and said the family would fight it out.

"It's a political game played at the behest of Surjeet. The aim of the Congress leadership was to please Surjeet and bend to his dictates", she said here.

PTI, Chandigarh

Do we need the board?

Farida Shaikh
Mumbai, October 15

ANUPAM KHER is said to have annoyed the present government with his refusal to clear *Final Solution,* the controversial documentary on the Gujarat riots.

The film was cleared recently by a panel and Kher himself allegedly after pressure from the government.

Says the film's director Rakesh Sharma, "Even though my film has been finally cleared, I am for disbanding the Censor Board. A few people have no right to decide what the country needs to watch. And who are these panel members? They happen to be some corporator's wife or some MLA's sister-in-law.

Sharma feels the guidelines were archaic. "The media has changed tremendously since they were framed in 1952. There is an explosion of satellite TV. So you can watch Praveen Togadia getting away with hate speech on TV, but if it is shown in a film, the board has a problem," he says.

He adds a rating agency should replace of the Censor Board, as is the system in the United States.

In 30 years of his career, documentary film-maker Anand Patwardhan has clashed with the Board on several occasions. "For my last film *War and Peace* (based on India and Pakistan's nuclear tests) I was ordered 21 cuts. Instead, I approached the HC and got it cleared. The CBFC stands for Central Board of Film Certification, not Censor Board. The Constitution guarantees us freedom of expression but the CBFC goes overboard in everything it does."

Film-maker Prakash Jha says censorship should be left to society. He says a Censor Board is not needed because "each political party gets its own ideology in it."



(Top) Anupam Kher & Sitaram Yechuri
Pulling no punches

HINDUSTAN TIMES 16 OCT 2004

THE HINDUSTAN TIMES
13 OCT 2004

Left welcomes US investments

HT Correspondent
Kolkata, October 12

MONEY HAS no colour. That's exactly what the government told US representatives today, meaning leftist Bengal would honour its new-found mantra.

Chief minister Buddhadeb Bhattacharjee told a US businessmen's delegation, that Bengal would wholeheartedly accept American investments. George N. Sibley, US consul-general in Kolkata, was part of the delegation.

Commerce and Industry Minister Nirupam Sen, present during the hour-long meeting at Writers' Buildings, told reporters later that Bhattacharjee made it clear to the delegation that the government had "no problems with FDI in the state". The Left though wants a cap on FDI hike in sectors such as civil aviation, insurance and telecommunication.

Sen said the government promoted the state as an ideal investment destination through an audio-visual presentation, inviting investments in IT, food processing, energy, engineering, automobiles, petrochemicals and infrastructure sectors.

Sen said the US delegation was keen to know if a direct flight could be started between Kolkata and a US city.

Bhattacharjee had discussed such a possibility with Union civil aviation minister Praful Patel during the latter's recent visit to the city, the delegation was told.

In a broad hint that the delegation was not happy with the condition of the state's roads and infrastructure, Sen said: "They raised certain issues relating to infrastructure development..."

Corroborating Sen's statement, Sibley told reporters that the CM had assured the delegation that US businessmen would have smooth sailing in the state. "We are optimistic about the initiatives of Bhattacharjee and his colleagues."

উঃ-পূর্বেই মার্কিন প্রশিক্ষণ নিয়ে বামেরা এত কাল চুপ ছিল

স্টাফ রিপোর্টার, নয়াদিল্লি, ৭ অক্টোবর: উত্তর-পূর্ব ভারতে জঙ্গি নিয়ন্ত্রণে মার্কিন গোয়েন্দা সাহায্যের প্রস্তাব নিয়ে বামপন্থীরা শোরগোল করছেন, অথচ সেখানেই মার্কিন বাহিনী ভারতীয় সেনাদের জঙ্গিসন্ত্রাস মোকাবিলার প্রশিক্ষণ দিয়েছে। তা নিয়ে বামেদের আপত্তি শোনা যায়নি।

ভারত-মার্কিন যৌথ সামরিক অনুশীলনের অঙ্গ হিসাবে এ বছরের ফেব্রুয়ারি মাসেই মিজোরামের গভীর অরণ্যে গিয়েছিল মার্কিন সামরিক বাহিনীর একটি দল। সেখানে ভারতীয় সেনাবাহিনীর কমান্ডোদের সঙ্গে অনুশীলন করে মার্কিন ফৌজিরা। প্রতিরক্ষামন্ত্রক সূত্রে বলা হয়েছিল, 'কাউন্টার ইন্সারজেন্সি' বা জঙ্গিপনা প্রতিরোধের বিভিন্ন কায়দার মহড়া দিতেই ওই অনুশীল হয়েছিল। মিজোরামের ভাইরাং এলাকার জঙ্গলে প্রায় দু'সপ্তাহ চলেছিল যৌথ মহড়া।

বামপন্থীদের তীব্র আপত্তির মুখে ইজরায়েলের সঙ্গে এই রকম কোনও যৌথ মহড়ায় অংশ নিতে পারেনি ভারতীয় বাহিনী। যদিও ইজরায়েল এবং প্রতিরক্ষামন্ত্রকের একাংশ মনে করে, এই ধরনের অনুশীলন হলে তা কার্যকরী হত। কিন্তু গত সরকারের আমল থেকে আমেরিকার সঙ্গে যে যৌথ মহড়া শুরু হয়েছিল, তা এই সরকারের আমলেও বহাল তবিয়তে চলছে। এই মুহূর্তে আরব সাগরে দুই দেশের নৌবাহিনীর মধ্যে 'মালাবার এক্সারসাইজ' চালু রয়েছে। সেখানে পেন্টাগন পরমাণু অস্ত্র বহনে সক্ষম সাবমেরিন পর্যন্ত পাঠিয়েছে। প্রতিরক্ষা মন্ত্রক মনে করে, সামরিক সহযোগিতার ক্ষেত্রে ভারতের সঙ্গে আমেরিকার সম্পর্ক এখন অতীতের থেকে অনেক মজবুত।

কেবল উত্তর-পূর্ব ভারতই নয়, মার্কিনদের সঙ্গে আস্থাবর্ধক পদক্ষেপের জেরে ভারত পেন্টাগনের প্যাসিফিক কমান্ডকে পা রাখতে দিয়েছে জম্মু ও কাশ্মীর মতো স্পর্শকাতর এলাকাতেও। গত বছর লাদাখে দুর্গম পার্বত্য এলাকায় যুদ্ধের মহড়া দিয়ে গিয়েছেন মার্কিন স্পেশাল ফোর্সের সেনারা। অতীতে পাক অধিকৃত কাশ্মীরে মার্কিন বাহিনী অনুশীল করেছে। কিন্তু লাগাখের তুলনায় তার উচ্চতা ছিল কম। ফলে উঁচু এলাকায় যুদ্ধের জন্য যে বিশেষ কৌশল দরকার, লাদাখে ভারতীয়দের কাছে তা কার্যত শিখে গিয়েছে পেন্টাগনের যোদ্ধারা। সেনাবাহিনী, বিমান ও নৌসেনা, প্রতিরক্ষার তিনটি বিভাগেই এই রকম যৌথ মহড়া চালাচ্ছে ভারত ও আমেরিকা।

'মালাবার'-এর পরে এ বছর নতুন কোনও যৌথ মহড়া নেই। কিন্তু সামনের বছরের গোড়ার দিকে 'এক্সারসাইজ কোপ ইন্ডিয়া'র পরবর্তী পর্যায় শুরু হয়ে যাবে। সেখানে দুই দেশের বিমানবাহিনীর পাশাপাশি সেনাবাহিনীও অংশ নেবে।

ANADABAZAR PATRIKA 8 OCT 2004

Left dependent on Congress: Basu

HD·11 2\10

KOLKATA, OCT. 3. Veteran Marxist leader Jyoti Basu today said the Left parties, externally supporting the UPA Government at the Centre, were as much dependent on alliance leader Congress, as it was on the support of the Leftists, to keep the BJP away.

"This is a peculiar situation. Today, we are supporting the Congress which we had opposed for the last 45 years. We are dependent on them as much as they are dependent on us. The BJP is responsible for this," Mr. Basu said at a function to commemorate the birth centenary of renowned Communist leaders A.K. Gopalan and B.T. Randive. Mr. Basu said that as a parliamentarian, Gopalan had worked both inside and outside the House in using the parliamentary system for the good of the poor and the working class, thereby increasing the acceptability and prestige of Communist Party.

Scope for growth

"Although our party is still small in terms of national presence, there is scope for its growth. Gopalan was a typical Communist in that he loved to be with the people. Today, we have to do just that in order to expand our party. The mass organisations would have to be strengthened," he said.

Recalling his association with Gopalan since the inception of the Communist Party, Mr. Basu described him as an 'excellent' human being who could not stay away from any democratic movement anywhere in the country. — PTI

THE HINDU 4 OCT 2004

Left parties very much part of Plan process: Yechury

By Our Staff Reporter

HYDERABAD, OCT. 2. The Communist Party of India (Marxist) Polit Bureau member, Sitaram Yechury, says the Left parties remain very much part of the Planning process despite the dissolution of the consultative committees attached to the Planning Commission.

Speaking at a meeting organised by the CPI(M)-affiliated Centre of Indian Trade Unions on Foreign Direct Investment here today, Mr. Yechury ridiculed reports that the Left had been "thrown out of the Planning process" along with the representatives of the foreign organisations they had objected to.

All Planning Commission proposals had to be passed by the National Development Council comprising the Chief Ministers. "We have two Chief Ministers representing the Left there while the World Bank has none, now that [the former Andhra Pradesh Chief Minister, N. Chandrababu Naidu] has been thrown out by the people of Andhra Pradesh," Mr. Yechury said. Parliament also had a central role to play in the Planning process and there too the Left had a "robust" voice.

He disagreed that the dissolution of these consultative bodies was a setback to the Planning process. The Planning Commission had worked for more than half a century without such bodies.

The CPI(M) had no objection to foreigners being consulted but was dead set against involving foreign organisations, "with their own economic agendas and which were not answerable to the Indian people," in the Planning Commission's work.

Mr. Yechury set out a three-point test for Foreign Direct Investment. "We have no black and white position on FDIs," he said and added that these had to be judged on a "case-by-case basis." FDIs should increase productive capacity, bring in new technology and generate employment for it to be necessary and beneficial for the country. Increasing FDI in the telecom and insurance sectors did not meet any of these criteria, he claimed. Moreover, foreign control of telecom would compromise India's security.

The insurance sector was the largest contributor to Plan funds with a corpus of over Rs. 1 lakh crores. This money, which was the savings of millions of working Indians, should not be handed over to multinationals to increase their profits but should to used to meet Plan targets.

Why were the committees dissolved, asks CPI leader

By Our Special Correspondent

PATNA, OCT. 2. The secretary of the Communist Party of India, D. Raja, today took exception to the dissolution of the consultative committees of the Planning Commission.

Talking to the media, Mr. Raja said the Prime Minister, Manmohan Singh, and the Centre must be aware of the "autocratic behaviour" of the bureaucracy. There was no logic in dissolving the committees and the Centre should explain the action.

He said the Left parties had only opposed the inclusion of the foreign experts in the committees as "outsiders with their agenda" were not compatible in a sovereign dispensation. The committees provided a forum for a cross-section of people to represent their opinions.

However,the Prime Minister, Manmohan Singh, had assured them that he would look into issues and concerns of the Left and evolve a mechanism to resolve the impasse. The bureaucracy needed to be streamlined and made pro-poor and sensitive to the needs of the common people, he said.

Mr. Raja said that Dr. Singh should keep in mind the new balance of power while taking decisions and not think that the situation was the same as in 1980 or 1990 when the Congress was the sole party heading the government.

The honeymoon period was over and it was time that the United Progressive Alliance Government performed in accordance with the National Common Minimum Programme. The Left parties wantedthe Government to be stable, but to also heed to what the Left, which was supporting it from outside, had to say.

Mr. Raja said the Left was not against foreign direct investment *per se* but was against raising its cap in the telecom and insurance sectors to 74 per cent as they were not in the national interest.

THE HINDU

3 OCT 2004

মনমোহন সব যোজনা-উপদেষ্টা কমিটি ভাঙলেন

আজকালের প্রতিবেদন: দিল্লি ও কলকাতা, ৩০ সেপ্টেম্বর— যোজনা জট খুলল না। নতুন বিতর্ক উঠল। কারণ প্রধানমন্ত্রীকে আগাম না জানিয়ে গঠন করা যোজনা কমিশনের সব উপদেষ্টা কমিটিই বাতিল। খোদ প্রধানমন্ত্রী ও যোজনা কমিশনের চেয়ারম্যান ড. মনমোহন সিংয়ের নির্দেশে ডেপুটি চেয়ারম্যান মন্টেক সিং আলুওয়ালিয়ার দপ্তর থেকে যতটা সম্ভব নির্বিষভাবে দেওয়া হয়েছে এই খবর। কিন্তু শুধু এই কমিটিগুলি ভেঙে দিয়েই ক্ষান্ত হননি প্রধানমন্ত্রী। প্রচলিত পদ্ধতি অনুযায়ী এই ধরনের কোনও কমিটিই গঠন করতে নিষেধ করেছেন যোজনা কমিশনকে। নির্দেশ দিয়েছেন, আগেকার ব্যবস্থা মাফিক মিড টার্ম অ্যাপ্রাইজাল বা যোজনার মধ্যবর্তী মূল্যায়নের সময় কিছু বাছা বাছা অর্থনীতিবিদের পরামর্শ নেওয়া হোক। কোনও উপদেষ্টা কমিটিই রাখার দরকার নেই। বামপন্থীরা বিদেশি উপদেষ্টাদের বাদ দেওয়ার দাবি জানিয়েছিলেন। কিন্তু কার্যক্ষেত্রে দেখা গেল, বিদেশিদের সঙ্গে বাদ গেলেন বামপন্থী উপদেষ্টারাও। প্রধানমন্ত্রীর এই সিদ্ধান্ত নিয়ে স্বাভাবিকভাবেই প্রশ্ন তুলেছেন বাম নেতারা। আজ এ ব্যাপারে সি পি এমের রাজ্য সম্পাদক অনিল বিশ্বাসকে প্রশ্ন করা হয়। তিনি বলেন, সীতারাম ইয়েচুরি আগামীকাল প্রধানমন্ত্রীর সঙ্গে দেখা করবেন। উপদেষ্টা কমিটি সম্পর্কে ব্যাখ্যা চাইবেন। বলবেন, যোজনা আয়োগ একটি সাংবিধানিক প্রতিষ্ঠান। বাতিল হওয়া উপদেষ্টা কমিটির সদস্য বাম অর্থনীতিবিদরাও সরকারের কৌশল সম্পর্কে সন্দিহান। সি পি এম পলিটব্যুরো সদস্য এম কে পান্ধে ছিলেন যোজনার শ্রম উপদেষ্টা কমিটিতে। তাঁর সম্মতি নিয়েই তাঁকে সদস্য করা হয়েছিল। এবং সেই কমিটির বৈঠক হওয়ার কথা ছিল আগামীকাল। এ অবস্থায় পান্ধে আজ সাংবাদিকদের মাধ্যমে জানতে পারেন, সব কমিটিই বাতিল। পরে পান্ধে 'আজকাল'কে বলেন, আগামীকাল পলিটব্যুরো বৈঠকে আলোচনার পর দল আমাদের অবস্থান জানাবে। তবে আমি ব্যক্তিগতভাবে আজ মনে করছি, বিদেশিদের হটানোর দাবি করায় আমাদেরও যথেষ্ট হেনস্থা করা হল। এদিকে, এই সিদ্ধান্তে বামরা বেঁকে বসতে পারেন বুঝে প্রধানমন্ত্রী মনমোহন সিং আগামীকাল প্রাতরাশের আমন্ত্রণ জানিয়েছেন সি পি এম, সি পি আই, আর এস পি ও ফরওয়ার্ড ব্লকের নেতাদের। সুরজিৎ, সীতারাম ইয়েচুরি, ডি রাজা, অবনী রায় ও দেবব্রত বিশ্বাস যাবেন প্রাতরাশ বৈঠকে। সি পি এম ও সি পি আই আজ যোজনা কমিশনের সিদ্ধান্তকে স্বাগত জানিয়েও কিছু প্রশ্ন তুলেছে। কিন্তু আর এস পি ও ফরওয়ার্ড ব্লক কমিটি বাতিলে সন্তোষ প্রকাশ করেছে। সি পি এম সাধারণ সম্পাদক সুরজিৎ জানান, তিনি যোজনা কমিশনের খবর পেয়েছেন, কিন্তু এ নিয়ে এখনই কোনও মন্তব্য করবেন না। যা বলার বলবেন কাল প্রধানমন্ত্রীর সঙ্গে কথা হওয়ার পর। অর্থাৎ কমিটি বাতিল করে বিদেশিদের সঙ্গে বাম সদস্যদেরও বাদ দেওয়া নিয়ে ব্যাখ্যা চাইবেন বৈকি! সি পি আই কেন্দ্রীয় সম্পাদকমণ্ডলীর

এরপর ৫ পাতায়

যোজনার উপদেষ্টা কমিটি বাতিল

১ পাতার পর

সদস্য ডি রাজা বলেন, যোজনা কমিশনের সিদ্ধান্তে প্রমাণ হল বামপন্থীদের মতামতকে এ সরকার কোনওমতেই অগ্রাহ্য করতে পারে না। এখন অবশ্য সরকারকে বলতে হবে, কমিটিগুলি বাতিল করে দেওয়ার যুক্তি কী? যদি প্রচলিত পদ্ধতিতেই ফিরে যেতে হয়, তা হলে উপদেষ্টা কমিটি গড়া হয়েছিল কেন? তখন এ কথা মনে করা যায়নি? এ কি ছেলেখেলা? আর এস পি-র অনীল রায় বলেন, সরকারের সিদ্ধান্তে আমরা মোটামুটি খুশি। এই ঘটনার আগে পর্যন্ত সরকার যেভাবে বামপন্থীদের সঙ্গে পরামর্শ করে কাজ করেছে, সেভাবেই করুক। সাধারণ গরিব মানুষ যাতে সরকারি সিদ্ধান্তে আরও সুবিধায় না পড়ে, যাতে গ্রামীণ উন্নয়ন ও কর্মসংস্থান প্রকল্প যোজনায় সর্বোচ্চ গুরুত্ব পায় সেদিকে নজর দিক কমিশন। ফরওয়ার্ড ব্লক সাধারণ সম্পাদক দেবব্রত বিশ্বাস বলেন, যোজনা কমিশন সমস্ত উপদেষ্টা কমিটি ভেঙে দিয়ে স্বাগত জানানোর মতো কাজই করেছে। সংশ্লিষ্ট সমস্ত গোষ্ঠী ও ব্যক্তির সঙ্গে কমিশন এখন আলোচনা করতে পারবে। বিদেশিদের কমিটিতে নেওয়ার মতো ভুল যেন আর না হয়। তিনি বলেন, গোটা বিতর্কটাই ছিল অবাঞ্ছিত। প্রধানমন্ত্রীর আশ্বাস সত্ত্বেও লন্ডন থেকে উল্টো বিবৃতি দিয়েছিলেন মন্টেক সিং আলুওয়ালিয়া। বাতিল কমিটির সদস্য অন্যতম বাম অর্থনীতিবিদ সি পি চন্দ্রশেখর আজকাল-কে বলেন, আমাদের কথা শেষ পর্যন্ত সব মহলেরই সমর্থন পেয়েছে, এটাই উল্লেখ করব। এ ছাড়া আর কোনও মন্তব্য নয়। আসলে এই ধরনের বিতর্ক থেকে এবার মুক্তি চাইছি। শ্রম উপদেষ্টা কমিটির সদস্য ও সি পি এম নেতা পান্ধে বলেন, আমাদের জিজ্ঞেস করেই কমিটিতে নেওয়া হয়েছিল। কিন্তু কমিটি বাতিল করার আগে একবার জানানো পর্যন্ত হল না। এটা সরাসরি হেনস্থা। বিদেশিরা আর বামপন্থীরা কি এক গোত্রের যে বিদেশিদের বিদায় করতে বাম সদস্যদেরও খারিজ করা হল? নাকি এতে মন্টেক সিং আলুওয়ালিয়া প্রমাণ করতে চাইলেন, বিশ্বব্যাঙ্কের উপদেষ্টাদের থাকতে না দেওয়া হলে অন্য কাউকেই থাকতে দেওয়া হবে না? এতে আমাদের মৌলিক যুক্তিটাকেই অগ্রাহ্য করে দেওয়ার চেষ্টা হল। বোঝা গেল বিদেশি প্রভুদের খুশি করতেই মরিয়া হয়ে মন্টেক সব কমিটিই ভেঙে দিয়েছেন।

AAJKAL 2 OCT 2004

The Economic Times
2 OCT 2004

PM Ignores CPI Query On Disbanding Of Consultative Panels, Briefs On Foreign Tour

Forget biting, CPM cannot even bark

Our Political Bureau
NEW DELHI 1 OCTOBER

THE CPM on Friday lost its vocal chord at a meeting with Prime Minister Manmohan Singh as its representative Sitaram Yechury, the author of the "we-will-stop-barking-and-start-biting" statement, chose to remain silent over the decision of the government to disband the consultative panels of the Planning Commission. There were expectations that the CPM leader will take up the matter with the Prime Minister as his party had declared that the decision to dissolve the panel will not permit it silence.

It was left to CPI's D. Raja to take up the issue, which his party considers a "retrograde step". The card-holding members of the Left parties were members of the consultative panels and they were hoping to have a major say in the Plan process. As Sitaram Yechury chose to ignore the issue and seemed satisfied with the Prime Minister's exposition on his government's recent foreign policy initiatives at the breakfast meeting with the Left leaders, Mr Raja said the disbanding of the consultative panels was not a right step.

"Sir, why have to disbanded all the panels?" Mr Raja wanted to know. But the Prime Minister, sources said, chose to ignore the query and moved on to the agenda of the meeting — briefing Left leaders on his recent foreign visit. The silence of other members of the group obviously encouraged the Prime Minister to sidestep the issue. It was only on Thursday that Mr Yechury's senior colleague and Citu general secretary M.K. Pandhe had said the government should have at least informed the members about the decision. "Just because we are demanding that World Bank and ADB representatives should not be there in the Commission, Mr Ahluwalia should not have dissolved all committees," Mr Pandhe had said.

Incidentally, this is not the first time that Mr Yechury has displayed good behaviour before UPA leaders. There were reports that Mr Yechury was apologetic about the belligerent public posture of his party members at a recent meeting with Congress president Sonia Gandhi.

The other two Left formations, the RSP and the Foward Bloc, were satisfied with the dissolution of the consultative panels. They had no stake in the disbanded panels as members were drawn from the cadre of the CPM and the CPI. But before TV cameras outside the Prime Minister's residence, Mr Yechury was vocal in defending his party's opposition to the Plan panel's decision.



Famous Four: Left leaders Debabrata Biswas, D. Raja, Sita Ram Yechury and Abani Roy coming out of the Prime Minister's residence on Friday. — PTI

19 CONSULTATIVE GROUPS DISSOLVED

Foreign experts go, but Left sore

Statesman News Service

NEW DELHI, Sept. 30. — Outflanking the Left, the Planning Commission today dissolved all the 19 consultative groups, created for 'inputs' during the re-look at the 10th Five Year plan at the mid-term stage. The move, however, has drawn flak from the Left. While the Left appreciates that the foreigners from World Bank, ADB and McKinsey are no longer part of the consultative process, it is unhappy with the dissolution of the consultative groups.

Many Left leaders hold the view that the dissolution is a way of pleasing the World Bank and similar institutions. They didn't like the Planning Commission briefing the Press before consulting them. CPI-M Politburo member Mr MK Pandhe called it a "wrong step" meant to please the World Bank. Another Politburo member Mr Sitaram Yechury regretted that CPI-M had not been officially informed.

Mr Pandhe, who was in the committee, said he could not appreciate the decision as the entire consultation process has ended. The CPI pointed out that it wanted only the foreign experts associated with the World Bank and similar bodies to be moved out. While the Planning Commission has done that, it has "also thrown the baby with the bathwater," Mr Shamim Faizi said. Mr D Raja of the CPI said, the logic of the dissolution had to be explained.

The Commission had appointed about 400 members, including about 20 members of World Bank, ADB, McKinsey and other foreign bodies.

Five Leftist academics, members of various consultative groups, had threatened to resign.

A Planning Commission official said: "The earlier practice of consulting individuals separately as part of the mid-term appraisal process" will now begin. Technically, the dissolution of the groups will make little difference in the final report. For, instead of a formalised set of groups, members and advisers will be able to speak to people, regardless of their background, on an individual capacity. Nor will it delay the readying of the 10th Plan mid-term report, which should be placed before the Cabinet later this year.

In the past, during the readying of the 10th Plan for instance, advisers from all walks of life were consulted. Even today, nothing will stop a senior official from consulting someone from the World Bank, for example. An official said, the consultation process was a normal one in the past and the appointment of groups this year was different only in that it was a "protocol issue." Even during the formulation of the 10th Plan, about 5,000 people from unions, industry, academia and foreign experts were involved to see how people were reacting to the initial documentation. The working groups alone consulted 2,000 people and the sub-groups, more.

At the working group level, deeper into readying of the Plan, no foreign experts, members of donor agencies, individual companies, whether Indian or foreign, are involved, though sector experts and associations are asked for their opinions.

This was the first time the process of consultation was formalised. "In the past, people were called... given TA and DA. This year, the consultants were officially recognised," an official said today.

GDP rises by 7.4%

NEW DELHI, Sept. 30. — India's Gross Domestic Product (GDP) grew by 7.4 per cent in the first quarter of the current fiscal over the same period in 2003-04, mainly on account of significant growth in the manufacturing sector as well as the trade, hotels, transport and communication segment and community, social and personal services. — SNS

Details on page 11

THE STATESMAN · 1 OCT 2004

PROMISE TO LOOK INTO EXPERTS ISSUE

Great faith in Left: PM

Nilove Roy Chaudhury in Geneva

Sept. 27. — The Prime Minister said today that he had "great faith in the inherent patriotism of our colleagues in the Left parties". Speaking to the media on board his aircraft, Dr Manmohan Singh promised to look into the issue of foreign experts in the Planning Commission. "I am very confident that despite different perspectives that we may have on how we look at various issues, when the chips are down we will be able to work out a programme of action which meets the challenges of our times. When I go back, I will certainly look into every aspect of it."

Endorsing the concerns of the Left, he said: "The path we choose should be the one that advances the lot of the poorest of our people." He was confident of pulling the Left parties along with him and deflecting the threat to his government.

Asked what he hoped to achieve by his next birthday, Dr Singh said he would strive to do his best, but, quoting former British Prime Minister, Harold Wilson, he said: "A week is a long time in politics", but predicted his government would last its full term. It was not good enough that India was the world's fourth largest-growing economy, the PM said, recalling a couplet he had heard from General Mohan Singh, the INA hero: *Duniya mandi zoran noon, lakhan lanat kamzoran noon*. Written by Guru Govind Singh, the couplet means the world respects the strong and mighty, while the weak are chastised.

BIRTHDAY BOY: Dr Singh with a balloon presented by reporters on board *Tanjore*. — PTI

'Can deal with Pervez'

GENEVA, Sept. 27.— Dr Manmohan Singh was "very encouraged" after his meeting with Gen. Musharraf ("an essay in mutual comprehension"). "I believe that in Gen. Musharraf we've a person we can deal with," the Prime Minister said here. — SNS

Back in Delhi

On his return tonight, the Prime Minister described his nine-day tour of the UK and the USA as a "voyage of discovery", and said it accorded him the chance to explain to world leaders the policies of the new government. "It was my first visit to the West as Prime Minister and I met some important leaders," he said on his arrival at IGI airport. The visit provided him an opportunity to attend the G-4 meeting with Japan, Germany and Britain, and garner support for a permanent seat for India in the expanded Security Council.

THE STATESMAN 28 SEP 2004

জনযুদ্ধ সন্ত্রাস থামালে কথা, শর্ত অনিলের

স্টাফ রিপোর্টার: আলোচনায় বসার শর্ত হিসাবে জনযুদ্ধকে সন্ত্রাসবাদী কার্যকলাপ বন্ধ করে গণতান্ত্রিক পরিবেশ বজায় রাখতে বললেন সি পি এমের রাজ্য সম্পাদক অনিল বিশ্বাস।

অন্ধ্রপ্রদেশ সরকার তাঁদের সঙ্গে আলোচনায় বসলেও পশ্চিমবঙ্গ সরকার কেন বসতে চাইছে না, সেই প্রশ্ন তুলে সি পি এমের পলিটব্যুরোর সিদ্ধান্ত জানানোর দাবি করেছিল জনযুদ্ধ গোষ্ঠী। এই পরিপ্রেক্ষিতে প্রদেশ কংগ্রেসের মুখপাত্র মানস ভুঁইয়া রবিবার বলেন, "ভারত সরকার ও অন্ধ্রপ্রদেশ সরকার আন্তরিক চেষ্টা নিয়ে উগ্রপন্থী নকশালদের শান্ত করতে চাইছে। কিন্তু মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য উল্টো সুরে কথা বলে জল ঘোলা করতে চাইছেন।" নকশাল-সমস্যা মেটাতে অবিলম্বে জনযুদ্ধের সঙ্গে আলোচনার দাবিও জানান মানসবাবু।

এর জবাবে অনিলবাবু প্রশ্ন তোলেন, জনযুদ্ধের প্রতি মানসবাবুর এত দরদ কেন? সি পি এমের রাজ্য সম্পাদকের বক্তব্য, "জনযুদ্ধের সঙ্গে আলোচনার ভিত্তি দরকার। আগে ওদের সন্ত্রাসবাদী কার্যকলাপ বন্ধ করতে হবে। সুস্থ আলোচনার জন্য সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশ দরকার। জনযুদ্ধ গোষ্ঠীকে আগে সুষ্ঠু গণতান্ত্রিক পরিবেশ তৈরি করতে হবে।"

অন্ধ্রপ্রদেশে জনযুদ্ধ গোষ্ঠীকে নিষিদ্ধ করে রেখেছিলেন তেলগু দেশম নেতা তথা প্রাক্তন মুখ্যমন্ত্রী চন্দ্রবাবু নায়ডু। কিন্তু কংগ্রেস নেতা রাজশেখর রেড্ডি মুখ্যমন্ত্রীর পদে বসার পরে প্রথমে নিষেধাজ্ঞা তুলে নেন। পরে আলোচনায় বসার কথা ঘোষণা করেন। ২ অক্টোবর দু'পক্ষে আলোচনা শুরু হবে। এ রাজ্যে জনযুদ্ধ গোষ্ঠীর উপরে সরকার নিষেধাজ্ঞা জারি করেনি। কিন্তু পুলিশ দিয়ে তাদের মোকাবিলা ছাড়া রাজ্য প্রশাসন কোনও পথে এগোতে রাজি নয়। পশ্চিমাঞ্চলে নিজেদের দলীয় নেতাদের সুরক্ষা দিতে রাজ্য প্রশাসন পুলিশি প্রহরার পথ নিয়েছে।

এ রাজ্যে অন্ধ্র মডেল প্রয়োগ করা হচ্ছে না কেন? এখানে তো জনযুদ্ধ নিষিদ্ধও নয়। জবাবে অনিলবাবু বলেন, "মডেল বলে কিছু হয় না। এর আগেও বহু বার অন্ধ্রপ্রদেশে আলোচনা হয়েছে। ভেস্তে গিয়েছে। মূল কথা রাজনৈতিক নিষ্পত্তি দরকার। গণতান্ত্রিক পদ্ধতির বাইরে গেলে সব আলোচনাই অর্থহীন।" রাজ্যে জনযুদ্ধ বেআইনি নয়। তিনি বলেন, "আইনি-বেআইনি প্রশ্ন নয়। ওরা আজ বোমা ফাটাচ্ছে, কাল মাইন পুঁতছে, এ-সব বন্ধ না-হলে কী করে আলোচনা সম্ভব?"

অনিলবাবু বলেন, "সুস্থ আলোচনার লক্ষ্য গণতান্ত্রিক পরিবেশ বজায় রাখা। ওরা যে গণতান্ত্রিক পরিবেশ চায়, তা দেখাতে হবে।" জনযুদ্ধের রাজ্য কমিটির মুখপাত্র সৌমেনের বক্তব্য, তাঁদের সঙ্গে আলোচনায় গরিব, মধ্যবিত্ত শ্রমজীবী মানুষের সমস্যা সামনে এসে পড়বে। বুদ্ধবাবুর 'উন্নততর বামফ্রন্ট'-এর মিথ্যা গল্পটাও বাস্তবে আয়নার মুখোমুখি হবে। তাই বুদ্ধবাবুরা আলোচনায় ভয় পাচ্ছেন। জবাবে সি পি এম এমন শর্ত চাপাল, যা জনযুদ্ধের পক্ষে মানা শক্ত।

ANADABAZAR PATRIKA

27 SEP 2004

সরাসরি বসু বললেন, মন্টেক বিশ্বব্যাঙ্কের লোক

চাই না : আগেই বলেছিল সি পি এম



আজকালের প্রতিবেদন: কলকাতা ও দিল্লি, ২৪ সেপ্টেম্বর— যোজনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান (উপপ্রধান) মন্টেক সিং আলুওয়ালিয়া সম্পর্কে প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু শুক্রবার বলে দিলেন, 'হি ইজ অল রঙ, হি বিলংস টু দি ওয়ার্ল্ড ব্যাঙ্ক' (তিনি বিশ্বব্যাঙ্কের লোক, তাঁর সব কিছু ভুল)। এদিন সি পি এম সম্পাদকমণ্ডলীর বৈঠক ছিল। বৈঠকের পর সাংবাদিকরা তাঁকে যোজনা কমিশনে বিদেশি উপদেষ্টা নেওয়া নিয়ে প্রশ্ন করলে সি পি এমের এক নম্বর নেতা তীরের মতো ওই প্রতিক্রিয়া জানান। যোজনা কমিশনে বিদেশি উপদেষ্টা নেওয়ার প্রশ্নে বামপন্থীরা তীব্র বিরোধিতা করেন। প্রভাত পটনায়েক, উৎসা পটনায়েক, জয়তী ঘোষ, সি পি চন্দ্রশেখর, টি এম টমাস, আইজ্যাক প্রমুখ বাম অর্থনীতিবিদ যোজনা কমিশনের উপদেষ্টার পদ থেকে ইস্তফার হুমকি দেন। মন্টেক সিং আলুওয়ালিয়াকে যোজনা কমিশনের উপপ্রধান হিসেবে নিয়োগ করার সময়েই সি পি এম আপত্তি জানায়। মন্টেক সিং বিশ্বব্যাঙ্ক থেকে পদত্যাগ করেই এই পদে যোগ দেন। প্রধানমন্ত্রী দেশের বাইরে থাকলেও মন্টেক বিদেশি উপদেষ্টা নিয়োগের পক্ষে মন্তব্য করায় বিরোধটি আরও চড়া হয়ে যায়। জ্যোতি বসুর মতো বড়মাপের নেতা শুক্রবার তা কার্যত চরমে নিয়ে গেলেন। গত শনিবার ইউ পি এ সভানেত্রী সোনিয়া গান্ধী ও প্রধানমন্ত্রী মনমোহন সিংয়ের সঙ্গে জ্যোতি বসুর এ বিষয় নিয়ে কথা হয়। তখনই জ্যোতি বসু বলেন, যোজনা কমিশনে বিদেশি উপদেষ্টা বামরা মেনে নেবে না। এর পরও মন্টেক সিং বিদেশি উপদেষ্টার পক্ষে সওয়াল করেন। এখন জ্যোতি বসুর মন্তব্যের পর মন্টেক সিংয়ের মতো একজন আমলার ওই পদে থাকা স্বস্তিকর হবে না। অন্তত তিনি যে এর কোনও জবাব দিতে পারবেন না, সেটা নিশ্চিত। জ্যোতি বসু আরও বললেন, 'মন্টেক সিং বিশ্বব্যাঙ্কের লোক, নিজের দেশে এসে বড় পদ পেলেন। কিন্তু ওর সবটাই ভুল।' এর পর জ্যোতি বসু বললেন, 'বিদেশি উপদেষ্টা নিয়োগের বিষয়টি আনার বা ওই ধরনের কোনও মন্তব্য করার কোনও দরকার ছিল না। প্রধানমন্ত্রী ফিরুন, তখন এ নিয়ে কথা হবে। উনি (মন্টেক সিং) যা করার আলোচনা করে করতে পারতেন। আমরা বিশ্বব্যাঙ্ক বা আন্তর্জাতিক অর্থভাণ্ডারের টাকায় বিভিন্ন প্রকল্প করি। তাতে কোনও অসুবিধে নেই। কিন্তু তার মানে এই নয় যে, আমাদের নীতিগ্রহণকারী সংস্থায় ওদের প্রতিনিধিদের নিতে হবে। আর ওরা যে কী, সেটা জোসেফ স্টিগলিসের বই পড়লেই বোঝা যাবে। জোসেফ স্টিগলিস নিজে বিশ্বব্যাঙ্কের লোক ছিলেন। কিন্তু তিনি বিশ্বব্যাঙ্ক ছেড়ে আসার পর লেখেন বিশ্বব্যাঙ্কের ভুলের জন্য দক্ষিণ-পশ্চিম এশিয়া এবং লাতিন আমেরিকায় সঙ্কট তৈরি হয়েছে। প্রধানমন্ত্রী জোসেফ স্টিগলিসকে চেনেন, জানেন। ওঁর বিষয়ে আমার সঙ্গে প্রধানমন্ত্রীর কথা হয়েছে।' জ্যোতি বসুকে জিজ্ঞেস করা হয়, মন্টেক সিংকে কি পদত্যাগ করতে হবে? তিনি বলেন, 'ওঁর নিজেকে বদল করা উচিত। আমাদের সঙ্গে আলোচনা করা উচিত। আমাদের নিজেদেরও তো অনেক অর্থনীতিবিদ আছেন।'

দিল্লি থেকে আজকালের প্রতিবেদক জানাচ্ছেন: মন্টেক সিং আলুওয়ালিয়া বিশ্বব্যাঙ্কের লোক— এমন কথা কংগ্রেস স্বীকার না করলেও জ্যোতি বসুর মন্তব্য নিয়ে বিরূপ প্রতিক্রিয়া জানাতে প্রস্তুত নয় তারা। আজ এ প্রসঙ্গে কংগ্রেস মুখপাত্র অভিষেক সিংভির দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি বলেন, 'জ্যোতিবাবু বড় মাপের নেতা। আমরা তাঁর সঙ্গে বিতর্কে যাচ্ছি না। তিনি ইউ পি এ-র সমর্থকদের মধ্যে একজন শীর্ষস্থানীয়। তবে এটা ঠিক, বামপন্থীদের সঙ্গে ইউ পি এ-র মাঝেমধ্যেই মতভেদ দেখা দেয়। এটা স্বীকার করে নেওয়া ভাল। এটাও ঠিক যে, এই সব মতভেদ দূর করার নানা মাধ্যম আছে। সমন্বয় কমিটি ছাড়াও আলোচনা হতেই পারে এমন বিতর্কিত বিষয় নিয়ে। এখনও পর্যন্ত এমন কোনও বিষয় দেখা দেয়নি যা আলোচনার মাধ্যমে সমাধান করা যায়নি।' কংগ্রেস মুখপাত্রের আশা, মন্টেক-বিতর্কও এভাবেই মিটবে। সি পি এমের শীর্ষনেতারা ইতিমধ্যেই প্রধানমন্ত্রীকে জানিয়ে দিয়েছেন যে, তাঁরা মন্টেক সিং আলুওয়ালিয়াকে ওই গুরুত্বপূর্ণ পদে চান না। সম্প্রতি জ্যোতি বসু, সুরজিৎ ও সীতারাম ইয়েচুরির সঙ্গে সোনিয়া-মনমোহনের বৈঠকে এ কথা ওঠে। তার আগে সমন্বয় কমিটির সভাতেও বাম সদস্যরা যোজনা কমিশনের ডেপুটি চেয়ারম্যানের নিয়োগে তাঁদের আপত্তির কথা প্রকারান্তরে জানিয়ে দেন। অন্য দিকে সি পি এম পলিটব্যুরো সদস্য ও সিটু সভাপতি এম কে পান্ধে আজ বাঙ্গালোর থেকে 'আজকাল'কে বলেন, জ্যোতিবাবু তো কমই বলেছেন। আমি বলছি, মন্টেক বিশ্বব্যাঙ্কের 'দালাল' ('স্টুজ')। বিশ্বব্যাঙ্ক ছাড়া ওঁর কোনও অস্তিত্ব নেই। পারিবারিকভাবে উনি বিশ্বব্যাঙ্কের সঙ্গে জড়িত। ওঁর স্ত্রীও ওতপ্রোতভাবে যুক্ত ওই সংস্থায়। পান্ধে বলেন, দুঃখের বিষয় খোদ প্রধানমন্ত্রী মনমোহন সিংই তো বিশ্বব্যাঙ্কের নীতির পক্ষে ওকালতি করেন। আমেরিকায় ওঁর ভাষণে তার স্পষ্ট প্রতিফলন। অর্থমন্ত্রী পি চিদম্বরমও তাই। পান্ধে বলেন,

এরপর ৫ পাতায়

বিশ্বব্যাঙ্কের লোক

১ পাতার পর

বিশ্বব্যাঙ্কের প্রতিচ্ছবি হলেন মন্টেক। এমন লোক যোজনা কমিশনে কী করবেন? উনি অর্থনীতিকে রাষ্ট্রের নিয়ন্ত্রণমুক্ত করতে চান। বিশ্বাস করেন বেসরকারীকরণে। অথচ যোজনা কমিশনের কাজ হল রাষ্ট্রচালিত অর্থনৈতিক ব্যবস্থাকে পথনির্দেশ দেওয়া। যে-লোক রাষ্ট্রচালিত অর্থনীতিকেই উচ্ছেদ করতে চান, যোজনা কমিশনে তাঁর কাজটা কী? সি পি এম কেন্দ্রীয় কমিটির সদস্য যোগেন্দ্র শর্মা বলেন, জ্যোতিবাবু যা বলেছেন অবশ্যই তা পার্টির মতামত। জ্যোতিবাবু কোনও কথাই অকারণে বলেন না। ওঁর কথার বিশেষ কারণ ও যুক্তি থাকেই।

চাঞ্চল্যকর তথ্য: প্রাক্তন প্রধানমন্ত্রী চন্দ্রশেখর মন্টেকের সঙ্গে বিশ্বব্যাঙ্কের যোগাযোগের কিছু প্রমাণ দিতে চান। আজ চন্দ্রশেখর জ্যোতি বসুর মঞ্জুষা টেলিভিশনে শুনে তাঁর ঘনিষ্ঠমহলে জানান, ৯১ সালের পর মন্টেক সিং আলুওয়ালিয়া বিশ্বব্যাঙ্কের তথাকথিত সংস্কার কর্মসূচি কীভাবে তৎকালীন অর্থমন্ত্রী মনমোহন সিংয়ের ওপর চাপিয়েছিলেন এবং তা রূপায়ণের জন্য চাপ সৃষ্টি করেছিলেন, তার সবটাই চন্দ্রশেখরের জানা। এ নিয়ে তিনি তাঁর ইয়ং ইন্ডিয়া কাগজে কিছু লিখেছেন। যা প্রকাশিত হলে যথেষ্ট চাঞ্চল্য সৃষ্টি করবে দিল্লিতে।

সতর্ক করেছিল আর এস পি: অন্যদিকে, আর এস পি সম্পাদকমণ্ডলীর সদস্য অবনী রায় বলেন, এই ভদ্রলোক যে বিশ্বব্যাঙ্কেরই প্রতিভূ হিসেবে কাজ করছেন, একথাই চিঠিতে লিখে জানিয়েছিলেন প্রধানমন্ত্রীর কাছে। বিশ্বব্যাঙ্ক সহ অন্যান্য বিদেশি সংস্থার প্রতিনিধিদের তো তিনিই ঢুকিয়েছেন কমিশনের উপদেষ্টা কমিটিতে। এই লোককে যোজনায় রাখলে কী হতে পারে তার নমুনা তিনি নিজেই দেখিয়ে দিয়েছেন।

AAJKAL

He is a World Bank man, says Jyoti Basu

By Malabika Bhattacharya

KOLKATA, SEPT. 24. The CPI(M) Polit Bureau member, Jyoti Basu, today described the Deputy Chairman of the Planning Commission, Montek Singh Ahluwalia, as a "World Bank man."

"He [Mr. Ahluwalia] is wrong [in inviting foreign consultants into the Planning Commission committees). He belongs to the World Bank. He is a World Bank man," Mr. Basu said before participating in a CPI(M) State committee meeting here.

Mr. Basu was, however, not in favour of taking any drastic stand against Mr. Ahluwalia for his "pro-World Bank" stance. He said Mr. Ahluwalia could always resolve the issue through discussions. "Why should he [Mr. Ahluwalia] resign? We expect him to take a re-look at the issue and change his mind. He is free to discuss it with the Left parties."

Mr. Basu said the Left parties would never agree to the inclusion of foreign consultants in the Planning Commission committees as such a move would "harm" the nation's economy. The issue would be taken up at the United Progressive Alliance-Left Coordination Committee meeting soon after the Prime Minister, Manmohan Singh, returned from abroad.

The meeting, he said, was needed to clear the confusion arising out of reports of the resignation offer by the foreign consultants and some economists from the Planning Commission. "Their experts had offered to resign and our people [economists] too have offered to quit. I don't know what is happening." The former Chief Minister, however, said that he saw nothing wrong in seeking advice from the World Bank. He also did not think it was wrong to seek funds from the bank. "We, in West Bengal, have a number of projects funded by the World Bank and the Asian Development Bank."

Today's meeting was attended by West Bengal Chief Minister Buddhadeb Bhattacharjee, Polit Bureau members, Anil Biswas and Biman Bose, and Member of Parliament Chittabrata Majumdar.

Chidambaram's assurance: Page 13

THE HINDU 25 SEP 2006

Andhra writes to PW for talks

Statesman News Service

HYDERABAD, Sept. 23. — In the first written invitation for a dialogue that a government extended to a Naxalite outfit in 35 years of Leftist extremism in the country, Andhra Pradesh today called the PW leadership for "direct, face-to-face talks" on 2 October. The Reddy government also warned the outfit against inviting the state ire in view of yesterday's incident in Anantpur in which ultras and their sympathisers badly beat up a plainclothes constable at a public meeting.

"I have sent an invitation to their emissary Mr Varavara Rao, who will pass it on to them. Invitations for talks have been sent to other revolutionary groups like Janashakti. They can suggest the venue for talks," Andhra Pradesh home minister Mr K Jana Reddy said. The minister also received a signed receipt of the invitation during the press conference.

On the contentious issue of Naxalites carrying arms while coming for the talks, he said: "They wanted face-to-face talks and we providing them just that opportunity. Let them come, we will talk." He, however, thought it was unlikely that the representatives of either the government or the PW would carry weapons during the talks.

On the Anantapur incident Mr Reddy said: "It is the responsibility of the leaders and organisers to ensure that such incidents are not repeated. When they speak, it should not be provocative. They have to exercise restraint," he said. The Anantapur police registered cases of attempt to murder against Mr Rao and Mr Kalyan Rao — the main speakers at the meeting. Police have been asked to find out the persons who participated in and were responsible for the attack.

The minister firmly defended the presence of policemen or plainclothesmen at PW meetings, as the government reserves the right to provide security and gather information. "It's not that police are present only at PW meetings. Police will be present to provide security and gather intelligence about every meeting. No one has a right to question it. Police will be present even at their next meeting," he said.

Mr Reddy said he was expecting PW secretary K Ramakrishna and Janashakti leader Amar to participate in the talks. Though the government representatives were yet to be decided, Mr Reddy indicated that he might participate.

The minister said the agenda for the talks would be discussed at the 2 October meeting, which, the minister hopes, will be held at the Secretariat. When asked if Naxalite leaders will be provided safe passage, Mr Reddy said: "Definitely. We will provide whatever security they want."

Despite repeated requests, Mr Reddy declined to provide copies or further details about his letter, saying such publicity would be inappropriate at this stage.

যোজনা : বিদেশি থাকলে বাম-বয়কট

আজকালের প্রতিবেদন: দিল্লি, ২১ সেপ্টেম্বর— যোজনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান মন্টেক সিং আলুওয়ালিয়ার মন্তব্যে সরকারের সঙ্গে বামপন্থীদের সঙ্ঘাত এক জটিল মোড় নিল। কমিশনের বিভিন্ন পরামর্শদাতা-কমিটি থেকে পদত্যাগের হুমকি দিলেন প্রথম সারির বামপন্থী অর্থনীতিবিদেরা। প্রভাত পটনায়েক, উৎসা পটনায়েক, জয়তী ঘোষ, সি পি চন্দ্রশেখর, টি এম টমাস, আইজাক প্রমুখ অর্থনীতিবিদ আজ সি পি এম পলিটব্যুরো সদস্য সীতারাম ইয়েচুরির সঙ্গে এক বৈঠকে জানান, বিদেশি সদস্যদের সঙ্গে পরামর্শদাতা কমিটিতে তাঁরা বসবেন না। মন্টেক সিং আলুওয়ালিয়া যখন বিদেশিদের অপরিহার্যই মনে করছেন, তখন আর তাঁরা থাকবেন না। আগামিকাল থেকেই শুরু হচ্ছে যোজনার মধ্যবর্তী সমীক্ষার কাজ। প্রভাত পটনায়েক এবং সি পি চন্দ্রশেখরের সঙ্গে যোগাযোগ করা হলে তাঁরা জানান, বিদেশি উপদেষ্টারা থাকলে কাল নিজ নিজ কমিটির বৈঠকে তাঁরা থাকবেন না। সি পি আই সাধারণ সম্পাদক এ বি বর্ধন, সি পি এমের ইয়েচুরি ও আর এস পি-র কেন্দ্রীয় সম্পাদকমণ্ডলীর সদস্য অবনী রায় মন্টেকের কথায় তাঁদের তীব্র আপত্তি জানিয়েছেন। অন্য দিকে উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী মুলায়ম সিং যাদব আজ বামদের এই অবস্থান সমর্থন করে যোজনা কমিশনের বিভিন্ন কমিটি থেকে বিশ্ব ব্যাঙ্ক, ম্যাকিনসে ও এ ডি বি-র প্রতিনিধিদের অপসারণ দাবি করেছেন। বর্ধন বলেছেন, যোজনা কমিশনের ঘটনা সত্যিই হতাশাজনক। সোনিয়া গান্ধী যে সত্যি সত্যিই সুপার প্রাইম মিনিস্টার নন, এটা তারই প্রমাণ। সোনিয়া যদি তাঁর দৃষ্টিভঙ্গি অনুযায়ী সরকারকে চলতে বাধ্য করতেন, তা হলে যোজনা কমিশনে এমন ঘটনা ঘটত না। কারণ, তিনি বামপন্থীদের সঙ্গে আলোচনা করেই প্রতিটি সিদ্ধান্ত নেওয়ার পক্ষে। অন্য দিকে আর এস পি নেতা অবনী রায় বলেন, প্রধানমন্ত্রী সবাইকে সংযত হয়ে মন্তব্য করতে বললেও, মন্টেক সিং আলুওয়ালিয়া তা মানতে নারাজ। বাম দলগুলির মতামত উনি এক কথায় খারিজ করে দেবেন, এমন অধিকার ওঁকে কে দিয়েছে? তা ছাড়া ওঁর দেশি অফিসারদের চাইতে বিদেশি আমলাদের বেশি পছন্দ হলেও আমরা মনে করি এতে ভারতের অর্থনৈতিক সার্বভৌমত্বের ক্ষতি। সি পি এম নেতা সীতারাম ইয়েচুরি বলেন, মন্টেক সিং অযথা অর্থনীতিবিদদের কমিশন থেকে পদত্যাগের কথা ভাবতে প্ররোচিত করেছেন। যখন প্রধানমন্ত্রী আশ্বাস দিয়েছেন, বিদেশ সফর সেরে দেশে ফিরে তিনি যোজনার বিভিন্ন উপদেষ্টা কমিটিতে বিদেশি সদস্যদের নেওয়ার ইস্যুটি বিবেচনা করবেন, তখন লন্ডনে মন্টেকের মন্তব্য নেহাতই অপ্রয়োজনীয় ছিল। উল্লেখ্য, সীতারামকে অর্থনীতিবিদেরা যে কথা জানান, তা চিঠিতে লিখে জানিয়ে দেন মন্টেককে। সি পি এম সাধারণ সম্পাদক হরকিষেন সিং সুরজিৎ বলেন, যোজনায় বিদেশিদের ঢোকানোর ইস্যুতে তাঁরা প্রতিবাদ জানিয়ে যাবেন। গতকাল প্রধানমন্ত্রীর সফরসঙ্গী মন্টেক সিং আলুওয়ালিয়া লন্ডনে বলেন, বিদেশি বিশেষজ্ঞদের মতামত নেওয়ায় কোনও ভুল আছে বলে তিনি মনে করেন না। এদিকে, বামপন্থীরা মন্টেকের মন্তব্যে আপত্তি করলেও কংগ্রেস মুখপাত্র আনন্দ শর্মা বলেন, ডেপুটি চেয়ারম্যান হিসেবে উনি ওঁর বক্তব্য বলেছেন। মুলায়মের কথার প্রতিক্রিয়া দিতে নারাজ শর্মা। তিনি বলেন, বামপন্থীদের বক্তব্য নিয়ে সমন্বয় কমিটিতে আলোচনা হতেই পারে।

AAJKAL

Left tolls warning bell for UPA

Our Political Bureau
NEW DELHI 19 SEPTEMBER

A day after the Prime Minister assured the Left its concerns will be addressed, the CPM on Sunday again went back to its oft-repeated line — its support to the government depended on steps for the common man.

CPM's tough rhetoric came during Sitaram Yechury's address to a convention organised by his party's student wing, SFI, in Thiruvananthapuram. The Marxist party, which is fighting the Congress in Kerala, resorted to threats and warnings. It also emphasised the "basic differences" between the two parties and dubbed the Congress as a party for the ruling class.

CRIMSON TIDE

"We will go to the people if government acts against the CMP. Our support to the government is based on its actions for the welfare of the common man," politburo member Sitaram Yechury said.

He also said government's stability depended on its commitment to the CMP and added the UPA had already completed three months in office and there should not be any further delay in implementing the proposals in the CMP for employment generation and rural development. Mr Yechury, who met Sonia Gandhi and the Prime Minister here last week, had not spoken the same language then.

Though he did say the Left support depended on implementation of the CMP, he exonerated the government of violating it. He had said pronouncements made outside the CMP had not yet been translated into policy.

The [illegible] Times [illegible]

ANADABAZAR PATRIKA 20 SEP 2004

পুলিশের বিরুদ্ধে মামলার হুমকি জ্যোতির্ময়ীর

স্টাফ রিপোর্টার: তাঁর স্বামীকে মিথ্যা মামলায় ফাঁসানোর অভিযোগে পুলিশের বিরুদ্ধে মামলা করার হুমকি দিয়েছেন কৃষ্ণনগরের সি পি এম সাংসদ জ্যোতির্ময়ী সিকদার। অবতার-কাণ্ডের পরে দীর্ঘ পাঁচ সপ্তাহ কার্যত লোকচক্ষুর আড়ালে ছিলেন তিনি। অবশেষে রবিবার স্বামীর পক্ষ নিয়ে পুলিশকে অভিযোগের কাঠগড়ায় দাঁড় করিয়েছেন জ্যোতির্ময়ী।

এর আগে সি পি এমের অন্য দুই সাংসদ অমিতাভ নন্দী ও তড়িৎ তোপদার এবং পরিবহণমন্ত্রী সুভাষ চক্রবর্তী অবতার-কাণ্ডে পুলিশি বাড়াবাড়ির অভিযোগ তুলেছিলেন। জ্যোতির্ময়ীর কণ্ঠে রবিবার শোনা গেল তার প্রতিধ্বনি। অর্থাৎ একই ঘটনায় সি পি এমের তিন জন সাংসদ ও এক মন্ত্রী সেই পুলিশের বিরুদ্ধে অনাস্থা প্রকাশ করলেন, যে-পুলিশের দায়িত্বে আছেন খোদ মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য।

দলেরই একাংশ মনে করছেন, মন্ত্রী-সাংসদদের সমালোচনার এই তির পুলিশমন্ত্রী বুদ্ধবাবুরও বিরুদ্ধে। তাঁর অনুমতি নিয়েই কুখ্যাত সমাজবিরোধী হাতকাটা দিলীপকে ধরতে পুলিশ হানা দিয়েছিল জ্যোতির্ময়ীর স্বামী অবতার সিংহের হোটেলে। পরে রাজ্য পুলিশের ডি জি শ্যামল দত্ত এই পুলিশি অভিযান ঠিক বলে মন্তব্য করেছিলেন। পুলিশের বিরুদ্ধে জ্যোতির্ময়ীর সরব হওয়ার প্রসঙ্গে সি পি এমের রাজ্য সম্পাদক অনিল বিশ্বাসকে প্রশ্ন করা হলে তিনি কোনও মন্তব্য করতে চাননি। অবতার-কাণ্ডে সি পি এম এক সদস্যের তদন্ত কমিশন গড়েছে। তবে গত সপ্তাহে অবতার জামিনে ছাড়া পাওয়ার পরে অনিলবাবু জ্যোতির্ময়ীকে 'ক্লিন চিট' দিয়েছেন।

১৫ অগস্ট সল্টলেকের নয়াপট্টিতে হোটেলে কুকর্ম চালানোর অভিযোগে গ্রেফতার করে সি পি এম সাংসদের স্বামী অবতার সিংহকে। রবিবার সল্টলেকে অ্যাথলেটিক্সের অনুষ্ঠানে অতিথি হিসাবে গিয়েছিলেন জ্যোতির্ময়ী। সেখানেই অবতার-কাণ্ডে পুলিশের বিরুদ্ধে যাবতীয় ক্ষোভ উগরে দিয়েছেন তিনি।

জ্যোতির্ময়ীর অভিযোগ, "বি জে পি, তৃণমূল আর কংগ্রেসের সঙ্গে মিলে পুলিশের একাংশই আমার স্বামীকে ফাঁসিয়েছে। ওঁর (অবতারের) কোনও দোষ নেই। কলকাতার বড় হোটেলগুলিতে নানা কেচ্ছা হয়।

সেখানে কেউ কিছু করে না। সল্টলেকের বিভিন্ন হোটেলেও নানা অপকর্ম হয়। কোনও অভিযান হয় না সেখানে।" সল্টলেকেরই একটি হোটেলের নাম করে সি পি এমের এই সাংসদ প্রশ্ন তোলেন, "ওই হোটেল থেকে তো পুলিশ হাতকাটা দিলীপকে ধরেছিল। কই, সেই হোটেলের কর্তৃপক্ষকে তো ধরা হল না! কেন?"

সল্টলেক ভি আই পি এলাকা। ওই অঞ্চলের জন্য এক এস ডি পি ও-র পাশাপাশি এক জন অতিরিক্ত পুলিশ সুপারও রয়েছেন। এত ব্যবস্থা থাকা সত্ত্বেও পুলিশ যে পক্ষপাতমূলক কাজ করে, জ্যোতির্ময়ীর অভিযোগে তা স্পষ্ট। তিনি বলেন, "হোটেলে ভি আই পি এসেছে বলে ডেকে নিয়ে গিয়ে আমার স্বামীকে গ্রেফতার করেছে। গোটাটাই সাজানো ব্যাপার।" পুলিশ সাজিয়ে মামলা করে, বিরোধীদের এই অভিযোগ সি পি এমের সাংসদের কণ্ঠেও। যিনি আবার খোদ অনিলবাবুর জেলা নদিয়া থেকে নির্বাচিত।

পুলিশকে চ্যালেঞ্জ ছুড়ে দিয়ে জ্যোতির্ময়ী বলেন, "ওই হোটেলের বার লাইসেন্স, রুম লাইসেন্স, ফুড লাইসেন্স— সব আছে। 'ইম্‌মরাল ট্রাফিক অ্যাক্ট'-এ মামলা হয় কী ভাবে? পুলিশের বিরুদ্ধে মামলা করার কথা ভাবছি। দলের সঙ্গে কথা বলে এই ব্যাপারে সিদ্ধান্ত নেব।" পুলিশের একাংশের সঙ্গে তৃণমূল কংগ্রেস এবং বি জে পি-র যোগসাজশের অভিযোগ তুলে সি পি এম সাংসদ বলেন, "এই ঘটনাতেই প্রমাণিত হয় যে, পুলিশ রাজ্য সরকারের কথা মানে না।"

পুলিশকে তিনি টাকা দেননি, তাই তাঁকে ফাঁসানো হয়েছে বলে আদালতে দাঁড়িয়ে অভিযোগ করেছেন অবতার। সেই অভিযোগকে আমলই দেয়নি পুলিশ। জ্যোতির্ময়ীর এ দিনের অভিযোগের ব্যাপারে অবশ্য পুলিশকর্তাদের কেউ কোনও রকম মন্তব্য করতে চাননি।

জ্যোতির্ময়ীর অভিযোগ মূলত উত্তর ২৪ পরগনা জেলা পুলিশের বিরুদ্ধে। জেলার পুলিশ সুপার প্রবীণ কুমারের কাছে সি পি এম সাংসদের ওই অভিযোগ সম্পর্কে জানতে চাওয়া হয়। প্রবীণ কুমার বলেন, "এই বিষয়ে কোনও মন্তব্য করব না।"

অবতার সিংহকে গ্রেফতার করার পরে পুলিশের সমালোচনায় মুখর হয়েছিলেন ব্যারাকপুরের সি পি এম সাংসদ তড়িৎ তোপদারও। এ দিন ওই অনুষ্ঠানে তিনি বলেন, "আগেই এ-সব বলা উচিত ছিল জ্যোতির্ময়ীর।"

সোনিয়া, মনমোহনকে বসু বললেন, মতপার্থক্য থাকবে, সরকারও থাকবে



আজকালের প্রতিবেদন: দিল্লি, ১৮ সেপ্টেম্বর— প্রবীণতম বাম নেতা জ্যোতি বসু আজ প্রধানমন্ত্রী মনমোহন সিং ও ইউ পি এ চেয়ারপার্সন সোনিয়া গান্ধীকে জানিয়ে দিলেন: বামপন্থীদের সঙ্গে মতপার্থক্য তো থাকবেই। কিন্তু সরকার পাঁচ বছরই চলবে। প্রধানমন্ত্রীর বাসভবনে মধ্যাহ্নভোজে আজ সোনিয়া গান্ধী, জ্যোতি বসু ছাড়াও ছিলেন হরকিষেন সিং সুরজিৎ, সীতারাম ইয়েচুরি। পরে কলকাতা ফিরে যাওয়ার আগে এই বৈঠক নিয়ে প্রশ্ন করা হলে জ্যোতি বসু বলেন, আমাদেরও যেমন এই সরকারকে দরকার, তেমনি এই সরকারেরও দরকার আমাদের। এই পারস্পরিক প্রয়োজনের বাস্তবতাই টিকিয়ে রাখবে সরকারকে। তবে, তিনি মনমোহন ও সোনিয়াকে বলেছেন, কোয়ালিশন চালানোর মূলমন্ত্র হল পদে পদে আলোচনা করা। সবাইকে সঙ্গে নিয়ে চলার জন্য আরও ঘনঘন বৈঠক হওয়া দরকার সমন্বয় কমিটির। কমিটির বৈঠক নিয়মিত হলেই সবাই সবার কথা কমিটির বৈঠকেই বলবেন। বাইরে বলার দরকার হবে না। জ্যোতিবাবুর কাছে মনমোহন ও সোনিয়ার অনুরোধ ছিল, বামদলগুলির নেতারা সরকারের সঙ্গে মতপার্থক্যের বিষয়গুলি যেন বাইরে না বলেন। তাহলে মনে হয় যেন সরকারের সঙ্গে বামপন্থীরা সম্মুখসমরে। এ বিষয়ে প্রশ্ন করা হলে জ্যোতিবাবু বলেন, ওঁরা চান মতপার্থক্যের বিষয়গুলি যেন বাইরে না বলা হয়। জোট সরকার চালানোর প্রসঙ্গে বসুকে এদিন প্রশ্ন করা হয়, ইউ পি এ-র শীর্ষ নেতৃত্ব তো এ ব্যাপারে আপনার পরামর্শ চান। ইউ পি এ-র বড় শরিক কংগ্রেস কোয়ালিশনে অনভিজ্ঞ। অথচ কোয়ালিশন সরকার চালানোয় আপনার মতো অভিজ্ঞতা কারও নেই। এক্ষেত্রে আপনার ভূমিকা কীরকম হবে? জ্যোতিবাবু বলেন, আমাদের কোয়ালিশনে আর এই কোয়ালিশনে তফাত আছে। আসলে বাস্তব পরিস্থিতির চাহিদা হল, সরকারটাকে পাঁচ বছর চালাতে হবে। আমার পক্ষে ব্যক্তিগতভাবে তো সবসময় দিল্লিতে এসে এই ধরনের বৈঠক করা সম্ভব নয়। আমার বয়স এখন ৯১ চলছে। এখনও পার্টির সভায় আসতে পারছি, এটাই ভাল। তাছাড়া আমি চাই, তরুণরাই সামনে আসুন। এই তো বুদ্ধ আছে, (পাশেই বসে ছিলেন বুদ্ধদেব)

এরপর ৪ পাতায়

বসু বললেন

১ পাতার পর

আরও অন্যরাও আছে। আজ প্রধানমন্ত্রী মনমোহন সিংয়ের সরকারি বাসভবন ৭ নং রেসকোর্স রোডে জ্যোতি বসু, সুরজিৎ ও সীতারাম ইয়েচুরি পৌঁছন বেলা সোয়া ১টায়। সোনিয়া গান্ধী এবং সস্ত্রীক মনমোহন তাঁদের স্বাগত জানান। আড়াইটে পর্যন্ত চলে মধ্যাহ্নভোজন টেবিলে আলোচনা। ইয়েচুরি জানান, কথা হয়েছে অভিন্ন ন্যূনতম কর্মসূচি রূপায়ণ নিয়ে। প্রধানমন্ত্রী কথা দিয়েছেন, আমরা যে সব বিষয়ে উদ্বেগ জানিয়েছি, আগামী দুই সপ্তাহের মধ্যেই সেগুলির নিষ্পত্তি হবে। যে পাঁচটি বিষয়ে সি পি এম নেতারা জোর দেন, তা হল— গ্রামীণ উন্নয়ন, কর্মসংস্থান, স্বাস্থ্য, কাজের বদলে খাদ্য এবং ন্যূনতম ১০০ দিনের কাজের ব্যবস্থা সুনিশ্চিত করা। সীতারাম জানান, সোনিয়া গান্ধী ও ড. মনমোহন সিং বেশ কিছুদিন ধরেই জ্যোতিবাবুর সঙ্গে কথা বলতে চাইছিলেন। তাই এবার জ্যোতিবাবু দিল্লিতে আসার পর এমন আলোচনার সুযোগ হয়। ঠিক হয়, সুনির্দিষ্ট ইস্যুগুলি নিয়ে বামপন্থীদের সঙ্গে সরকারের কথা হবে সমন্বয় কমিটিতে। প্রধানমন্ত্রী বিদেশ সফর সেরে ফেরার পর। জ্যোতিবাবুও জানান, ৬ দিন পর ফিরে প্রধানমন্ত্রী সমন্বয় কমিটির বৈঠক ডাকবেন।

ডাকা হল মন্টেককে: বাম নেতারা যোজনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান মন্টেক সিং আলুওয়ালিয়ার একতরফা সিদ্ধান্তে কিছু বিদেশি সংস্থার প্রতিনিধিকে যোজনা কমিশনের স্থায়ী কমিটিতে নিয়োগের ব্যাপারে তীব্র আপত্তি জানান। আজ এজন্যই বাম নেতাদের নিয়ে বৈঠকের সময় প্রধানমন্ত্রী ডেকে পাঠিয়েছিলেন মন্টেক সিং আলুওয়ালিয়াকে। সেই সঙ্গে জয়রাম রমেশকেও ডাকা হয়েছিল। সি পি এম নেতারা তাঁদের বক্তব্য জানান। বৈঠকে একটি গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত হয়— যোজনা কমিশনের নির্দেশিকা বা অগ্রাধিকারের বিষয় নির্ধারণে বামপন্থীদের মতামত নেওয়া হবে।

AAJKAL 19 SEP 2004

CPI(M) identifies issues for UPA

By OUR Special Correspondent

NEW DELHI, SEPT. 17. The Communist Party of India (Marxist) today stressed that the United Progressive Alliance Government needs to challenge the fresh attempt by the Bharatiya Janata Party to bring back "communal agenda through the backdoor."

At its daylong meeting of the Polit Bureau, the party said that the BJP was trying to disrupt communal harmony by taking out the Tiranga Yatra (Tricolour journey), raking up the V.D. Savarkar issue. Although of the view that the BJP was building these issues with an eye on Assembly elections to Maharashtra, the CPI(M) said there had not been much response, Polit Bureau member Prakash Karat told *The Hindu*.

Restoring peace

Mr. Karat said the BJP was trying to bring back its communal agenda through the backdoor and the Manmohan Singh Government should meet the challenge politically.

Besides the need to fight communalism, the party said the Government should take steps to restore peace and normality in Manipur and other northeast States and see that the talks with various groups in Jammu and Kashmir gathered pace.

Earlier, another Polit Bureau member, Sitaram Yechury, said the party wanted the Government not to make policy announcements without consulting the Left parties since these parties would not like to disagree publicly with such unilateral announcements.

As regards Maharashtra, the Polit Bureau asked the State committee to finalise the number of seats the party should contest. The party has given a list of 18 seats it wants to contest in the State even as the talks for seat-adjustment were going on with the Congress.

Seat adjustments

The Maharasthra Chief Minister, Sushil Kumar Shinde, today visited the CPI(M) headquarters here apparently to discuss the seat adjustments. Mr. Shinde is also keen since the CPI(M) plans to contest Solapur City North, a seat that the Chief Minister was considering for himself. The CPI(M) candidate, Narsaiyya Adam, had won the seat in 1995 and in the last elections he finished second.

Tamil to be declared classical language

By Our Special Correspondent

NEW DELHI, SEPT. 17. In keeping with the promise made in the Common Minimum Programme, the Union Cabinet today decided to create a new category of languages as "classical languages" and declare Tamil as the first language under the category.

Announcing the decision, the Union Minister and Cabinet spokesperson, Jaipal Reddy, said the formation of a separate category of classical languages had been recommended by an experts committee under the Sahitya Akademi. It had also recommended a set of criteria for declaring a language as classical and accepted a proposal to declare Tamil as the first such language. More languages could be included under the category if there were any proposal and if they met with the criteria.

The criteria are: the language should have early texts or recorded history of at least a thousand years; it should have a body of ancient literature or texts, which is considered a valuable heritage by a generation of speakers; and its literary tradition should be original and not borrowed from another speech community.

THE HINDU

Job Guarantee Schemes To Cost Centre Rs 40,000 Cr

CPM demands likely to put govt on pay watch

Our Political Bureau
NEW DELHI 17 SEPTEMBER

THE CPI(M) leaders will take with them a "costly" social agenda to the meeting with the Congress top brass. The "to do" list for the UPA government includes immediate implementation of employment guarantee schemes (EGSs), new rural health programmes and fresh development initiatives.

To implement just one item on the agenda — EGS — the government will require Rs 21,000-Rs 40,000 crore. The planners in the government are not convinced about the viability or efficacy of the scheme.

The CPI(M) politburo, which deliberated on issues that have to be taken up on Saturday with Congress president Sonia Gandhi and Prime Minister Manmohan Singh, will seek a clear roadmap for pursuing the programmes promised in the Common Minimum Programme (CMP).

"In Delhi, the Congress cannot ignore the Left parties. It can now implement a policy only if we agree to it. In the past, the farmers and the rural poor were adversely affected by the Central policies. We want this government to pay attention to the villages. If it does so, it will get our support," he said at a left front victory rally in Kolkata. He describing the Congress as "still a party of capitalists and zamindars." — PTI

The Economic Times 24 MAY 2004

MARXISTS PLAYING SAFE

Refusing to share power with Congress

THE CPI-M central committee's decision not to join the Congress-led "secular" government underscores the fact that its mind set is unchanged since the "historic blunder" of 1996 when Jyoti Basu could have been prime minister. The party spurned the offer because they held it was a hotchpotch coalition dominated by "bourgeois" parties. Basu, they felt, would not be able to formulate and implement policies and programmes. Eight years later history repeats itself when the party decides that sharing power in a set up headed by the Congress was not acceptable. The question arises, did they not know this before the elections? After all it has always characterised Congress as "anti-people teeming with kulaks, money bags, pimps and gangsters". If Marxists find the class character of the party so reprehensible why did they go for seat adjustments with it in states where Congress is still alive and kicking. They even used Sonia Gandhi's portraits and messages in their party posters and banners to bag Congress votes. They chose to play second fiddle in their bid to regain lost ground in Andhra Pradesh and Tamil Nadu; the tactics of winning seats has paid off. Didn't they, including Jyoti Basu, appeal to Left voters to vote for Congress where the Left had no winning chances? Didn't they project "communal" BJP as the "enemy" which could be defeated only with the help of "secular" Congress? Having identified themselves so closely with Congress, the current effort to distance themselves amounts to reversing the party line.

The post-poll realisation that joining hands with Congress would mean "betraying the voters' trust" was not uttered before elections. Or, for that matter, there is Buddhadeb Bhattacharjee's latest statement that "relations between the CPI-M and Congress are like oil and water and both can never mix." Does Pranab Mukherjee whom they helped, and their party mix? There was the Congress poll pledge not to sell profit making PSUs and to put under the scanner those already disinvested by the NDA. Of course differences in approach between two parties on economic issues are natural but none in the Congress expected that an irresponsible statement like "Bhand me jaye disinvestment ministry" would be made immediately after the poll results, which led to sending markets crashing and giving rise to cynicism all around.

What is also strange is their adopting contradictory postures on Manmohan Singh. While on 13 May Buddhadeb and other party comrades had called him "the torch bearer and lackey of World Bank and IMF" five days later they were scrambling to "welcome him as the next prime minister". Not long ago they referred to him as the "infamous father of the reform process". Also no less intriguing is their indecision to be part of the coalition's coordination committee despite knowing that Sonia Gandhi was its chairperson. Insulating themselves from Congress and its coalition is now their overriding political goal as they don't want any part of the blame for the wrongs the new government may commit or which may be apportioned to them. One reason for this could be their wariness of the fallout at grassroots in their bastions — West Bengal and Kerala — where the impact of being seen in Congress company would be highly adverse specially when assembly elections in both states are due in 2006.

In the prevailing confusion, one issue is clear. Congress is not a party they can trust — yet!

THE STATESMAN

SLOW TO LEARN

Some learners are slower than others. When it comes to learning of responsibilities, the Communist Party of India (Marxist) has been slower than its compatriots. The reason for this is to be sought in the party's faith in the old politics of agitprop. Its transition from that to a party which can run governments or institutions has not been easy. The party's decision to stay away from the Congress-led government at the Centre had shown how it still remained a prisoner of its old rhetoric. But even the most obfuscated of minds cannot quite resist the winds of change. The closed world of the CPI(M) seems to have opened a wee bit. The proof comes in the party's decision to allow its veteran parliamentarian, Mr Somnath Chatterjee, to be the ruling United Progressive Alliance's candidate for the election to the post of Lok Sabha speaker. Mr Chatterjee is thus tipped to make history by becoming the first communist to hold such a high office in India. That Mr Chatterjee's name was suggested by the Congress president, Ms Sonia Gandhi, speaks of the changing political equations in the country. Obviously she rose above partisan considerations to make her choice. The CPI(M), on the other hand, had been too enmeshed in its partisan rhetoric to see the larger point of her gesture.

Better late than never, though. It is crucial that the Marxists now realize the importance of the new role they have been called upon to play. Donning the speaker's mantle is only a symbol of this larger role. Mr Chatterjee's long and varied experience as a parliamentarian could make him eminently suitable for the job, particularly at a time when the country is on the threshold of an important change of regime. But the real challenge for his party is to live up to the expectations about its role in the new dispensation. Even if it supports the government of Mr Manmohan Singh from outside, it has to bear the responsibilities of governance in a manner it has never done before. The transition for the party clearly has to be from the conventional mores of politics to finding its place in the society at large. To achieve that, the CPI(M) would need more than the sophistry with which it sought to justify its acceptance of Ms Gandhi's offer of the speaker's post for Mr Chatterjee. The sooner the party fully accepts that power — even if from outside the government — has its responsibilities, the better it will be for itself and the country. How soon the party emerges into this new realization will largely determine whether it is fit for a larger, non-partisan role in a pluralist society like India.

THE TIMES OF INDIA 21 MAY 2004

বামপন্থীরা আবার সুযোগ ছাড়লেন

সন্দেহ হয়, হাতে কোনও বিকল্প নেই

রজত রায়

বামপন্থীরা শেষ পর্যন্ত দিল্লিতে কংগ্রেসের নেতৃত্বাধীন জোট (ইউনাইটেড প্রোগ্রেসিভ ফ্রন্ট বা সংযুক্ত প্রগতিশীল মোর্চা) সরকারে যোগ না দেওয়ার সিদ্ধান্তেই অনড় রইল। সি পি আই রকারে যেতে তৈরি ছিল, কিন্তু সি পি আই এম বেঁকে সায় বাম ঐক্যের কথা ভেবে সরকারকে বাইরে থেকে মর্থনের সিদ্ধান্তই মেনে নিল। সি পি আইয়ের জাতীয় কর্মসমিতিতে সরকারে অংশ নেওয়ার পক্ষে ১৮ জন, বিপক্ষে ৬-৭ জন ভোট দিয়েছিলেন। অন্য দিকে, সি পি আই এম কেন্দ্রীয় কমিটিতে সরকারে যাওয়ার বিপক্ষেই ভোট পড়েছিল অনেক বেশি। কিন্তু একটা বিষয়ে দুই দলেই মিল রয়েছে, দুই দলেই পশ্চিমবঙ্গ ও কেরলের প্রতিনিধিরাই সরকারে যাওয়ার বিরোধিতায় সরব ছিলেন বেশি। দু'বছরের মধ্যেই দুই রাজ্যে বিধানসভার ভোট। দুই রাজ্যেই কংগ্রেসের বিরুদ্ধে ভোট লড়তে হবে। তাই কেন্দ্রে কংগ্রেস সরকারের অংশীদার হয়ে ওই ভোট লড়ার যে বাড়তি অসুবিধা, সেটা ডেকে আনতে চান না বামপন্থীরা। আরও কট্টরপন্থীরা অবশ্য অন্য একটা যুক্তিও দেখাচ্ছেন। তাঁদের বক্তব্য, কংগ্রেস সরকারের সঙ্গে বামপন্থীদের বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ প্রশ্নে নীতিগত সংঘাত অনিবার্য। অর্থনীতির উদারীকরণে, বিশেষত শিল্প ও পরিষেবা পরিচালনায় রাষ্ট্রের ভূমিকা দুর্বল করাতেও বামপন্থীদের কড়া আপত্তি রয়েছে। এই অবস্থায় সরকারে থেকে সেই সংঘাতকে গোড়াতেই খুঁচিয়ে তুলতে চান না তাঁরা।

জানা গিয়েছে, সনিয়া কংগ্রেস সংসদীয় দলের নেত্রী নির্বাচিত হওয়ার পরেই সটান বঙ্গভবনে জ্যোতি বসুর সঙ্গে দেখা করে প্রস্তাব দিয়েছিলেন, বামপন্থীরা সরকারে এলে তাঁদের উপ-প্রধানমন্ত্রী এবং আরও চারটি ক্যাবিনেট মন্ত্রীর পদ দেওয়া হবে। মন্ত্রী হওয়ার জন্য যেখানে দলনির্বিশেষে সবাই ঝাঁপিয়ে পড়ে, সেখানে বামপন্থীদের এই সংযমের প্রশংসা করতেই হয়। কিন্তু তা সত্ত্বেও খটকা থেকেই যায়।

সি পি আই এম অতীতেও বলেছে, সরকারের নীতি প্রভাবিত করার মতো শক্তি সংগ্রহ না হওয়া পর্যন্ত তাঁরা কেন্দ্রে সরকারে অংশ নিতে আগ্রহী নন। সরকারে না গিয়ে বাইরে থেকে সমর্থন জানানোর অন্যতম কারণ যদি এটাই হয় যে কংগ্রেস সরকার যে সব কাজ করতে পারে বা করবে, তার অনেক কিছুই বামরা পছন্দ করবে না, তা হলে বামদের কথা মেনে ধরেই নেওয়া যায়— কংগ্রেসের সেই সব কাজেই বামেদের নীতিগত আপত্তি, যা বামপন্থীদের চোখে জনস্বার্থবিরোধী। কিন্তু তা-ই যদি হয়, তবে বাইরে থেকে সমর্থন করে কংগ্রেস সরকারকে সেই সব 'জনস্বার্থবিরোধী' কাজ করতে দেওয়াই বা হবে কেন? বাইরে থেকে সমর্থন করে বামরা এই সব জনস্বার্থবিরোধী কাজ ঠেকাবেন বা কী করে?

গ্রাম, শ্রম, শিক্ষা, রুগ্ণ শিল্প

ভিতরে থেকে বামেরা জনস্বার্থবিরোধী কাজ ঠেকাতে পারতেন কি না, সে কথায় ঢোকার আগে একটা কথা ভেবে দেখা দরকার। এ বার কেন্দ্রে যে সরকার হতে চলেছে তাতে কংগ্রেসের নিজস্ব শক্তি খুবই কম, মাত্র ১৫৪ জন সদস্য। জোটের শরিকদের নিয়েও সাকুল্যে ২১৮। সেই কারণেই ৬১ সদস্যবিশিষ্ট বামপন্থীদের এত কদর, উপ-প্রধানমন্ত্রী ও চারটি ক্যাবিনেট মন্ত্রক দিতে চেয়ে এত সাধাসাধি। এখন এটা ভাবতে অসুবিধা নেই, বামপন্থীদের সঙ্গে কংগ্রেস জোট সরকারের নীতিগত বিরোধ গোড়া থেকেই থাকলেও কিছু দিন পর্যন্ত দু'পক্ষই চেষ্টা চালাবে যাতে মিলেমিশে চলা যায়। এটাও মানতে অসুবিধা নেই যে, শেষ পর্যন্ত মীমাংসা না হলে নীতির প্রশ্নে আপস না করে বামপন্থীরা এই সরকার থেকে সমর্থন তুলে নিতেও দ্বিধা করবে না। আমার বিনীত প্রশ্ন একটাই, নীতিগত সংঘাত তীব্র হলে সরকার থেকে সমর্থন তোলার রাস্তা যখন খোলাই রয়েছে, তখন গোড়ার সময়টা কৌশলগত কারণেই সরকারে থেকে কাজ করলে ক্ষতি কী হত?

ক্ষতি নয়, বরং একটা বড় লাভ হতে পারত। সরকারে যোগ দিয়ে বামপন্থীরা তাঁদের বিকল্প কর্মসূচির একটা রূপরেখা তুলে ধরতে পারতেন। ধরা যাক, সনিয়ার প্রস্তাব মেনে চারটি কেন্দ্রীয় মন্ত্রক বামেরা নিলেন। সেই চারটি মন্ত্রক হতেই পারত (১) গ্রামোন্নয়ন, (২) শ্রম, (৩) শিক্ষা এবং (৪) রুগ্ণ শিল্প পরিচর্যা। কী ভাবে এই চারটি মন্ত্রককে ব্যবহার করা যেত, তার একটা সংক্ষিপ্ত বর্ণনা করা যাক।

গ্রামোন্নয়নের কর্মসূচিগুলিকে মানুষের প্রয়োজনের সঙ্গে আরও মানানসই করে গ্রামে কর্মসংস্থান ও সম্পদসৃষ্টির একটা অন্য রূপরেখা বামপন্থীরা দেখাতে পারতেন। অবশ্যই এ ক্ষেত্রে পশ্চিমবঙ্গের মডেলে ভূমিসংস্কারের মতো দীর্ঘ উল্লম্ফনের কথা বলছি না। কিন্তু গ্রামে উন্নয়ন কর্মসূচি কী ভাবে গরিব ও প্রান্তিক মানুষদের আর্থিক ও সামাজিক ক্ষমতায়নে সাহায্য করে, সেটা করে দেখাবার সুযোগ অবশ্যই নেওয়া যেত।



কথায় চিঁড়ে ভিজবে? ইস্তাহার হাতে সি পি আই এম নেতারা।

শ্রমমন্ত্রকে গিয়ে বামপন্থীরা শিল্প, পরিষেবা ও অন্যত্র ছাঁটাই-হওয়া বা অন্য কারণে কাজ হারানো কর্মীদের জন্য একটা ভদ্রগোছের সামাজিক সুরক্ষাকবচের বন্দোবস্ত করতে পারতেন, অন্তত তার একটা সৎ চেষ্টা করে দেখাতে পারতেন। নরসিংহ রাও সরকারের অর্থমন্ত্রী থাকাকালীন মনমোহন সিংহ তাঁর প্রথম বাজেট বক্তৃতায় 'জাতীয় পুনর্গঠন প্রকল্প' ঘোষণা করে বলেছিলেন, বরাদ্দ টাকায় কাজ হারানো কর্মীদের পুনঃপ্রশিক্ষণ ও পুনর্নিয়োগের ব্যবস্থা হবে। কার্যত কিছুই হয়নি। গোড়ায় কিছু দিন ওই তহবিলের টাকায় রাষ্ট্রায়ত্ত শিল্পের কর্মীদের ভি আর এস দেওয়া হয়েছিল, তার পর আর কোনও উচ্চবাচ্য না করে তহবিলটাই তুলে দেওয়া হয়। তার পর থেকে এ পর্যন্ত অনেক নেতাই, এমনকী বিদায়ী প্রধানমন্ত্রী অটলবিহারী বাজপেয়ী পর্যন্ত সামাজিক সুরক্ষাকবচের কথা বলেছেন, করেননি কিছুই। বামেরা সেটা করে দেখাতে পারতেন।

শিক্ষায় গৈরিকিকরণের চেহারাটা তো সহজেই ধরা পড়ে, তাই তার প্রতিকার করাটা কঠিন নয়। কিন্তু গ্রামভারতের কোটি কোটি শিশুর প্রাথমিক শিক্ষার ব্যবস্থাটাই যে অবহেলিত, কেন্দ্রে শিক্ষা মন্ত্রকের দায়িত্ব নিয়ে বামেরা সে দিকে দৃষ্টি ফেরাতে পারতেন। ভূতপূর্ব সমাজতান্ত্রিক দুনিয়ার দেশগুলিতে আর কিছু না হোক, প্রাথমিক শিক্ষা বিস্তারের কাজটা এগিয়েছিল জোর কদমে। এ দেশের বামপন্থীরা এই সুযো[illegible]টা করে দেখিয়ে দিতে পারলে দেশের উপকার হত, তাঁদেরও সুখ্যাতি হত।

বামপন্থীদের বহু দিনের অভিযোগ, অনেক রুগ্ণ সংস্থা তুলে না দিয়ে, রোগ সারিয়ে তাদের লাভজনক করা সম্ভব। তা, সে চেষ্টাটাই তাঁরা সরকারে গিয়ে করতে পারতেন।

যদি মনে হয়, কংগ্রেস নীতিগত কারণে এ সবেই বাধা দিত, তা হলেও বামেরা হাতে যে সময় পেতেন তাতে অনায়াসে দেশের মানুষের কাছে বলতে পারতেন তাঁরা কী করতে চেয়েছিলেন, কেন করতে চেয়েছিলেন, কাদের উপকার হত, কারা বাধা দিচ্ছে ইত্যাদি। সরকার থেকে বেরিয়ে আসার দরজা তো খোলাই রয়েছে!

দায় তো নিতেই হবে

কিন্তু আমার মনে হয় না, সরকারে না যাওয়ার সিদ্ধান্তের সময় বামপন্থীদের মনে এই সব ভাবনাচিন্তা আদৌ ছিল। মনে রাখা দরকার, এ বার কেন্দ্রে বি জে পি জোট সরকারকে সরিয়ে ধর্মনিরপেক্ষ সরকার বসানোর আশ্বাস দিয়েছিল সি পি এম। সেই লক্ষ্যেই তারা ভোটের আগেই পশ্চিমবঙ্গ, ত্রিপুরা ও কেরলের বাইরে দেশের অন্যত্র কংগ্রেসকে সমর্থন করে। বি জে পি জোট পরাজিত, ফলে কংগ্রেসের নেতৃত্বে জোট সরকারকে ক্ষমতায় আনার ক্ষেত্রে বামপন্থীরা সফল। এই যে সাম্প্রদায়িক শক্তিকে ঠেকানোর জন্য কংগ্রেস সরকারকে ক্ষমতায় পৌঁছতে সাহায্য করা, সেটা গুরুত্বপূর্ণ। কিন্তু বি জে পি-কে ক্ষমতা থেকে দূরে রাখার তাগিদটাই যদি আন্তরিক হয়, তা হলে কংগ্রেস সরকারকে ক্ষমতায় টিকিয়ে রাখতে হবে।

সেই টিকিয়ে রাখার তাগিদে বামপন্থীরা কংগ্রেসের 'জনস্বার্থবিরোধী' কাজকেও প্রকারান্তরে অনুমোদন করতে বাধ্য হবেন, এমনটাই মনে হয়। বাইরে থেকে সমর্থন করার সুবাদে বড়জোর মাঝে-মধ্যে একটু-আধটু হইচই বা বিরক্তি প্রকাশ করে বোঝানোর চেষ্টা করবেন, সরকারকে সমর্থন করলেও বামেরা কংগ্রেসের 'জনস্বার্থবিরোধী' কাজকর্ম অনুমোদন করছেন না। ওই পর্যন্তই। বি জে পি জুজুর ভয়ে সরকার ফেলার দায়িত্ব নেবেন না।

এ ব্যাপারে ইতিহাসও তাঁদের বিপক্ষে। ১৯৭৯ সালে গোষ্ঠীদ্বন্দ্বে বিধ্বস্ত জনতা পার্টির সরকারকে বাঁচাতে তৎকালীন প্রধানমন্ত্রী মোরারজি দেশাই সাহায্য চাওয়া সত্ত্বেও বামেরা হাত বাড়ায়নি। ফলে, পরের বছরেই নির্বাচনে দারুণ ভাবে ক্ষমতায় ফিরে আসেন ইন্দিরা গাঁধী। এ বার নিশ্চয়ই বামরা সেই দায়িত্ব নিয়ে কংগ্রেস সরকারকে ফেলে বি জে পির পুনরুত্থানের দায়িত্ব নিতে চাইবেন না। অন্য ভাবে দেখলে, নীতির কথা বললেও কৌশলই যেখানে প্রধান, সেখানে কংগ্রেস সরকারকে বাইরে থেকে সমর্থন করার চাইতে সরকারে ঢুকলে মহাভারত অশুদ্ধ হত না। আরও একটা কথা মনে রাখা দরকার। এই কংগ্রেস আগের ইন্দিরা জমানার মতো শক্তিশালী নয়, ভাঙাগড়ার মধ্য দিয়ে চলেছে। লোকসভায় শক্তির বিচারেও তারা দুর্বল। ফলে নীতির প্রশ্নে প্রভাব বিস্তার করতে বামপন্থীরা সুযোগ পাবেন না, এ কথা ভাবার কারণ নেই।

শুধুই পশ্চিমবঙ্গ, কেরল ও ত্রিপুরায় দলীয় নির্বাচনী স্বার্থ রক্ষার তাগিদে বামেরা দিল্লিতে সরকারে গেল না, এ কথা বলার চাইতে এটা ভাবা ভাল যে, এত দিন বামপন্থীরা মুখে আর্থিক সংস্কার তথা উদার অর্থনীতির বিরুদ্ধে 'বিকল্প অর্থনীতি'র কথা বললেও সেই বিকল্পের কোনও রূপরেখা আমরা দেখতে পাইনি। এ বার সেটা হাতেকলমে, কিছুটা হলেও, করে দেখাবার সুযোগ এসেছিল। কিন্তু দেখা গেল, বামপন্থীরা সেই সুযোগ নিতে অনাগ্রহী। তাই সন্দেহ [illegible] বিশ্বায়নের এই ঝোড়ো হাওয়ায় উন্নয়নের সংজ্ঞা নিয়ে [illegible] জুড়ে যে বিতর্কের ঝড় চলছে, তাতে ভারতের বামপন্থীদে[illegible] দেওয়ার মতো কিছু নেই।

ANADABAZAR PATRIKA 19 MAY 2004

তবে কি বামপন্থাকে এ বার বাঘের ঘরে ঘোগ হতে হবে

সেই সুযোগ করে দিয়েছে এ বারের নির্বাচন। আমাদের বামপন্থা কি পারবে বিশ্বায়নের লাগাম ধরতে? কথার পিঠে কথা চাপিয়েছেন রংগন চক্রবর্তী ও অনির্বাণ চট্টোপাধ্যায়

রংগন: ভোটের তিন দিন আগে আমরা যখন কলকাতার রাস্তায় বেরিয়েছিলাম, চার দিক কী রকম চুপচাপ ছিল। কিন্তু, দেখো, সেই চুপচাপ থেকেও ভোটে তো একটা পরিবর্তন এল। আমি মনে করি না যে এটা একটা বিশাল পরিবর্তন, যে বিজেপি মুছে গেল, কংগ্রেস দারুণ জয়ী হল বা বিজেপির জায়গায় কংগ্রেস আসার ফলে একটা বৈপ্লবিক পরিবর্তন ঘটে যাবে। সে সব কিছুই নয়। তবু ভাল লাগছে...

অনির্বাণ: হ্যাঁ, ফিলিং গুড। আসলে, এ বারের ভোটের ফল দেখে মনে হল, দেশের যেন সম্বিৎ ফিরেছে। এন ডি এ আমলে আমার যেটা বার বার মনে হয়েছে, যেন একটা অ্যাবনর্মালিটি-র রাজত্ব। নরেন্দ্র মোদী, সে তো একেবারে পৈশাচিক ব্যাপার, যা অনিবার্য ভাবেই হিটলারের কথা মনে করিয়ে দেয়। কিন্তু অন্য কতকগুলো জিনিসও দেখো। প্রবীণ তোগাড়িয়া, অশোক সিংঘলদের যে ভাবে কুৎসিত আস্ফালন করতে দেওয়া হচ্ছিল, অরুণ শৌরী যে ভাবে সরকারি কোম্পানি বেচে দেওয়ার জন্য 'যে যা খুশি বলুক, কারও পরোয়া করি না' মার্কা স্টিমরোলার চালিয়ে দিয়েছিলেন, মুরলীমনোহর জোশী যে ভাবে সব শিক্ষা প্রতিষ্ঠানের দখল নিয়ে সিলেবাসে বৈদিক গণিত থেকে জ্যোতিষ, পুরোহিততন্ত্র থেকে আর্যগরিমার মিথ্যে কাহিনি, সব রকমের বাজে জিনিস ঢুকিয়ে দিয়ে গোটা দেশটাকে আস্তাকুঁড়ে পাঠিয়ে দেওয়ার ফন্দি এঁটেছিলেন, সবটাই কেমন অস্বাভাবিক, অপ্রকৃতিস্থ আচরণের মতো। এমনকী, মহামান্য অটলবিহারী বাজপেয়ী— এক বার নরম, এক বার গরম, এক বার কবিতা আওড়ান, পরের মুহূর্তেই গোধরা-উত্তর নরেন্দ্র মোদীর পিঠে হাত রাখেন— আমার কখনওই সুস্থ স্বাভাবিক মনে হয়নি। এই যে ধরো ইন্ডিয়া শাইনিং, এত ভাল ভাল কথা, এত ঝকঝকে ছবি, কিন্তু গোটা ক্যাম্পেনটাই একটা উৎকট নির্বুদ্ধিতার মতো ঠেকেছে। আমার তো মনে হয়, দেশের লোকে এই বাড়াবাড়ি, এই অ্যাবনর্মালিটিটাকেই প্রত্যাখ্যান করেছে। সাধারণ মানুষের 'সহজাত প্রজ্ঞা' নিয়ে অনেক কথা শুনি, খুব একটা ভরসা করি না। কিন্তু একটা কথা মানতেই হবে। মানুষ প্রাজ্ঞ হোক চাই না হোক, মানুষের কাণ্ডজ্ঞান আছে।

রংগন: আসলে বিজেপির অঙ্কটা গুলিয়ে গেছে। হিন্দুত্বর আসল হিসেবটা কী? সেটা তো হল, মাইনরিটি মুসলমানদের শায়েস্তা করার নামে মেজরিটির ভোট টানব। কিন্তু এদের সরকারি নীতিগুলো আবার সেই মেজরিটিরই পায়ের তলার মাটি কেড়ে নিয়েছে। যথেচ্ছ ডিসইনভেস্টমেন্ট করব, সরকারি কলকারখানা, খনি একের পর এক বন্ধ হয়ে যাবে, লক্ষ কোটি লোক পথে বসবে, রাতারাতি মধ্যবিত্তের সঞ্চয় উড়ে যাবে, তা হলে তো আর মসজিদ ভাঙার নামে ভোট পাওয়া যায় না। ইন্ডিয়া শাইনিং-এ আমরা যাঁদের ছবি দেখি তাঁরাই তো আসল মাইনরিটি। তাই না? তার ফলে যা হওয়ার তা-ই হয়েছে। তবে দুঃখটা কী জানো? টেলিভিশনে যখন বিজয়ী কংগ্রেস বা মুলায়ম-লালুপ্রসাদ-পওয়ারদের ছবি দেখছি, দেশের ভবিষ্যৎ সম্পর্কে খুব উৎসাহ হচ্ছে কি? সেই এক লোকগুলো আবার ফিরে আসছে।

অনির্বাণ: তা তো বটেই, তবে এ বারের ভোটে একটা ব্যাপার ঘটেছে। সরকারের চেহারা যেমনই হোক না কেন, তার নীতি ও কাজকর্মের ওপর বামপন্থী দলগুলোর, বিশেষ করে সি পি আই এমের একটা বড় রকমের প্রভাব থাকবে, অন্তত প্রভাব বিস্তারের সুযোগ তারা এ বার পেয়েছে। তোমার কি মনে হয় যে, এর ফলে সত্যিই কিছু বদলাবে?

রংগন: এই প্রশ্নটা আসলে আমি তোমাকেও করতে চাই। তার কারণ, আমার মতে এটাই এ বারের নির্বাচনের সবচেয়ে বড় প্রশ্ন। দেখো, সি পি আই এম মন্ত্রিসভায় গেল কি গেল না, তার পেছনে কতটা পিঠ বাঁচানোর, ভোট গোনার ব্যাপার আছে, মন্ত্রিসভার বাইরে থেকে সংসদের বিভিন্ন গুরুত্বপূর্ণ কমিটিগুলোকে নিয়ন্ত্রণ করে সরকারি নীতি কতটা বদলাতে পারবে, সে হিসেব জানি না। আমার প্রশ্নটা একটু অন্য। আজকের পৃথিবীতে দাঁড়িয়ে বহুজাতিক সংস্থা, বিশ্বব্যাঙ্ক, মার্কিন সাম্রাজ্যবাদ ইত্যাদির বিরোধিতা করে যাওয়া তো সহজ, কিন্তু প্রোসেসটার মধ্যে ঢুকে বিকল্প বার করা, মানুষের স্বার্থরক্ষা করা কি সম্ভব? তোমার কী মনে হয়?

অনির্বাণ: এ তো বড় কঠিন প্রশ্ন। যাকে বলে, দেবা ন জানন্তি, কুতো মনুষ্যাঃ। তবে আমার দুটো জিনিস বলার আছে। এক নম্বর হল, কোনও রেডিমেড বিকল্প আছে বলে আমি বিশ্বাস করি না। বিকল্প খোঁজাটাই আসল কাজ। এবং সেটা খুঁজতে হবে একেবারে এই সময়ের বাস্তবের জমিতে দাঁড়িয়ে। একটা হাতে-গরম উদাহরণ দিই। সি পি আইয়ের এ বি বর্ধন গত কাল বলেছেন যে, তাঁরা বিমা ব্যবসায় বিদেশি পুঁজি আনতে চান না, কিন্তু ইতিমধ্যেই যে সব বিদেশি বিমা কোম্পানি এখানে ব্যবসা শুরু করেছে, তাঁরা তাদের ব্যবসা বন্ধ করতেও চাইবেন না, কারণ বহু মানুষের সঞ্চয় ইতিমধ্যেই তাদের তহবিলে চলে গেছে, ব্যবসা বন্ধ হলে সেই মানুষগুলো বিপন্ন হবেন। আমার কাছে এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। অর্থাৎ, আমি যখন বিকল্প খুঁজব, তখন সব দিক বিচার করেই সেটা খুঁজতে হবে। কিন্তু তার মানে এই নয় যে বিকল্প নেই। যেমন, বিমা ব্যবসার নজির টেনেই বলা যায়, বিদেশি বিমা কোম্পানিগুলির কাজকারবার কী ভাবে নিয়ন্ত্রণ করা যায়, তারা এ দেশে যে সম্পদ সংগ্রহ করছে তা কী ভাবে দেশের সাধারণ মানুষের কাজে লাগানো যায়, সেটা খুঁজে দেখা সম্ভব। এবং যদি সে কাজ কিছুটাও করা যায়, তা হলে জানব যে গ্লোবাল ক্যাপিটাল-এর কাঠামোর ভিতরে দাঁড়িয়েই তাকে নিজেদের স্বার্থে ব্যবহারের একটা চেষ্টা করা গেল। আমার মনে হয়, বামপন্থীদের এটাই এখন কাজ।

রংগন: তুমি যেটা বলছ, সেটা কিন্তু এক ভাবে বামপন্থী রাজনীতি সম্পর্কে ধারণাটাকে পালটে ফেলারই একটা গল্প। যেমন ধরো, সি পি আই এম যদিও মূলত একটা সংসদীয় দল, তবু, সংসদীয় গণতন্ত্রে অংশগ্রহণ করাই আমাদের একমাত্র রাজনৈতিক অ্যাজেন্ডা, সমাজে বদল আনলে এ পথেই আনব— এ কথাটা, মনে মনে জানলেও, প্রকাশ্যে পুরোপুরি মেনে নেওয়া তাঁদের পক্ষে কঠিন। আজকে পশ্চিমবঙ্গের পার্টি-নেতৃত্ব প্র্যাগম্যাটিজম থেকে অন্য রকম ভাবে ভাবলেও পার্টির তত্ত্বে যে ধ্রুপদী বামপন্থা, তাতে তো একটা বিদ্রোহ-বিপ্লবের কথা বলে যেতেই হবে। যেটা সি পি আই এমের কৃতিত্ব, সেটা হল, সরকারকে ব্যবহার করে পার্টিকে শক্তিশালী করা, আবার তারই পাশাপাশি একটা বিরোধিতার গল্প দিয়ে মানুষের ক্ষোভগুলোকে ছোঁয়া। তা নইলে বন্ধ কলকারখানার এলাকা থেকে এঁরা জিতছেন কী করে? তবে এই গোঁজামিলটা ওঁরা চালিয়ে যেতে পারছেন, তার কারণ হল, একটা প্রদেশে ক্ষমতায় থেকেও সুবিধে মতো কেন্দ্রের নীতির নিন্দা করে যাওয়া যায়।

'ডব্লিউ টি ও নিপাত যাক' বললেই চলবে না। প্রতিবাদ সমাবেশে সি পি আই এম নেতা সীতারাম ইয়েচুরি। দিল্লি, অগস্ট ২০০৩

অনির্বাণ: দিল্লির সরকারে গেলে তো সেই সুবিধেটা থাকবে না।

রংগন: হ্যাঁ। সর্বভারতীয় স্তরে সরাসরি সরকারে অংশগ্রহণকে সমাজ পরিবর্তনের একমাত্র পথ হিসেবে স্বীকার করে, বিরোধিতা আর বিপ্লবের বুলি ছেড়ে কেন্দ্রীয় সরকারকে মানুষের স্বার্থে একটা নেগোসিয়েশনের হাতিয়ার হিসেবে ব্যবহার করার যে রাজনীতি, এই পার্টির কাছে তার একটা ঝুঁকি আছে। দুধ না তামাক— বেছে নিতে হবে। আমার মতে, কেন্দ্রীয় সরকারে যাওয়া-না-যাওয়া নিয়ে বামপন্থীদের যে দোলাচল, তার মূল কারণ এটাই। কিন্তু আজকের পৃথিবীতে দাঁড়িয়ে মানুষের বৃহত্তর আন্দোলনের সমর্থনে পুষ্ট একটা সরকার তো বিভিন্ন ফোরামে বিশ্ব পুঁজি, বৃহৎ শক্তিগুলির আগ্রাসী রাষ্ট্রীয় সন্ত্রাস ইত্যাদির সঙ্গে যুঝবার একটা বৈধ অস্ত্র হয়ে উঠতে পারে। আমাদের বামপন্থীরা কি কখনওই সেই চেষ্টা করবেন না?

অনির্বাণ: এখানেই আমি দ্বিতীয় যে কথাটা বলতে চাইছিলাম, সেটা হয়তো প্রাসঙ্গিক হতে পারে। কেন্দ্রীয় সরকারে যোগ দিয়ে বা বাইরে থেকে তার ওপর প্রভাব বিস্তার করে বামপন্থীরা রাষ্ট্রযন্ত্রকে মানুষের স্বার্থে ব্যবহার করার কিছু নতুন সুযোগ পেয়েছেন। এই সুযোগ কাজে লাগাতে চাইলে কূপমণ্ডূক হয়ে গ্লোবাল ক্যাপিটালের মুখের ওপর দরজা বন্ধ করে দিলে চলবে না। বরং, তুমি শেষকালে যে কথাটা বললে, রাষ্ট্র আর তার সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানকে যথাসম্ভব কাজে লাগিয়ে ওই বিশ্ব পুঁজির মহড়া নেওয়ার চেষ্টা করতে হবে। যেমন, গত সেপ্টেম্বরে মেক্সিকোর কানকুন-এ ডব্লিউ টি ও-র আলোচনাচক্র ভেস্তে গিয়েছিল। এখন পশ্চিম দুনিয়া, বিশেষ করে আমেরিকা সেটা নতুন করে শুরু করাতে চাইছে, নিজেদেরই স্বার্থে। ওয়াশিংটন চায় নতুন আলোচনার মাধ্যমে বাড়তি কিছু সুযোগসুবিধে আদায় করতে। সে জন্য তারা কিছু ছাড়তেও রাজি। এ বার, ভারত সরকারের কাজ হবে এই সুযোগের সদ্ব্যবহার করা, যাতে নতুন আলোচনা থেকে কিছু সুবিধে আদায় করে নেওয়া যায়, যেমন ওষুধের পেটেন্টের কড়াকড়ি যথাসম্ভব শিথিল করা যায়। আবার বিশ্বায়নের দুনিয়ায় শ্রমিক-কর্মীদের কাজের নিরাপত্তা ক্রমশই কমছে। তাঁদের জন্য সামাজিক নিরাপত্তার বন্দোবস্ত করা, এটাও একটা লড়াই। কিংবা, দুনিয়া জুড়ে নানা ধরনের পরিবেশ আন্দোলন চলছে, যার অনেকটাই আসলে বিশ্বায়নের মোকাবিলার চেষ্টা, সেই আন্দোলনকে আমাদের রাষ্ট্রীয় নীতি পরিচালনায় কী ভাবে কতখানি কাজে লাগানো যায়, ভাবতে হবে। এগুলো একেবারেই সহজ কাজ নয়। গ্লোবাল ক্যাপিটাল এবং তার অনুগামী দেশি পুঁজি এ ধরনের উদ্যোগ বানচাল করার চেষ্টা চালাবে। কিন্তু দেশের ভেতরে, তৃতীয় বিশ্বের নানা অঞ্চলে এবং আন্তর্জাতিক স্তরেও এ ধরনের প্রতিরোধের সমর্থনে গুরুত্বপূর্ণ সংগঠন তৈরি হয়েছে, আন্দোলন জমেছে। গ্লোবাল সোশাল ফোরাম তার একটা উদাহরণ। আমাদের বামপন্থীরাও, কিছুটা উপায়ান্তর না দেখেই, তার সঙ্গী হয়েছেন, তার স্পেসটা ব্যবহার করতে চাইছেন। এ বার তো তাঁরা জাতীয় স্তরে আরও প্রভাবশালী ভূমিকায়। বিশ্বায়নের শক্তিগুলোর সঙ্গে লেনদেনে তাঁরা এই রাষ্ট্রীয় স্পেসটাও ব্যবহার করতে পারবেন। সেটা কিন্তু বাইরে দাঁড়িয়ে হবে না।

রংগন: বলছ বটে, কিন্তু ভেতরে ঢুকতে গেলেই যে ভেতরে ঢুকতে দেবে, তা তো নয়। বিশ্বায়নের যে অর্ডারটা, সে তো সামান্যতম বেগড়বাই দেখলেই ঝাঁপ ফেলে দেওয়ার ভয় দেখাবে। দেখছ না, বিলগ্নিকরণ নিয়ে ইয়েচুরির একটা কথায় নাকি সেনসেক্স এক ধাক্কায় সাতশো পড়ে গেল। কাজেই মানুষের স্বার্থরক্ষায় যে লড়ব, আবার বিশ্বায়নের ময়দানে নামব, তার জায়গা কতটুকু?

অনির্বাণ: সেনসেক্স কিন্তু পাড়ার ছোট্ট পার্কের সেই ডানপিটে ছেলের মতো, এই পড়ল, আবার দেখবে প্যান্টের ধুলো-টুলো ঝেড়ে দিব্যি উঠে দাঁড়িয়েছে। তবে মূল সমস্যাটা অবশ্যই যাকে বলে 'গম্ভীর'। বিশ্বায়নের শক্তিগুলো তো একটু মার খেলেই পাল্টা বেধড়ক মার দিতে তৈরি। কিন্তু তার মানে এই নয় যে, তাদের সঙ্গে কোনও ভাবেই লড়া যায় না। কোক-পেপসির গল্পটা মনে করো। ভারতের মতো দেশের একটা গবেষণা সংস্থা অমন একটা এম্পায়ারকে নাড়িয়ে দিল। দিল তো!

রংগন: খুব ইন্টারেস্টিং। তুমি কিন্তু এক ধরনের অসহযোগ আন্দোলনের কথা বলছ। তার মানে বিরোধিতার নতুন ভাষা, আন্দোলনের নতুন চেহারা নিয়ে ভাবতে হবে। আচ্ছা, তার মানে কি বামপন্থাকে এ বার বাঘের ঘরে ঘোগ হতে হবে?

অনির্বাণ: সব ক্ষেত্রেই যে অসহযোগ, তা না-ও হতে পারে। বরং আমি উইন্ডোজ-এর বদলে 'বিনি পয়সা'র লাইনাক্সকে কাজে লাগিয়ে বিল গেটস-এর একচেটিয়া আধিপত্য ভাঙার চেষ্টা করতে পারি। কিংবা কৃষিপণ্যে ভর্তুকির প্রশ্নে আমেরিকা-ইউরোপের দ্বন্দ্বযুদ্ধ থেকে আমার দেশের ছোট চাষির জন্য কিছু সুবিধে আদায় করে নিতে পারি। এটা কিন্তু কম বিপ্লব নয়। আসল কথা হল, আমাদের বামপন্থীরা এত দিন হয় চরম নয় নরম— তাঁরা যখন বিশ্বায়নের বিরোধিতা করেছেন তখন পুরোপুরি বাইরে দাঁড়িয়ে তাকে প্রত্যাখ্যান করেছেন, আবার যখন বুদ্ধদেববাবুর মতো মরিয়া হয়ে বিশ্ব পুঁজিকে ডেকে আনছেন তখন যেন নিঃশর্ত আত্মসমর্পণ। লড়তে গেলে এর কোনওটাই চলবে না। লড়াইয়ের একটা নতুন জমি তৈরি করে নিতে হবে বিশ্ব পুঁজির ভেতরে দাঁড়িয়ে। এই নির্বাচন তার একটা ছোট্ট সুযোগ করে দিয়েছে।

রংগন: এটা আসলে বামপন্থাকেই পরীক্ষা করার, তার একটা নতুন চেহারা খোঁজার সুযোগ। আমার তো মনে হয় যে এই পরীক্ষাটাতে গোটা পৃথিবীর ইন্টারেস্টেড হওয়া উচিত। তার কারণ, বিশ্বায়নের মুক্তিমন্ত্রে যে ইতিহাসের অবসান ঘটেনি, সেটা তো আমরা টের পেয়ে গেছি। আবার, উইন্টার প্যালেস দখল করেও তো শেষ পর্যন্ত শেষ লড়াই শেষ হয়নি। আসলে এই খোঁজটাই তো চলছে চলবে।

ANADABAZAR P... 19 MAY 2004

Left not to join government

By Sandeep Dikshit

NEW DELHI, MAY 17. A joint meeting of the Left parties today decided against being part of a Congress-led secular government. While extending support from outside, they resolved to "ensure that any machinations by the BJP and the communal forces to destabilise the government would be foiled." At the same time, they said the Government would be on watch as the "policy direction of the new government is going to be determined with the formulation of a common minimum programme (CMP)."

The Left parties said the verdict was for the formation of a secular government at the Centre and this was one of their main aims in the election campaign. "The Left parties have, therefore, decided to extend support to the Congress-led coalition government, which is to be formed under the leadership of Sonia Gandhi," said a communiqué released to the press after the meeting of the Communist Party of India (Marxist), the Communist Party of India (CPI) and the All-India Forward Bloc (AIFB).

The CPI was in favour of joining the government and the CPI (M) and the AIFB opposed the move but they decided to take a common stand. Leaders of the Revolutionary Socialist Party attended the meeting and informed that their central committee would meet tomorrow to take a final view. Asked whether the CPI(M) view had prevailed, the CPI general secretary, A.B. Bardhan, said that "no one party vetoed the position of the other. Since the CPI (M) and the AIFB decided not to join the Government, we stood by them."

Asked whether the issue of joining the government at a later date was still open, the CPI (M) general secretary, Harkishan Singh Surjeet, said, "At the moment it is not there. We have never joined this type of government because we are not sure we will be able to fulfil the aspirations of the people." Mr. Surjeet said the CMP would be the first "test" for the new government. The Left parties had submitted their election manifestos to the senior Congress leader, Manmohan Singh, who was preparing a rough draft. It would be finalised only after all the allies approved of it.

The meeting deliberated over the nature of cooperation to be extended to the new government, their extent of "association" with it and whether a committee should be set up to constitute the CMP. "We are committed to supporting the Congress-led government and ensuring that the BJP does not come back," said the CPI (M) Politburo member, Prakash Karat.

THE HINDU 18 MAY 2004

CPM vs CPI, and CPM vs CPM

Pro-changers lose by 15 votes after passionate debate

Aloke Banerjee & HTC
Kolkata/New Delhi, May 17

IT WASN'T a collective decision as officially claimed. Pro-changers in the CPI(M), who favoured joining a Congress-led government at the Centre, lost out to the no-changers by 15 votes when the central committee met today to decide whether the party should share power at the Centre.

But if the CPI(M) was divided, it was a division within a division. The Left itself was divided, with the CPI keen to join the government. The party chose to follow the CPI-M and stay out only because it did not want to jeopardise Left unity.

Earlier, when the CPI(M) central committee met and put the issue to vote, the pro-changers led by H.S. Surjeet, Jyoti Basu and Somnath Chatterjee polled only 31 votes. The Prakash Karat-Biman Bose-Buddhadeb Bhattacharjee lobby's tally was 46.

AFP

CPM's Surjeet addresses the media flanked by CPI's A.B. Bardhan and FB's Debabrata Biswas on Monday.

Top CPI(M) sources said if the no-changers' numerical strength was one factor that settled the issue, the other factor was surely Congress leader Manmohan Singh's statement yesterday that the new government was committed to liberalisation. The hardliners also mentioned Singh's loaded silence on the Left's demand that the government must roll back the import liberalisation policy. The no-changers argued that it would be impossible for the Left to wean the Congress away from the NDA government's pro-rich economic policies.

The pro-changers led by Somnath Chatterjee argued that by joining the Cabinet, the CPI(M) would gain in strength and would be able to mount pressure on the Congress to alter its policies. Supported by Md Selim and some members from Andhra Pradesh, Chatterjee said that if the CPI(M) gave the government only outside support, this would be seen as betrayal by those who had voted Left.

But the hardliners harped on Manmohan Singh's statements and stressed that the Congress, being representatives of the bourgeoisie and landed gentry, would never implement pro-poor policies and would have to wilt under pressure from the corporate lobby and foreign interests.

This would compromise the Left's credibility and long-term interests. Also, if the CPI(M) ever felt forced to leave the Cabinet, it would be blamed for jeopardising the country's stability.

Moreover, the Left's immediate interests in Bengal, Kerala and Tripura would be affected if the party shared power at the Centre, they argued.

After the meeting Surjeet, Karat, Yechury, Bose and Chatterjee met the top leaders of the CPI, RSP and the Forward Bloc to communicate the central committee's decision. All three junior partners said they would abide by the CPI(M)'s decision for the sake of Left unity. The CPI(M)'s decision has also influenced the SP-RLD combine's stand. The two parties said they had "no desire or lust" for power and would stay out of the government.

THE HINDUSTAN TIMES 18 MAY 2004

না! জানিয়ে দিল সি পি এম

বসু মর্মাহত • অধিকাংশই সরকারে যাওয়ার বিরুদ্ধে

রাজনৈতিক পটপরিবর্তনের ছায়া শিল্পীর চিত্রপটে। কলকাতার ফুটপাথে চার ছেলেমেয়েকে নিয়ে থাকেন রমজান হসেন। পেনসিলে ছবি আঁকেন নামী মানুষদের। এখন বিষয় সোনিয়া। ছবি: অমিত ধর

বাম-সংহতির স্বার্থে বাইরেই থাকছে এবার সি পি আই

দেবারুণ রায়, দিল্লি

১৭ মে— সি পি এম সরকারে না যাওয়ার সিদ্ধান্ত ঘোষণা করল আরও দুই বাম শরিকের সঙ্গে। সুরজিৎ সব সংশয় কাটিয়ে ঘোষণা করলেন, কংগ্রেস নেতৃত্বাধীন ধর্মনিরপেক্ষ জোটের সরকারকে কোনওমতেই পড়তে দেব না। বি জে পি যেমন হতাশ আছে তেমনই হতাশ থাকতে হবে তাদের। কেন্দ্রীয় কমিটির বৈঠক থেকে বেরিয়ে জ্যোতি বসু বলেন, সরকারে যাওয়ার প্রস্তাব ভোটে পরাস্ত হয়েছে। যদিও পরে প্রকাশ কারাত বলেন, প্রস্তাবের পক্ষে কয়েকজন সদস্য হাত তুলেছিলেন। কিন্তু ভোটের প্রক্রিয়া পুরোপুরি করা হয়নি। গতকাল ২২ জন বলেছিলেন প্রস্তাবের ওপর। আজ সকালে বলেন ১৩ জন। জ্যোতি বসু ও হরকিষেন সিং সুরজিৎ দলের সিদ্ধান্তের পর দৃশ্যতই ছিলেন ক্ষুব্ধ। সোমনাথ চট্টোপাধ্যায়, হান্নান মোল্লা বা এম এ বেবিরাও। কিন্তু ৯৬-এর মতো কেন্দ্রীয় কমিটিতে পক্ষে-বিপক্ষে প্রায় সমান সংখ্যক সদস্যের অবস্থান ছিল না। পার্থক্য ছিল পরিস্থিতিতেও। ৯৬-এ ছিল জ্যোতি বসুকে প্রধানমন্ত্রী করার প্রশ্ন। স্বভাবতই ইস্যুটি তখন ছিল আবেগের। এবার স্থায়িত্বের স্বার্থে জ্যোতি বসু ও সুরজিৎ চেয়েছিলেন তাঁদের দল সরকারে থাকুক। শেষ পর্যন্ত তাঁরা তাঁদের অবস্থানে অনড় থাকেন তবে, ৯৬-এর মতো হিন্দি বলয়ের সদস্যরা বেশির ভাগ সরকারে যাওয়ার পক্ষে ছিলেন না। বরং অন্ধ্র রাজ্য কমিটির গরিষ্ঠ অংশ কংগ্রেসের সঙ্গে সরকারে যেতে চেয়েছিল। চেয়েছিলেন সীতারাম ইয়েচুরি। যিনি গতবার শেষ মুহূর্তে ভোট দিয়েছিলেন জ্যোতি বসুর বিরুদ্ধে। মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য ৯৬-তে বসুর প্রস্তাবের এক নম্বর সমর্থক ছিলেন। এবার তিনি কেন্দ্রীয় কমিটিতে কিছু না বললেও পলিটব্যুরোয় জানিয়ে দেন তাঁর বিরোধী মতামত। চাননি এবার সরকারে যেতে। বিমান বসু গতবারও চাননি, এবারও। একই ভাবে বিনয় কোঙার, নিরুপম সেন, চিত্তব্রত মজুমদারও 'না' ভোটেই অনড় আছেন। অন্যদিকে গতবারও বসুর পক্ষে ভোট দিয়েছিলেন সোমনাথ চট্টোপাধ্যায়, হান্নান মোল্লা। এবারও এঁরা পক্ষে। পক্ষে আগেও ছিলেন, এবারও আছেন বেবি। প্রকাশ কারাত, অচ্যুতানন্দন, এস আর পিল্লাই প্রমুখ গতবারও বিরুদ্ধে ছিলেন, এবারও। আজ সি পি এমের 'না' যাওয়ার সিদ্ধান্ত সোনিয়াকে জানিয়ে দিতে দলের তরফ থেকে ১০ জনপথে যান সীতারাম ইয়েচুরি। আজ কেন্দ্রীয় কমিটির বৈঠকের শেষে সবাই যখন কথায় ব্যস্ত, সে সময় সীতারাম ইয়েচুরি উঠে বলেন, আমরা তা হলে কী রায় নিয়ে যাচ্ছি সেটা স্পষ্ট করা হোক। তিনি বলেন, কেন্দ্রীয় কমিটির আলোচনায় আমি যতটুকু বুঝেছি তা হল: আমরা সরকারকে বাইরে থেকে সমর্থন করছি। সরকারে যোগ দিচ্ছি না। এবং ন্যূনতম সাধারণ কর্মসূচি মনঃপূত হলে আমরা তাতে স্বাক্ষর করব। সীতারামের এই কথায় সমর্থন মেলে সদস্যদের। সদস্যরা কেউ কেউ দাবি তোলেন, আমরা যখন কংগ্রেস নেতৃত্বাধীন সরকারকে সমর্থন করছি, তখন সরকারের সঙ্গে মতবিনিময়ের একটা মঞ্চ থাকা উচিত। বলা হয়, ন্যূনতম সাধারণ কর্মসূচি তৈরির আগে কংগ্রেস যে খসড়া কর্মসূচি দেবে, তা দেখে আমরা পরবর্তী পদক্ষেপ নেব। সি পি আই জাতীয় কর্মসমিতিতে আজ সরকারে যাওয়ার পক্ষে ছিল বিপুল গরিষ্ঠতা। গুরুদাস দাশগুপ্ত কংগ্রেসের সরকারে যাওয়ার বিরুদ্ধে যুক্তিগুলি তুলে ধরেন। ভোটাভুটির দরকার হয়নি। সিদ্ধান্ত পক্ষেই হয়ে যাওয়ার পর সাধারণ সম্পাদক এ বি বর্ধন বলেন, সরকারে যেতে আপত্তি নেই। তবে আমরা শুধু ১০ জন নই, গেলে ৬৪ জন বামপন্থীই সরকারে যাব। বাকিরা না গেলে আমরাও বাইরে থেকেই সমর্থন দেব। আজ বঙ্গভবনে তিন বাম দলের সাংবাদিক বৈঠকে সুরজিৎ 'না' যাওয়ার সিদ্ধান্ত ঘোষণা করেন। নানা প্রশ্নের উত্তরে সরকারে যোগদানের কট্টর বিরোধী প্রকাশ কারাত বলেন, পরিস্থিতি যেমনই হোক না কেন, আমরা কেন্দ্রে কংগ্রেস নেতৃত্বাধীন সরকারকে সমর্থন দিয়ে যাব। বি জে পি-কে হতাশ রাখতেই আমাদের এই সিদ্ধান্ত। সুরজিৎ সঙ্গে জুড়ে দেন একটি বাক্য: এই সরকারকে আমরা পড়তে দেব না। তিনি আগেই বলেন, আমরা দেশের জনসাধারণের কাছে প্রতিশ্রুতিবদ্ধ, কেন্দ্রে ধর্মনিরপেক্ষ সরকার গড়তে। সুরজিৎ বলেন, সমর্থন শর্তাধীন নয়। তবে যে কোনওভাবে সরকারের সঙ্গে নিজেদের যুক্ত করাটা শর্তাধীন। তিনি বলেন, বাজপেয়ীকে ফের গদিতে বসানোর মতো কোনও কাজ আমরা করব না। সীতারাম ইয়েচুরি বলেন, 'সেনসেক্সের গ্রাফ' নিয়ে আসলে ষড়যন্ত্র চলছে শেয়ার বাজারে। অরুণ শৌরিই বলেছেন, শেয়ার বাজারের এই কালোয়াতির পেছনে আছে ১০ জন লোক। তারা কারা? তাদের নাম বলুন, সরকার ব্যবস্থা নেবে। আসলে বি জে পি গোহারা হেরে গিয়েও হার স্বীকার করতে নারাজ। লোক খেপানোর চেষ্টা করছে তারা। জনগণ তাদের পরাস্ত করেছে। মানতে পারছে না বি জে পি। হাতে কোনও ইস্যু নেই। তাই 'বিদেশিনী'র দ্বারস্থ। সুরজিৎ বলেন, সরকারে কর্মসূচির খসড়া দেবে কংগ্রেস। আগে কর্মসূচির ধরনটা দেখি। তারপর আমাদের সহযোগিতার ধরনও ঠিক হবে। তবে সরকারকে পড়তে দেব না কিছুতেই।

সুরজিতের ক্ষোভ: ৯৬-এর কেন্দ্রীয় কমিটি বৈঠকে বসুর সরকারের প্রস্তাব খারিজ হওয়ার পর অশ্রুবর্ষণ করেছিলেন সুরজিৎ। বলেছিলেন, আমি যখন দলকে আমার সঙ্গে নিতে ব্যর্থ, তখন আর সাধারণ সম্পাদক থাকতে চাই না। লিখিত ইস্তফাই পেশ করেছিলেন। কেন্দ্রীয় কমিটি তা খারিজ করেছিল। এবার তেমন

এরপর ৫ পাতায়

না! জানিয়ে দিল সি পি এম

১ পাতার পর

পরিস্থিতি হয়নি। সুরজিৎ পদত্যাগও করেননি। শুধু দুঃখ করেছেন এক ঘনিষ্ঠ বন্ধুর কাছে। বলেছেন, ১৯৩৪ থেকে আজ পর্যন্ত পার্টি-জীবনে আমি সক্রিয়। অবিভক্ত কমিউনিস্ট পার্টিতেও ছিলাম,মতের দিক থেকে সংখ্যালঘু, পার্টি ভাগের পরও তাই। উল্লেখ্য, আজ সুরজিতের সঙ্গে যাঁরা ছিলেন তাঁদের মধ্যে নতুন সংযোজন বলতে একমাত্র সীতারাম ইয়েচুরি। নির্মলা দেশপাণ্ডের আপিল প্রথমে এ কে গোপালন ভবনে, তারপর অজয় ভবনে সমাজকর্মী স্বেচ্ছাসেবী সহকর্মী বুদ্ধিজীবীদের নিয়ে হাজির হন গান্ধীবাদী নেত্রী নির্মলা দেশপাণ্ডে। জাভেদ আখতার, শাবানা আজমি, শ্যাম বেনেগাল, হাবিব তনবীর-সহ এক হাজার বুদ্ধিজীবী সই করে চিঠি পাঠান দুই কমিউনিস্ট দপ্তরে। 'দোহাই আপনাদের। সংখ্যালঘুদের স্বার্থে, সাধারণ মানুষের স্বার্থে আপনারা সরকারে যোগ দিন।' কেন্দ্রীয় সরকারের উচ্চপদস্থ অফিসাররাও বসুর দ্বারস্থ। একই আবেদন। ওঁরা সরকারে থাকলে সরকারের স্থায়িত্ব বাড়বে। কিন্তু সবার আবেদনই খারিজ করে সিদ্ধান্ত গৃহীত হওয়ার পর বাম বৈঠকে বর্ধন বললেন, আমরা আলাদা সিদ্ধান্ত নেব না। পরে কি পুনর্বিবেচনার অবকাশ আছে? প্রকাশ কারাত বললেন, আমাদের দলে নেই।

AAJKAL

18 MAY 2004

Building An Enterprise-Oriented West Bengal Is Top Priority

Left support for Cong will be a crucial factor, feels Salim

Team ET
KOLKATA 16 MAY

EVEN as the central leadership of the Left Front deliberates in New Delhi on the policy nitty-gritty vis-à-vis its role in the prospective Congress-led coalition government at the centre and while the stock market trembles at the prospect of reforms taking a backseat due to Leftist influence, CPI(M) party circles in Kolkata wonder what the hullabaloo is all about.

CPI(M)'s GenX leaders especially, appear unmoved at the hurtling fall of the sensex, although they do concede that India Inc is apprehensive of the Left's role in the new government and about the extent of its influence in swinging critical decisions.

Ask Md Salim, CPI(M)'s man of the hour in the critical Kolkata northeast constituency. At 46, Mr Salim, a central committee member, is among the youngest upcoming stars of the party, who has, in the recently concluded polls, helped the CPI(M) wrest the seat from arch rival and Trinamool Congress stalwart Ajit Panja. Mr Salim sits insulated from the searing 41 degrees mercury in an extra-chilled room at the West Bengal Minority Services Commission talking to ET.

"We have all seen how the sensex has reacted over the last few days" said Mr Salim. "But the rapid slide in the sensex and the erosion of market cap has not only been due to fears about the extent of the possible Left influence in decision making of the new government. The slide had started even earlier when it became apparent that the NDA government will not be able to come to power" he said.

One of the few in CPI(M) who appear to know some of the rudiments of stock market functioning, Mr Salim attributed the latest crash of the sensex more to the speculative nature of the market. "We all know how speculative the stock markets can be at times and how they can react severely to the slightest apprehensions" he remarked. "It's knee-jerk reaction at its best" he said.

Seen widely as a protégé of chief minister Buddhadeb Bhattacharjee, Mr Salim seemed more taken in by the apprehensions of India Inc. "Yes, Corporate India also appears to be worried and we have noted that. Their fears may actually be related to their apprehensions about the onward march of the reforms process in a Left-supported government scenario. But I personally feel, this is a minor hiccup and it will pass off. Let them watch us perform over the next two to three years" he said.

THREE'S COMPANY: Buddhadeb Bhattacharjee (right), Somnath Chatterjee (centre) and Mohammad Salim during the party's central committee meeting. – PTI

Mr Salim felt that the biggest plus point of the forthcoming Congress-led government will be its stability factor. "As I personally see it, the Left dependence is perhaps going to be the Congress-led government's biggest plus point, because the Left represents firmness and stability. The Left has never ditched anybody in its history once it has decided to be an ally. In this case too, I believe that will be so, if that is the overall policy framework is conducive enough".

As party stalwarts parley with the Congress and other smaller parties in the runup to the new government, young turks like Mr Salim seem to have also joined the campaign to dispel, what they call are "misplaced fears" about the CPI(M) vis-à-vis economic reforms.

"It is not that the Left is anti-reforms. In West Bengal, we have been doing reforms our way, in our style. What we do not opt for is mindless, rudderless, ruthless reforms. We favour reforms that have a human face. That is about all that we say vis-à-vis reforms" explained Mr Salim.

"Reforms has long ceased to be an issue in the state. The issue for quite sometime now is how rapidly we can steer reforms to build an enterprise-oriented West Bengal for the upwardly mobile and forward-looking, without neglecting the vast majority of the population" Mr Salim said.

"The people have voted for a non-BJP government. A pure Congress government has also not been voted for. We have long said that India has stepped into an age of coalition politics, which others have begun to realise only lately. As such, we see ourselves in a steering role in the new government." he said. Wasn't this perhaps the best ever chance of joining the Centre? Mr Salim, typical of the party's internal discipline, refuses to answer. "That is an issue for the central committee to decide" he said.

However, it is by now quite clear that the Left support to the new government will only be from outside, despite the fact that quite a few of the stalwarts do want to join the government directly. Maybe, the Left does not want to fall into the "anti-incumbency trap" that many feel is inevitable even with the new government as the months roll by.

The Economic Times 17 MAY 2004

বৈঠক চলছে, মুখ খুললে বার করে দেবে, বললেন বসু



বিতর্ক চলছেই। বৈঠকে যাচ্ছেন জ্যোতি বসু। রবিবার। — এ এফ পি

অগ্নি রায় ● নয়াদিল্লি

১৬ মে: আট বছর আগে তিনি বলেছিলেন 'ঐতিহাসিক ভুল।' আজ একই পরিস্থিতিতে জ্যোতি বসু দৃশ্যতই বিষণ্ণ। সরকারে যাওয়া না-যাওয়ার প্রশ্নে স্বাভাবসিদ্ধ সুরে তিনি বলেছেন, "বৈঠক চলছে। কিছু বলতে পারব না। বললে দল থেকে আমায় বার করে দেওয়া হবে।"

সনিয়া গাঁধী কাল সংসদীয় কমিটির বৈঠকে নেতা নির্বাচিত হওয়ার পরেই এসেছিলেন বঙ্গভবনে, সরকারে যোগ দেওয়ার সনির্বন্ধ অনুরোধ নিয়ে। রাজনৈতিক সূত্রের খবর, সরকারে এলে উপ-প্রধানমন্ত্রিত্ব-সহ তিনটি মন্ত্রিত্বের প্রস্তাব সনিয়া বসুকে দিয়েছিলেন। চেষ্টা করেছিলেন প্রণব মুখোপাধ্যায়ও।

ভোটের ফলে বি জে পি দিল্লির তখত থেকে মুছে যাওয়ার পরের দিনই রাজধানী পৌঁছান জ্যোতিবাবু। দিল্লির রাজনৈতিক মহল তখন ফুটছে সি পি এমের সরকারে যাওয়া না-যাওয়ার বিতর্কে। সাম্প্রদায়িক শক্তিকে হঠাতে সনিয়াকে সমর্থনের কথা তিনি দীর্ঘ দিন ধরে বলে এসেছেন। ইঙ্গিতে বুঝিয়েছেন, সরকারে যাওয়ার প্রশ্নে তাঁর সম্মতি রয়েছে। তিনি পৌঁছাতেই তাঁর কাছে কংগ্রেস-সহ শরিকদলের নেতাদের আনাগোনা, দৌত্য লেগেই আছে।

দলের কেন্দ্রীয় কমিটির বৈঠকের পাশাপাশি এ সবও সাগ্রহে সামলেছেন জ্যোতিবাবু। '৯৬ সালে প্রধানমন্ত্রিত্বে যাওয়া বা না-যাওয়া সি পি এমের যে কেন্দ্রীয় কমিটির বৈঠকে নির্ধারিত হয়েছিল সেখানে একটি বারের জন্যেও মুখ খোলেননি তিনি। এ বার সরকারে যাওয়া, না-যাওয়ার প্রশ্নে দলের ভিতরে-বাইরে জ্যোতিবাবু ছিলেন সক্রিয়।

আজ দুপুরে বঙ্গভবনে মধ্যাহ্নভোজন সেরে একটু বিশ্রাম নেওয়ার পর ফের দলের বৈঠকে যাওয়ার পথে তাঁর শরীরী ভাষাই বুঝিয়ে দিল, তিনি হতাশ। এ বারও তাঁর মনস্কামনা ও যুক্তি মেনে নিল না তাঁর দল। বিরোধিতা সবচেয়ে বেশি আসছে যে সব জায়গা থেকে তার মধ্যে রয়েছে তাঁর নিজেরই রাজ্য।

"আপনারা কী যাচ্ছেন সরকারে?" এক দিনে বারবার এই প্রশ্নট করা হয়েছে তাঁকে। আজ উত্তরে বলেছেন, "দলের বৈঠক মাঝপথে। কিছু বলতে পারব না। বললে দল থেকে আমায় বার করে দেওয়া হবে।" গাড়িতে ওঠার আগে স্বভাবসিদ্ধ কাটা কাট ভঙ্গিতে বললেন, "সনিয়া আমার কাছে এসেছিলেন। লালু এসেছিলেন। টেলিফোনে কথা হয়েছে মনমোহন সিংহের সঙ্গেও। আজ রাতে বৈঠক হবে। তারপর নৈশভোজ। আমাদের দলের বৈঠক চলছে। কালই সব স্পষ্ট হয়ে যাবে।"

কিন্তু ইতিহাসের যেখানে পুনরাবৃত্তি ঘটতে চলেছে সেখানে জ্যোতি বসু তাকে ঠেকাবেন কী ভাবে! একই প্রশ্নের সম্মুখীন হয়ে ১৯৯৬ সালের ১৩ মে দলের কেন্দ্রীয় কমিটির দীর্ঘ বিতর্কের পরে বলা হয়েছিল, "সরকারে যোগ দেওয়ার প্রস্তাব প্রত্যাখ্যান করা হল।" তৎকালীন যুক্তফ্রন্টের শরিকেরা পুনর্বিবেচনার অনুরোধ জানালে পরের দিন ফের কেন্দ্রীয় কমিটি বৈঠকে বসে আগের সিদ্ধান্তেই অনড় থাকে।

আট বছরে অনেক জল গড়িয়েছে। কিন্তু সে বারের মতো এক্ষেত্রেও সরকারে যাওয়ার প্রশ্নে বসু ও দলের সাধারণ সম্পাদক হরকিষেন সিংহ সুরজিতের যুক্তি ছিল, সংসদীয় গণতান্ত্রিক ব্যবস্থার সুযোগ নিয়ে সরকারে যাওয়ার সুযোগ নিলে আখেরে দলেরই লাভ হবে।

উত্তর ভারতের রাজ্যগুলি (যেসব জায়গায় কমিনিউস্টদের উপস্থিতি নামমাত্র বা নেই) ও দেশের বিভিন্ন প্রান্তে দলের বৃদ্ধি ঘটানো সম্ভব হবে। দলীয় সূত্রের খবর, তাঁদের এই যুক্তিও ছিল, সরকারে যোগ দিলে আই এম এফ-বিশ্বব্যাঙ্ক নিয়ন্ত্রিত নীতিগুলির মোকাবিলা করা সম্ভব হবে।

আনুষ্ঠানিক ভাবে এখনও কেন্দ্রীয় কমিটি আপত্তি জানায়নি। কিন্তু সরকারে না-যাওয়ার সঙ্কেত সাফ হয়ে গিয়েছে। তা সত্ত্বেও আজ ২০০ জনেরও বেশি বিশিষ্ট বামপন্থী সি পি এমের কাছে আবেদন জানিয়েছেন সরকারে যোগ দেওয়ার জন্য। এঁদের মধ্যে রয়েছেন সাংবাদিক তরুণ তেজপাল, শাবানা আজমি, হাবিব তনবিরও।

Yechury joins Surjeet, Basu in power drive

Aloke Banerjee
Kolkata, May 15

DESPITE MEETING twice during the day, the CPI(M) politburo remains deeply divided on sharing power at the Centre. But the pro-changers led by Harkishan Singh Surjeet and Jyoti Basu achieved a significant breakthrough, winning over Sitaram Yechury, who had opposed sharing power with the Congress in 1996.

With Prakash Karat, Anil Biswas and Biman Bose still in favour of lending only outside support to a Congress-led government, both sides decided to take the debate to the central committee where the issue will be discussed tomorrow and the day after.

Top party sources in Delhi said that until recently, the Surjeet-Basu line that the party should not repeat its 'historic blunder' of 1996 had few takers in the central committee. But the pro-participation line has received a shot in the arm with all other Left Front partners deciding to abide by the CPI(M) central committee's decision on the issue.

The pro-changers derived further strength from two other developments: the Samajwadi Party's statement that despite having 40 MPs in the Lok Sabha, it would not join the government unless the Left too does the same, and Sonia Gandhi's formal invitation to the CPI(M) to share power during a half-hour one-on-one with Basu.

Surjeet, Basu and Yechury reasoned with the hardliners today that if the CPI(M) refuses to join the government, the entire Left camp and the Samajwadi Party would be left outside the decision-making process. This would seriously threaten the new government's stability and raise doubts about the coalition's secular character.

Surjeet mentioned that Sonia Gandhi had shown great flexibility on the proposed common minimum programme (CMP) after which the Left had no reason to fight shy of sharing the responsibilities of governance at the Centre.

But Karat, Biswas, Bose and the Kerala lobby in the politburo have stuck to their position that joining a Congress-led government and sharing the responsibility for unpopular decisions would defeat the very purpose of forming a pro-people coalition with the Congress. Power-sharing would also affect the Left's prospects in Bengal and Kerala where the Congress would be its main opponent, they said.

DMK not to join

The DMK, which has 16 MPs, will stay out of the government "for now". It said it would first assess the new government's approach to various issues".

Allies closer on divestment



CPM dilutes stand, saying partial divestment 'could be discussed' but the party won't brook privatisation of profit-making units. Sitaram Yechury tells reporters: 'We are against nationalisation of losses and privatisation of profits'. Asked if CPM is open to partial disinvestment, he repeats: 'We are open to it.' Yechury had on Friday demanded scrapping of the disinvestment ministry, leading to a crash in the stock markets

CONGRESS will pursue the reform policy but won't privatise cash-rich oil majors as they are 'strategic companies', says Manmohan Singh. But he makes a distinction between divestment and privatisation, saying divestment up to 51 per cent of govt equity in oil companies is a possibility. 'We are not for privatisation as an ideology,' he says, indicating divestment can be done if it helps raise resources

THE HINDUSTAN TIMES 16 MAY 2004

CRUCIAL SUPPORT: Senior CPI(M) leaders Jyoti Basu and Harkishan Singh Surjeet at a meeting in New Delhi on Saturday. — AFP

Left to take uniform stand on support

By K.V. Prasad

NEW DELHI, MAY 15. Three Left parties today began deliberations on the formation of a secular government at the Centre, specifically on the nature of support to the Congress-led formation. There was a near-consensus that the entire Left should take a uniform stand on whether to join or extend outside support to the new government.

The Communist Party of India (Marxist) politburo meeting ended this evening after hearing the views of the members on the pros and cons of supporting the government from outside. Sitaram Yechury, politburo member, told correspondents later that opinions of various leaders were discussed and the matter would now go before the larger policy-making body, the central committee, which would meet here on Sunday and Monday.

Reiterating his party's commitment to the formation of an alternative government at the Centre, Mr. Yechury said he was confident that it would be in place early next week. Discussions with all secular parties who had come together to fight communal forces were on and a meeting of the leaders would be held tomorrow for the formation of the new government.

Unwilling to make any categorical statement with regard to participation in the new government, Mr. Yechury said that the entire Left had decided to "swim or sink" together after the experience of 1996 when the Communist Party of India had joined the United Front Government.

"It is not the mandate for the Left ... It is a mandate for the formation of a secular combination," he said when asked whether it would be going against the mandate of the people if the Left decides not to join the new government.

On the issue of disinvestment, he said the party was open to suggestions of partial disinvestment, but was opposed to privatising the profit-making public sector units. "We are against nationalisation of losses and privatisation of profit," he said adding that efforts should be made to revive the loss-making and potentially loss-making units by bringing in private investment through joint ventures.

The CPI national executive meeting began simultaneously. The party national secretary, D. Raja, said the issue was still under discussion and only at the conclusion of the meeting would a firm decision be arrived at. While insisting that the mandate of the latest general election was for a secular government, Mr. Raja also endorsed the suggestion that the entire Left should act as one.

Interestingly, the All India Forward Bloc general secretary, Debabrata Biswas, too had made a similar suggestion when he met other Left party leaders yesterday.

THE HINDU 16 MAY 2004

সি পি এম রাজি, সোমনাথ স্পিকার

ফোনে মনমোহন বললেন, রাতে শান্তিতে ঘুমোব

অরুন্ধতী মুখার্জি

সন্ধে সাড়ে সাতটা। প্রধানমন্ত্রী মনমোহন সিংয়ের ফোন সোমনাথ চট্টোপাধ্যায়কে— 'আজ রাতে আমি শান্তিতে ঘুমোতে পারব।' সোমনাথ চট্টোপাধ্যায় হেসে উঠলেন। ফোন পেয়ে ধন্যবাদ দিলেন। প্রধানমন্ত্রী সোমনাথ চট্টোপাধ্যায়কে বললেন, 'আপনার পার্টি আমাদের প্রস্তাব গ্রহণ করেছে খুব ভাল কথা, খুশির কথা।' প্রধানমন্ত্রীর ফোনে স্বভাবতই খুশি সোমনাথ। কিন্তু স্ত্রী রেণু সতর্ক করে দিয়েছেন স্বামীকে। সোমনাথ চট্টোপাধ্যায়ই জানালেন, 'উনি তো প্রস্তাব শুনে আপত্তি জানাচ্ছিলেন। বলছিলেন, তোমার যা চেঁচামেচি করা অভ্যেস, কী করে চালাবে? তারপর সতর্ক করে বলেছে মাথা ঠাণ্ডা করে সংসদ চালাবে।' স্ত্রী রেণু হয়ত মনে মনে খুশির জোয়ারে ভেসেছেন। কিন্তু তার প্রকাশ হতে দেননি বাইরে। ব্যারিস্টার, সাংসদ আজ ভাবী স্পিকারের স্ত্রী, এতদিনের ভি আই পি সোমনাথের স্ত্রী রেণুর সংক্ষিপ্ত প্রতিক্রিয়া: ভাল লাগছে, বেশ ভাল লাগছে। আর সোমনাথের? তিনিও তো বহুকালের ভি আই পি। আর ক'দিনের মধ্যে হতে চলেছেন লোকসভার প্রথম াঙালি অধ্যক্ষ। সাধারণ জ্ঞানের বইয়ে তাঁর নাম ঠে যাবে। তাঁর মুখচোখ উজ্জ্বল। তিনি হাসছেন।

এরপর ৫ পাতায়



দক্ষিণ কলকাতার বাড়িতে। এল প্রধানমন্ত্রীর ফোন। মঙ্গলবার রাতে। ছবি: অশোক চন্দ্র

কর্মসূচিতে সই: দিল্লির বৈঠকে আজ সিদ্ধান্ত

আজকালের প্রতিবেদন: দেশের চতুর্দশ লোকসভার অধ্যক্ষ হচ্ছেন সোমনাথ চ্যাটার্জি। তাঁকে অধ্যক্ষ করতে অবশেষে সম্মতি দিয়েছে সি পি এম। মঙ্গলবার দলের পলিটব্যুরোর ম্যারাথন বৈঠকের পর এই সিদ্ধান্তের কথা জানিয়ে দিলেন সি পি এমের সর্বভারতীয় সাধারণ সম্পাদক হরকিষেন সিং সুরজিৎ। গত কয়েক দিন ধরে দেশ জুড়ে এ নিয়েই জল্পনা-কল্পনা চলছিল। লোকসভার অধ্যক্ষ-পদ সি পি এম গ্রহণ করবে কি না তা জানতে আগ্রহী ছিলেন সবাই। কেননা কেন্দ্রে কংগ্রেস নেতৃত্বের জোট সরকার গঠন হওয়ার পর বামেরা শেষ পর্যন্ত মন্ত্রিসভায় যোগ দেননি। এর পর প্রস্তাব আসে অধ্যক্ষ-পদে সোমনাথবাবুকে নিয়ে। এদিন সি পি এম পলিটব্যুরোর বৈঠকে এই নিয়ে সকাল থেকেই আলোচনা শুরু হয়। কেন্দ্রে নতুন সরকারের ন্যূনতম সাধারণ কর্মসূচি নিয়েও আলোচনা করেন সি পি এম পলিটব্যুরোর সদস্যরা। পরে সন্ধ্যায় সাংবাদিক বৈঠক ডেকে সোমনাথবাবুকে অধ্যক্ষ করার কথা ঘোষণা করেন দলের বর্ষীয়ান শীর্ষ নেতা হরকিষেন সিং সুরজিৎ। বৈঠকে উপস্থিত ছিলেন বিমান বসু ও অনিল বিশ্বাসও। সুরজিৎ বলেন, 'সংসদে সোমনাথ চ্যাটার্জির দীর্ঘ দিনের অভিজ্ঞতা রয়েছে। ওঁর কাজের প্রশংসা করবে সারা দেশ।' তিনি আরও জানান, সোমনাথবাবুর জায়গায় এবার লোকসভায় সি পি এমের দলনেতা হচ্ছেন বাসুদেব আচারিয়া। এর আগে তিনি ছিলেন সহকারী দলনেতা। তবে সোমনাথবাবুর মতো একজন বড় মাপের রাজনীতিবিদ্ ও সংসদের সুবক্তাকে অধ্যক্ষ করার জন্য দল থেকে তাঁকে যে 'ছেড়ে দিতে হচ্ছে', সে-কথাও মনে করিয়ে দিয়েছেন সি পি এমের এই শীর্ষ নেতা। সুরজিৎ বলেন, 'লোকসভায় ওঁর (সোমনাথের) কাজ প্রশংসিত হয়েছে দেশ জুড়ে। তাই ওঁকে ছেড়ে দিতে হচ্ছে।' এদিন সকাল দশটায় সি পি এম পলিটব্যুরোর ওই বৈঠক শুরু হয় মুজফ্ফর আহমেদ ভবনে। দলীয় সূত্রে খবর, বৈঠকে সবাই সোমনাথবাবুকে অধ্যক্ষ করা নিয়ে একমত হয়েছেন। কংগ্রেস নেতৃত্বের সংযুক্ত প্রগতিশীল জোটের আহ্বায়ক হরকিষেন সিং সুরজিতের নাম প্রস্তাবে ওঠে। সুরজিৎ নিজে অবশ্য জানান, এদিন পলিটব্যুরোর বৈঠকে এ সম্পর্কে কোনও আলোচনা হয়নি। তাই সিদ্ধান্তের প্রশ্নও ওঠে না। তবে ন্যূনতম সাধারণ কর্মসূচিতে বামেরা সই করবেন কি না তা জানতে চাইলে হরকিষেন সিং সুরজিৎ বলেন, 'দিল্লিতে বুধবার বামপন্থী দলগুলি বৈঠকে বসছে। ওই বৈঠকে আলোচনা করে সিদ্ধান্ত নেওয়া হবে।' সি পি এমের এদিনের পলিটব্যুরো বৈঠকে যোগ দেন হরকিষেন সিং সুরজিৎ ছাড়াও জ্যোতি বসু, বিমান বসু, অনিল বিশ্বাস, সীতারাম ইয়েচুরি, প্রকাশ কারাত, মানিক সরকার প্রমুখ। বৈঠকে ন্যূনতম সাধারণ কর্মসূচি নিয়ে আলোচনার পাশাপাশি আরও কিছু আনুষঙ্গিক

এরপর ৫ পাতায়

THE TELEGRAPH 15 MAY 2004

Left divests Congress of victory feel-good

▶ FROM PAGE 1

The comfort level plummeted today when one comment piled on another, reinforcing potential points of conflict between partners in the new government.

CPI general secretary A.B. Bardhan said the new government would have to drop the divestment policy.

Surjeet clarified the sweeping nature of this statement. "We cannot afford it (the divestment programme of the Vajpayee alliance). We oppose divestment of profit-making PSUs. All the mistakes of the NDA government have to be rectified."

He interpreted the election verdict as a thumbs-down to the National Democratic Alliance's "wrong" economic policies.

"We have to reverse the process of Arun Shourie. Divestment in IOC (Indian Oil) and BPCL (Bharat Petroleum) should be scrapped," Bardhan added.

Shares of oil companies were immediately hammered on the market. Other public sector stocks suffered, too.

Rather than calm the nation — the stock market and industry happen to be part of it — the Left is doing the opposite. And, in any case, who benefits if public sector shares lose value: the government, the people whose money is invested in them?

CPM general secretary Harkishen Singh Surjeet with politburo member Sitaram Yechury at a party meeting in Delhi on Friday. (AFP)

Such statements do not merely show up the Left as an irresponsible entity, but also out of touch with reality. With dropping small savings and bank interest rates, mutual funds are a vehicle for fetching higher returns not just for the Ambanis and the Birlas but even for those who have taken voluntary retirement schemes, not to speak of pensioners and the middle class.

The shift towards mutual funds is clearly brought out by the surge in investment in their schemes. Such drastic drops as occurred today on the market will affect returns from the schemes.

Bardhan said the proposed new coalition should work out a common minimum programme immediately on some basic needs. Fair enough. The NDA had such a programme and its replacement would also need one to be able to function. But it would seem this programme and its contents should be worked out inside the four walls of coalition politics based on give and take and not made the subject of brave proclamations based on arrogant assumptions that the verdict of 2004 is against NDA policies.

The results have given no one a clear mandate, least of all the Left, however much breast-beating it may do with a national score of over 60 in a House of 543. The majority mark is 272, it may be reminded. And the Congress and allies have won only 219.

There might be no two opinions about scrapping the disinvestment ministry, as Yechury suggested, because it is unnecessary. Some might even say ridiculous. With the mandatory curb on the size of government, it would probably have to go anyway. But the CPM leader should also bear in mind that in his party-led government in Bengal there is a fire services ministry, and many, many more such.

In Bengal again, chief minister Buddhadeb Bhattacharjee intends to sell public sector units. One advantage he has is the Bengal government is not known to own profit-making units. So it's difficult to have two sets of policies on profit-making and unviable companies.

Speaking of Bhattacharjee, akin to his colleagues in Delhi, he made the Left's naivete about economic issues apparent. Like the little boy mugging his multiplication table, he kept saying on TV "policies dictated by the World Bank and IMF" are unacceptable to his party.

It would be unacceptable to Manmohan Singh, too, simply because he's no less a patriot than Bhattacharjee and possibly a better economist. With this statement, the chief minister only proves how unaware he is of the India he lives in. This country is no longer dependent on handouts from these institutions and has no compulsion to follow policies set by them.

CPI(M), CPI for restraint on disinvestment

By Sandeep Dikshit

NEW DELHI, MAY 14. The Communist Party of India (Marxist) and the Communist Party of India have called for restraint on the policy of "reckless" sale of public sector undertakings (PSUs) pursued by the previous Government. Emerging from a meeting with CPI (M) leaders in the morning, the CPI general secretary, A.B. Bardhan, called for reversal of the "reckless" disinvestment policies pursued by the National Democratic Alliance Government.

Later in the day, the CPI (M) general secretary, Harkishan Singh Surjeet, said there was no need for a separate Ministry for disinvestment. Other Ministries led by the Finance Ministry could decide on disinvestment. "Where is the need for a special Ministry for disinvestment when this task can be performed by other Ministries," he asked. The Left parties were not totally opposed to disinvestment. Some chronically loss-making PSUs in West Bengal have been closed. But the NDA Government's act of setting up a Disinvestment Ministry on the suggestions of the World Bank and the International Monetary Fund and selling PSUs overnight, simply to bridge the gap between Government income and expenditure, was a "dangerous" trend, Mr. Surjeet said.

The CPI (M) leader also made it clear that the Left had consistently called for slowing down the pace of selling off PSUs. However, any action on this count by the new Government would be taken after discussing the issue with all the partners including the Congress. The Left parties would want the new Government to avoid the sale of profit-making PSUs, he added.

Mr. Bardhan said all economic decisions would be taken after unanimity was reached among all the partners. "The new Government's policies will not be the policies of the Congress or ours. It has to be a common minimum programme and it has to be worked out," he said.

Meanwhile, following reports of a crash in the stock market, the apex industry associations said there was no reason for panic as the new Government was yet to assume office.

They said that the Congress would not make a radical departure from the path of economic reforms because the party was the initiator of reforms. The senior Congress leader and former Union Finance Minister, Manmohan Singh, said the new Government would announce policies to create a favourable climate for industry and encourage savings and investment.

THE HINDU 15 MAY 2004

Biman Bose again!

Second time unlucky?

Biman Bose has done it again! Having roundly abused observers appointed by the Election Commission of India on Sunday, he corrects himself on Monday by pleading he has not said a word against the Commission itself! He is exceeding his brief. Was he encouraged to behave like this because he was let off recently when he attacked His Lordship Justice Amitava Lala, a sitting judge of the High Court? The abuse of Justice Lala was clear and undefended. Suffice it to remind ourselves that in his brush with the High Court, he was greeted by a remark of Lord Chief Justice Mathur, who pleaded with him not to waste the Court's time as their Lordships had decided to relieve themselves of the issue. Clearly Biman Bose is encouraged to have a go at the Election Commission for party advantage. To say that he has not said anything against the Election Commission is nonsense. He might as well have said on the earlier occasion that in roundly abusing Justice Lala, he had said not a word about the High Court! Both propositions are flawed and badly.

It is interesting that Chief Minister Buddhadeb Bhattacharjee rushes to Biman's defence by suggesting at once that he, the Chief Minister, had different responsibilities and did not have anything to say against the Election Commission. It is clear therefore, that at least his Chief Minister does not think that he, Biman Bose, had not said anything against the Commission. *Quad Erat Demonstrandum!* Divisions in the party are shown up clearly and Buddhadeb has not been as clever as he probably thought he had been. To rush in with a comment like this does suggest however, that at least Alimuddin Street did not think that the speech of the Chairman of the Left Front could rest.

Where does this rest then? It points to a hugely nervous CPI(M) showing its alarm at responses of the Election Commission. It is surely a mistake for the Left Front to assume that nothing has changed. As we pointed out recently, the spectacle of Jyoti Basu having his Chief Electoral Officer regularly nodding approval of outrageously dishonest things, has encouraged the Left Front. What has been encouraged should now be discouraged!

THE STATESMAN 19 MAY 2004

বাইক নয়, বাইকবাহিনী নিষিদ্ধ ৪৮ ঘণ্টা



সুখের হাওয়া চাই। এস এফ আইয়ের পোস্টার দক্ষিণ কলকাতায়। ছবি: অমিত ধর

বিমান : সংযত থাকুন পর্যবেক্ষক প্ররোচনা ছড়ালে থানায় দিন

আজকালের প্রতিবেদন: পশ্চিমবঙ্গে নির্বাচন কমিশনের নিযুক্ত কয়েকজন পর্যবেক্ষকের কাজকর্ম নিয়ে এবার আরও কড়া ভাষায় আক্রমণ করলেন বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু। শনিবার লোকসভা ভোটের মুখে তাঁর এই মন্তব্যকে ঘিরে রাজনৈতিক মহলেও ঝড় ওঠে। পর্যবেক্ষকদের সংযত হওয়ার পরামর্শ দিয়ে বিমানবাবু বলেন, সবার সম্পর্কে আমাদের অভিযোগ নেই। কিন্তু যে-সব পর্যবেক্ষক তাঁদের এক্তিয়ারের বাইরে গিয়ে কাজ করছেন, তাঁদের ঘাড়ধাক্কা দিয়ে থানায় ভরে দেওয়া উচিত। আমরা জনগণের কাছে আবেদন করছি, কোনও প্ররোচনার ফাঁদে পা দেবেন না। বিভ্রান্ত হবেন না। তিনি পর্যবেক্ষক বা যে-ই হোন, দুর্ব্যবহার করবেন না, ঘাড়ধাক্কা দিয়ে থানায় ভরে দিন। এদিকে বিমান বসুর এই মন্তব্যে তৃণমূল নেত্রী মমতা ব্যানার্জি বিমান বসুকে সরাসরি গ্রেপ্তারের দাবি তুলেছেন। তিনি বলেন, বিমান বসু কে? পর্যবেক্ষক নিযুক্ত করে নির্বাচন কমিশন। বামফ্রন্টের চেয়ারম্যান ক্ষুব্ধ হয়ে এ ধরনের মন্তব্য করতে পারেন না। উনি (বিমান) পর্যবেক্ষকদের সম্পর্কে যা বলেছেন, তাতে তাঁকে গ্রেপ্তার করা উচিত। বি জে পি-র কেন্দ্রীয় মন্ত্রী সুষমা স্বরাজ মন্তব্য করেছেন, উনি (বিমান) হতাশা থেকে বলেছেন। নির্বাচন কমিশন নিশ্চয়ই নজর রাখছে। তারা ব্যবস্থা নেবে। এদিকে এবারই প্রথম ভোটের দিন ১৪৪ ধারা জারি করে রাজ্যে নিষিদ্ধ হল বাইক-বাহিনীর চলাচল।

কমিশন রাজ্য সরকারকে অনুরোধ জানায়, ভোটের দিন মোটরবাইক চলাচলে খানিকটা যাতে নিয়ন্ত্রণ করা যায়। অতীতের অভিজ্ঞতা হল, মোটরবাইকে করে এসে ভোটের আগের দিন থেকে কিছু লোকজন এলাকায় ত্রাসের সৃষ্টি করে। ভোটকেন্দ্রের আশপাশে ঘোরাঘুরি করে গোলমাল পাকানোরও চেষ্টা করে। সেজন্যই শুক্রবার নির্বাচন কমিশনের পরামর্শ মতো রাজ্য সরকার সংশ্লিষ্ট জেলাশাসক, কলকাতা নগরপালকে নির্দেশ দেয়, ১৪৪ ধারা জারি করে মোটরবাইক চলাচলের ওপর নিয়ন্ত্রণ আরোপ করতে। লিখিত নির্দেশে পরিষ্কার বলে দেওয়া হয়েছে, ৫ বা তার অধিক মোটরবাইক একইসঙ্গে চলাচল নিষিদ্ধ। শনিবার কলকাতা পুলিসের নগরপাল সুজয় চক্রবর্তী সাংবাদিকদের জানিয়ে দেন, এই নিয়ম ফাঁকি দেওয়ার জন্য কেউ যদি দুটি মোটরবাইকে ৫ জন মিলে, গোলমাল পাকানোর অভিসন্ধি নিয়ে ভোটকেন্দ্রের আশপাশে ঘোরাঘুরি করে, তা হলে তাদেরও পুলিস ছেড়ে কথা বলবে না। ২টি বা ৩টি মোটরবাইকে ৫ বা ৬ বা যে-ক'জনই ঘোরাঘুরি করুক না কেন, ভোটের দিন গোলমাল করার মতলবে মোটরবাইকে ঘুরতে দেখলে পুলিস সঙ্গে সঙ্গে তাদের গ্রেপ্তার করবে। আটক হবে মোটরবাইকগুলোও। শনিবার বিকেল ৫টা থেকে এই নিয়ম চালু হয়েছে। ভোটের দিন বিকেল ৫টা পর্যন্ত এই নিয়ম বলবৎ থাকবে। কড়া নজর রাখা হবে

AAJKAL
9 MAY 2004

P.T.O.

বিমান : সংযত থাকুন

১ পাতার পর

কাজে কেউ মোটরবাইক নিয়ে যাতায়াত করলে পুলিসের কোনও আপত্তি নেই। ভোটে যারা গোলমাল পাকাতে চায়, তাদের রোখার জন্য এই নতুন নিয়ম। পর্যবেক্ষকরা রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে সন্তোষ প্রকাশ করেছেন। বিশেষ পর্যবেক্ষক এবং রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে তাঁরা রিপোর্টে বলেছেন, সব ঠিকঠাক আছে, সন্তোষজনক। এদিন সাংবাদিক বৈঠক ডেকে নির্বাচন কমিশনের রাজ্যে নিযুক্ত ৮টি লোকসভা কেন্দ্রের পর্যবেক্ষকদের সম্পর্কে বেশ কিছু গুরুতর অভিযোগ করেন বিমান বসু। তিনি বলেন, ভোটকে ঘিরে কয়েকজন পর্যবেক্ষক সমস্যা তৈরি করছেন। তাঁরা কোথাও কোথাও গিয়ে ভোটারদের জিজ্ঞাসা করছেন সি পি এম বা বামফ্রন্টকে কেন ভোট দিচ্ছেন? বেশি ভোট পড়লে বাতিল হয়ে যাবে। পোস্টার মারা নিয়ে গ্রেপ্তারের নির্দেশ দিচ্ছেন। এই সব কাজ তাঁদের এক্তিয়ারের বাইরে। নির্বাচনবিধি মানা হচ্ছে না। এঁরা রাজ্যকে বোঝেন না। যে-কোনও রাজনৈতিক দলের প্রতি ওঁদের দরদ বা সমর্থন থাকতে পারে। কিন্তু প্রকাশ্যে এই সব কথা বলার অধিকার তাঁদের নেই। পশ্চিমবঙ্গে অবাধ এবং শান্তিপূর্ণ ভোট প্রতিবারেই হয়। এবার চক্রান্ত করে সুস্থ পরিবেশ নষ্ট করতে চাইছেন ওঁরা। ডায়মন্ডহারবার, যাদবপুর, বসিরহাট, আরামবাগ, বিষ্ণুপুর, আসানসোল, কাটোয়া ও শ্রীরামপুর লোকসভা কেন্দ্রের পর্যবেক্ষকদের সম্পর্কে তিনি অভিযোগ করে জানান, বসিরহাটের পর্যবেক্ষক এ কে ট্যান্ডন এলাকায় ফ্ল্যাগমার্চ করিয়ে আতঙ্কের সৃষ্টি করতে চাইছেন। ডায়মন্ডহারবারের পর্যবেক্ষক এ আর ওয়াই কৃষ্ণ রাও সংখ্যালঘু ভোটারদের কাছে গিয়ে সি পি এম বা বামফ্রন্টকে ভোট দেন কেন— এ কথা জানতে চেয়েছেন। গার্ডেনরিচের এক সভায় তৃণমূল প্রার্থী সৌগত রায় প্রকাশ্যে তাঁরই পরামর্শে বিশেষ পর্যবেক্ষক আমানুল্লাকে আনা হয়েছে বলে দাবি করেছেন। যাদবপুর লোকসভা কেন্দ্রে লরিতে করে মহিলা ভোটাররা সভা শুনতে আসার পথে ওই লরি আটকের নির্দেশ দিয়েছেন ডি বি পট্টনায়ক। লরিতে লোক আসা আইনসম্মত নয়, আমরা জানি। কিন্তু তৃণমূল বা বে জে পি-র সভাতে আসা লরি আটক বা গ্রেপ্তার করা হচ্ছে না কেন? আরামবাগ কেন্দ্রের পর্যবেক্ষক রেখা গোয়েল, বিষ্ণুপুরের কে সি ভার্মা, আসানসোলের স্বর্ণমালা রাওয়াল, কাটোয়ার পর্যবেক্ষক রাজেন্দ্রপ্রসাদ জৈন, আই এন এস প্রসাদ, কে গণেশনের সম্পর্কে তীব্র ভাষায় বিমানবাবু নিন্দা করেছেন। শুধু ভোটাররা কোন দলে, তা নয়, টাকা পেয়ে ভোট দিচ্ছেন কিনা, অস্ত্রশস্ত্র কোথা থেকে আসছে ইত্যাদি অবান্তর ও আপত্তিকর প্রশ্ন পর্যবেক্ষকরা তুলছেন। ক্ষুব্ধ বিমানবাবু বলেন, পশ্চিমবঙ্গের ভোটারদের এভাবে উত্ত্যক্ত এবং বিরক্ত করা আগে কখনও হয়নি। পর্যবেক্ষকরা কোনও বুথে ৯০ শতাংশ ভোট পড়লে বাতিল করবেন বলেছেন। আমি চ্যালেঞ্জ করছি, সত্যিই যদি বাতিল হয়, সেখানে আবার ভোট হলে আবার ৯০ শতাংশই ভোট পড়বে। পর্যবেক্ষকদের তা দাঁড়িয়ে দেখতে হবে। এ এম সিংহ নামে এক অবসরপ্রাপ্ত বিচারপতি পূর্ব মেদিনীপুরে ভাজাচাউলিতে গিয়ে ভোটারদের কাছে খোঁজখবর নিয়েছেন। বিমানবাবুর প্রশ্ন, নির্বাচনে মাননীয় প্রাক্তন বিচারপতির কী কাজ আছে? এ-সব দেখে মনে হচ্ছে একটা শ্রেণী চক্রান্ত করে রাজ্যে অবাধ ও শান্তিপূর্ণ ভোট বানচাল করতে চাইছে। পর্যবেক্ষকরা ঘুরতে, দেখতে পারেন কিন্তু মানুষকে এই সব প্রশ্ন করার অধিকার তাঁদের কে দিল? এ রাজ্যে কেন বারবার বামফ্রন্ট জেতে, তা নিয়ে তত্ত্বগত আলোচনা করতে চাইলে আমরা সব রকম সহযোগিতা করব। কিন্তু নির্বাচনী পরিবেশকে কলুষিত করার অধিকার তাঁদের নেই। আমরা নির্বাচন কমিশনের কাছে সাহায্য ও হস্তক্ষেপ চাইছি। নির্বাচন কমিশনের বিরুদ্ধে আমাদের কোনও অভিযোগ নেই। রাজ্যবাসীর কাছে বামফ্রন্টের আবেদন: নির্ভয়ে এবং অবাধে ভোট দিন। এখানে অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচনের ঐতিহ্য আছে। এদিকে মহাকরণে রাজ্যের মুখ্য নির্বাচনী অফিসার বাসুদেব ব্যানার্জি জানিয়েছেন, পর্যবেক্ষকদের সম্পর্কে তিনি পাঁচটি অভিযোগ পেয়েছেন। পর্যবেক্ষক স্বর্ণমালা রাওয়ালের ব্যাপারে দিল্লির নির্বাচন কমিশন রিপোর্ট চেয়ে পাঠিয়েছে। ভোটের দিন যাতে শান্তিশৃঙ্খলা বজায় থাকে, সেই বিষয়ে রাজ্যের মুখ্য সচিব অশোক গুপ্ত জেলাশাসক, পুলিস সুপারদের সজাগ থাকার নির্দেশ দিয়েছেন। তিনি এদিন জেলাশাসক, পুলিস সুপারদের সঙ্গে ভিডিও কনফারেন্স করেন। এদিকে ভূপতিনগর থানা এলাকায় জনযুদ্ধের পোস্টার পড়েছে। পূর্ব মেদিনীপুরের জেলাশাসক দুষ্মন্ত নালিয়াল পোস্টারের কপি রাজ্যের স্বরাষ্ট্র সচিব অমিতকিরণ দেবকে পাঠিয়েছেন। কলকাতা-সহ গোটা রাজ্যে বেশ কিছুদিন ধরেই যে প্রচণ্ড তাপদাহ চলছে, তা রাজ্য নির্বাচন দপ্তরের যথেষ্ট মাথাব্যথার কারণ। এই তাপপ্রবাহ কি সোমবার ভোটের দিনও চলবে? শনিবার আলিপুর আবহাওয়া দপ্তরের বিশেষজ্ঞরা জানিয়ে দেন, শনিবার সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৬.৯ ডিগ্রি সেলসিয়াস। আগামী দু'দিন বৃষ্টি হওয়ার সম্ভাবনা নেই। অর্থাৎ, সোমবার ভোটের দিনও গরম একইরকম চলবে। রাজ্য নির্বাচন দপ্তরের চিন্তা, গায়ে জ্বালা ধরানো এমন গরম পড়লে সাধারণ মানুষ ভোট দিতে আসবেন কী করে? ফলে ভোটদাতাদের নিয়ে এক দিকে তাদের যেমন চিন্তা, তেমনি ভোটকর্মীদের নিয়েও একইরকম মাথাব্যথা। এই প্রচণ্ড গরমে বিভিন্ন দূরবর্তী এলাকায় ভোটকর্মীরা যাতে অসুস্থ হয়ে না পড়েন সেদিকে সজাগ দৃষ্টি রাজ্য নির্বাচন দপ্তরের। ভোটকর্মীদের সঙ্গে থাকছে হ্যালোজেন ট্যাবলেট। প্রত্যেকটি সেক্টরে রাখা হচ্ছে প্যারামেডিকেল টিম। বুথে বুথে থাকছে পর্যাপ্ত পরিমাণে পানীয় জলের ব্যবস্থা। ভোট দিতে এসে কোনও ভোটদাতা বা ভোটকর্মী বুথে অসুস্থ হয়ে পড়লে থাকছে তাঁদের চিকিৎসার জন্য যথাযথ ব্যবস্থাও। শনিবার রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক বাসুদেব ব্যানার্জি এ-কথা সাংবাদিকদের জানান। অন্য দিকে কলকাতায় শনিবার সকাল থেকেই ভোটের জন্য আসা কেন্দ্রীয় বাহিনী ফ্ল্যাগমার্চ করেছে সকালে এবং বিকেলে। নগরপাল জানান, ভোটের দিন এই আধা সামরিক কেন্দ্রীয় বাহিনী শহরের ২৭টি থানার বিভিন্ন ভোটকেন্দ্রের আশপাশে হেঁটেই টহল দেবে। সঙ্গে স্থানীয় থানার পুলিসও থাকবে। কেন্দ্রীয় বাহিনীকে ৫৪টি দলে ভাগ করা হয়েছে। তারা স্ট্রংরুম পাহারার কাজও করবে। ভোটের দিন কলকাতায় কোনও গোলমালের আশঙ্কা নগরপাল করছেন না। তবে কোথাও কোনও গোলমাল হলে পুলিস যাতে ব্যবস্থা নিতে পারে, সেজন্য শহর জুড়ে পুলিসি ব্যবস্থা রাখা হয়েছে। এবার এ রাজ্যে ভোটের জন্য এসেছে ১৮০ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। দুর্গম জায়গায় শনিবার থেকে ভোটকর্মীরা যাওয়া শুরু করেছেন।

Biman at it again!

Threatening the Chief Election Commissioner

Biman Bose's warning to our Chief Election Commissioner to "control" election observers in West Bengal is intended to browbeat those right in the middle of holding free and fair election. What he said is not new and very much in tune with Marxist jingoism. Recently he warned a sitting judge of Calcutta High Court, Mr Justice Amitabha Lala that he should "flee from the state" (*Lala tui pala*) for issuing a directive he found "unpalatable". Abusing the Commission and threatening them with consequences are part of political culture and strategy of the Marxists. The purpose is to keep the Commission on a tight leash. Jyoti Basu had publicly called TN Seshan a "mad dog". The provocation for Biman Bose's warning is the pathbreaking measures announced by the Commission — induction of polling officials from outside the state, transfer of "highly controversial" IPS officers and those in charge of thanas and, most recently, banning the use of motorcycles during elections. Instead of protesting too much, Biman should have welcomed the measures in aid of a free and fair poll. Central observers have done no wrong to organise flag marches of paramilitary forces in sensitive constituencies or by making inquiries about terror tactics adopted by political parties.

Actually, Marxists have not generally cared for electoral rules. At one time it was standing practice for Jyoti Basu to have the chief electoral officer seated next to him when he briefed newsmen on elections. And the Chief's job was to nod approval. In 1984 Jyoti Basu had the temerity to pull up Bankura's woman district magistrate for not allowing his ministers to use office cars for electioneering. He ignored rules and codes to attack her stand. Marxists want the Commission to be cast in the mould of Ajay Sinha of the state election commission who last year created history by allowing over 7000 CPI-M and other Left Front candidates get elected to panchayats uncontested. Sinha called the panchayat election free, fair and peaceful although 22,000 opposition candidates were physically prevented from filing their nominations. But then Sinha is an ideal Election Commissioner and should become the Chief's role model. But the Chief is not obliging. Biman Bose's tirade and warning hide signs of nervousness. And thereby hangs a tale.

THE STATESMAN 18 MAY 1994

'A Cong-led coalition is what we are hoping, working for. Good thing is, Cong has learnt value of coalitions'

With exit polls predicting a hung House , CPM leader Jyoti Basu is back in the thick of things. He spoke to SHEKHAR GUPTA, Editor-in-Chief of *The Indian Express*, on the 'historic blunder' that still rankles him and why Cong, led by Sonia, may be ready to run a successful coalition govt. Excerpts from the interview telecast on NDTV 24X7's *Walk the Talk*:

ON THE RECORD

JYOTI BASU
CPM veteran, former West Bengal CM

▮ My guest today is the last of the long marchers in our politics, in fact, perhaps the last of the great Communists or comrades anywhere in the world. But even at the age of 90, his journey is far from over. In fact, he perhaps thinks that his journey has come to a very interesting turning point right now in these elections. Welcome to Walk The Talk, Mr Jyoti Basu. Very nice of you to agree to speak with us. I know you are very busy campaigning in the elections.

Yes, unfortunately even at this age and with my health...I have to. I never thought that this elections I would face because I thought it would happen five or six months later:..And two rounds of elections have been there. And from the reports which I gather from newspapers and from my friends, I feel that BJP will go down. Their numbers will go down. Congress will come up.

But nobody can get a majority it seems. Because they are dependent, now the coalition partners are there with the Congress, with the BJP. It seems eight or nine parties have deserted the BJP. Who they are, I do not know. How many MPs they have, I do not know. But in any case, looks like to me a hung parliament may come off. And then, parties have to sit together, non-communal parties on the one side, communal parties on the other side and then decide on the minimum programme, on which we lay a lot of stress, it has to be there. (It) cannot be any party's programme but minimum common programme as we have in West Bengal, and then we have to choose the prime minister also.

So that is what we are telling the people during election meetings that eight or nine have left them. I do not know all of them. So they have also to think if they are non-communal, if they are secular. But BJP very soon found out after spending crores of government money on ads...

▮ India Shining...

Feel good, India Shining and all the rest of it, that didn't work. So they brought into the forefront the RSS, VHP, Bajrang Dal and all their programmes. Other, Hindutva or what they call Hindutva.

▮ Hindutva, I think, and also Sonia Gandhi's foreign origin, which is now emerging...

That also I will come (to)...but that I don't think is having much effect. I don't know in the northern part of India but here, it doesn't have any effect. But there are some people even in the Congress who talk about this foreign origin.

▮ Who feel uneasy?

But we can't stop her. Because if she wants to become the prime minister, (she is) the largest party leader. Because under the Constitution, she is an Indian citizen. She has all the rights which Indian citizens have.

She has been working very hard, it seems. Her only problem was Hindi. So I asked her. She said no, my children of course speak Hindi very well, but I have also picked up.

▮ When did you ask her about her Hindi?

I asked her...

▮ No, when sir?

That was about three, three or four months back. When I was ill, I went to hospital for four-and-a-half days. I went for my Central Committee meeting. I came back home, then she came and saw me.

▮ And, you questioned her on her Hindi?

Then, I said, of course we spoke in English, but (laughs) I said that (her picking up Hindi) is very good because that is what you need, particularly in northern India where you are standing for the elections.

▮ What other advice did you give her? That's fascinating...

No, we told her from the party that you must talk about a coalition. In India today, unfortunately after 56 years of Independence, we don't have the two-party system. Two-party system will not work. So one has to have allies and you must seek allies even before the election. We shall support you, your candidates wherever we are not there. Kerala, Tripura...

▮ What other personal advice did you give her besides saying learn Hindi and talk about coalitions?

We told her that you must mix with the people that you know very well. You've been to meetings during



Eight-nine partners have left BJP. I don't know which but it looks like a hung parliament may come off. Parties have to sit together, and then decide on the minimum programme. It has to be there, it cannot be any party's programme...Cong has to agree to a common minimum programme

But that went down. Indonesia went down. And there's a book written by the chief economic advisor to the World Bank...

▮ (Joseph) Stiglitz?

Stiglitz. I read that, it's wonderful...from his experience...

▮ *Globalisation and its Discontents*...

Yes. He says it's not working, particularly...

▮ But sir, even he's not anti-reform, anti-globalisation or anti-reform

writes, Stiglitz, that even in America, the poorer sections, the numbers of poor people have grown.

▮ But sir, when your government here or your successor's invites MNCs, or gets Japanese investment, Mitsubishi...or gets the DFID money to close down loss-making companies, is that a good thing or a bad thing?

No, no, Mitsubishi was already there. During my time, they came. When Haldia Petrochemical (came

have earlier also helped us in education.

▮ So you approve of that?

I have no objection. No conditionality should be there. And they come every year to see what is happening, on the ground.

▮ So you don't mind investment...

If there are mutual interests, I don't mind.

▮ ...or deregulation?

nity. Knowing who I am—a Marxist, a Communist, in the party here, for so many years I've been in politics, they invited me because they had no other prime minister in view. So we thought that even if we last for one year in that coalition with myself as the prime minister and our party joining it, then people would understand backward sections of the people. In many places, they don't even know us. What we are all about.

▮ Sir, why do you say the opportunity is lost? It could happen again this election?

It could but at that time, I said I don't see any possibility. Even today, you see, if in the coalition the Congress wins, for instance, the largest non-communal party, they have to agree to a minimum programme. Otherwise...

▮ And then, for a coalition to last, it will have to have the Congress in it and in front...

That's right. And they have no experience of running a coalition and that is our difficulty. But I am sure that they will learn. People will teach them.

▮ Sir tell me, one last word. the other senior politician in our system besides you is Mr Atal Behari Vajpayee. You've known him for a long time. Sir, what is your view on him?

I know all of them. Advani, I know. V P Singh sent me to him before the break-up of the government (saying) please prevent him from this rath yatra. I went to his house, I sat there, argued with him. He would not agree. And again, he's started this rath yatra. And thousands were killed at that time.

▮ But you've said uncomplimentary things about him. I think you've called the BJP barbarians and you said you will never speak with Mr Advani again.

3 MAY 2004
AAJKAL

প্রধানমন্ত্রী কে? সরকারে সি পি এম? ভোটের পর ধর্মনিরপেক্ষ সরকার হলে আমরা ঠিক করে নেব : বসু

আজকালের প্রতিবেদন: 'আমরা অপেক্ষা করছি। ভোটের পর ধর্মনিরপেক্ষ, কোয়ালিশন সরকার যখন গঠিত হবে তখনই আমরা বসে ঠিক করব প্রধানমন্ত্রী কে হবেন, সি পি এম সরকারে যাবে কি না।' রবিবার একটি বেসরকারি চ্যানেলে এ কথা বলেন সি পি এম পলিটব্যুরো সদস্য এবং রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী জ্যোতি বসু। খোলামেলা এক সাক্ষাৎকারে লোকসভা নির্বাচন ও জাতীয় রাজনৈতিক পরিস্থিতি নিয়ে বিভিন্ন প্রশ্নের উত্তর দেন তিনি। বলেন, 'দেরিতে হলেও যৌথ প্রক্রিয়ায় সরকার গঠনের গুরুত্ব এখন কংগ্রেসও বুঝেছে। এবারের নির্বাচন যে জটিল পরিস্থিতিতে হচ্ছে তাতে কোনও একটি দল সংখ্যাগরিষ্ঠতা পেতে পারে না। ধর্ম ও জাতপাতের ভিত্তিতে দল গড়ে উঠছে। আমরা চাই অসাম্প্রদায়িক, ধর্মনিরপেক্ষ সরকার তৈরি হোক দিল্লিতে। ত্রিশঙ্কু লোকসভা হলে সি পি এমের ভূমিকা কী হবে, প্রধানমন্ত্রী কে হবেন তা ঠিক করা হবে নির্বাচনের ফল বেরনোর পরেই।' জ্যোতি বসুকে প্রশ্ন করা হয়, আবার যদি প্রধানমন্ত্রিত্বের সুযোগ আসে সি পি এম কী করবে? বসুর চটজলদি উত্তর: 'আমরা যোগ দেব কি না সে প্রশ্ন ৯৬ সালেও উঠেছিল। তখন ১২ পার্টির যুক্তফ্রন্ট সরকার। প্রধানমন্ত্রিত্ব নিয়ে কেন্দ্রীয় কমিটি ও পলিটব্যুরোতে ২ বার করে আলোচনা হয়। আমরা যারা মনে করতাম প্রধানমন্ত্রিত্বের সুযোগ নেওয়া উচিত তারা দলে সংখ্যালঘু ছিলাম। ভোটাভুটিতে আমরা হেরে যাই। আবার সুযোগ এলে সেটা পরেই ঠিক হবে।' মুলায়ম সিং প্রসঙ্গে জ্যোতি বসু বলেন, 'সংবাদপত্রে দেখছি মুলায়ম বি জে পি-র ব্যাপারে নরম। আমি আশ্চর্য হচ্ছি। এর আগেও একবার বি জে পি যখন ১ ভোটে হেরে যায় তখন কংগ্রেস-সহ ধর্মনিরপেক্ষ জোটের সরকার গড়ার সুযোগ আসে। মুলায়ম বলেন, কংগ্রেস নেতৃত্বাধীন সরকারে আমরা যোগ দেব না। তাঁর এই মনোভাব সাম্প্রদায়িক জোটের সুবিধে করে দেয়।' চন্দ্রবাবু নাইডু সম্পর্কে বিরক্ত বসুর মন্তব্য: 'একদম সুবিধেবাদী মানুষ। ১২ পার্টির যুক্তফ্রন্ট সরকারের আহ্বায়ক ছিলেন। অথচ এখন বি জে পি-র সঙ্গে! আমার তো বিশ্বাস হয় না উনি আবার ধর্মনিরপেক্ষ জোটে আসবেন। তবে এলে মানুষের কাছে ভুল স্বীকার করতে হবে।' ১৯৮৯ সালে শহিদ মিনারে বাজপেয়ীর সঙ্গে এক মঞ্চে হাত মেলানোর অভিযোগের জবাবে সি পি এম পলিটব্যুরো সদস্যের ব্যাখ্যা স্পষ্ট। বললেন, 'ভি পি সিং-কে আমরা সাবধান করেছিলাম বি জে পি সম্পর্কে। বলেছিলাম, ওঁদের সঙ্গে নির্বাচনী প্রচার কিছুতেই করব না আমরা। পরে ভি পি-র অনুরোধে কলকাতায় কংগ্রেস-বিরোধী সরকার গঠনের 'বিজয় দিবস' পালন অনুষ্ঠানে উপস্থিত ছিলাম। বিজয় দিবসে থাকা আর ভোটের প্রচার একসঙ্গে করার মধ্যে পার্থক্য অনেক। এটা না বুঝেই 'অর্ধসত্য অভিযোগ, করা হয়ে আমাদের সম্পর্কে।' এই সময় আদবানির রথযাত্রা নিয়ে বসু বলেন, 'আদবানিকে বহুবার বলেও নিরস্ত করা যায়নি।' জ্যোতিবাবুকে প্রশ্ন করা হয়— সাম্প্রদায়িক বি জে পি-র পাশাপাশি ধর্মনিরপেক্ষ কংগ্রেসও হিন্দুত্ব সম্পর্কে নরম মনোভাব দেখিয়েছে। এই দুটি দলের স্ববিরোধিতার প্রেক্ষিতে জনগণ কোন পথে হাঁটবেন? জ্যোতি বসুর উত্তর : 'বিকল্প সরকার গঠনের চেষ্টাই তো করছি আমরা।' কেন্দ্রের বি জে পি সরকারের 'ফিল-গুড'-এর ব্যাখ্যাও দেন রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী। বলেন, 'কোনও অ্যাড-এজেন্সি বোধ হয় ওদের বুঝিয়েছে, এই স্লোগানে কাজ হবে। কিন্তু কাজ হয়নি। তাই এখন আদবানির মতো লোককেও বলতে হচ্ছে কৃষকদের মধ্যে ফিল-গুড হাওয়া নেই।' রাজ্যের তৃণমূল-বি জে পি জোট সম্পর্কে বসুর বিশ্লেষণ : 'আমাদের কাছে লজ্জার বিষয় যে বিধানসভায় প্রতিনিধিত্ব না থাকা সত্ত্বেও লোকসভায় বি জে পি এ রাজ্যে দুটি আসন পেয়েছে। আর তৃণমূলের তো নীতির বালাই নেই। ওদের সবচেয়ে বড় অপরাধ এখানে বি জে পি-কে ডেকে আনা।' জ্যোতি বসু বলেন, 'সোভিয়েত ইউনিয়ন ও পূর্ব [illegible] সমাজতান্ত্রিক দেশগুলির পতনের ফলেই [illegible] কমিউনিজম নিয়ে অনীহা তৈরি হয়েছিল [illegible] আমাদের জনসভায় ৯০ শতাংশ শ্রোতাই [illegible] আমাদের পার্টিরও দুর্বলতা আছে। যেভাবে এগোনো উচিত ছিল তা না হওয়ায় আমাদের শক্তি [illegible] সীমিত।' এই প্রসঙ্গে জ্যোতি বসুর ব্যাখ্যা : [illegible] (দলিত, অচ্ছুত-সহ জাতপাতের সমস্যায়) আমাদের যেভাবে এগোনো উচিত ছিল, তা হয়নি। গত পার্টি কংগ্রেসেও এ নিয়ে আলোচনা হয়েছে। কিন্তু কার্যকর হওয়ার ক্ষেত্রে সমস্যা হচ্ছে।' সব শেষে প্রবীণ জননেতার আর্তি— 'ভারতের রাজনীতি খুব কঠিন অবস্থার মধ্যে আছে। তাই মানুষকে বলছি, ভেবেচিন্তে ভোট দিন। দেশ যেন ধর্মের ভিত্তিতে আর ভাগ না হয়।' তাঁর মন্তব্য : 'এই বয়সে এখন একটাই চিন্তা, ভারতবর্ষের কী হবে?'

তিনি বললেন

রবিবার বারাসত কাছারি ময়দানে ফ্রন্ট প্রার্থী সুব্রত বসুর সমর্থনে ভাষণ দিলেন বর্ষীয়ান নেতা জ্যোতি বসু। অসুস্থ ছিলেন, চেয়ারে বসেই বললেন। তিনি যা বললেন:

- **তৃণমূলকে শেষ করতে পারলেই এ রাজ্যে শেষ হবে বি জে পি।**
- **বামফ্রন্টের প্রতিনিধিত্ব বাড়ালে আমাদের বাদ দিয়ে কোনও সরকারই হবে না দিল্লিতে।**
- **মমতার আমেরিকার ডিগ্রি যেমন মিথ্যে, তেমনি তিনি নিজেও মিথ্যে বলতে ওস্তাদ।**

নো সোনিয়া : দেবরাজন

'সোনিয়াকে প্রধানমন্ত্রী মানব না।' বললেন ফরওয়ার্ড ব্লকের সর্বভারতীয় সম্পাদক জি দেবরাজন। তিনি বলেন, 'নির্বাচনে ধর্মনিরপেক্ষ জোট যদি সংখ্যাগরিষ্ঠতা পায়, সে-ক্ষেত্রে সোনিয়া গান্ধীকে প্রধানমন্ত্রী হিসেবে মানা হবে না। জ্যোতিবাবু সোনিয়ার প্রধানমন্ত্রিত্ব নিয়ে যা বলেছেন তা ওঁর ব্যক্তিগত মত।'

দেবগৌড়া বললেন: রবিবার কলকাতা বিমানবন্দরে প্রাক্তন প্রধানমন্ত্রী বলেন, 'বাংলায় আসন বাড়বে বামফ্রন্টের। কেরলেও তারা ভাল ফল করবে।'

বামফ্রন্ট প্রার্থী সুব্রত বসুর সঙ্গে জ্যোতি বসু। কাছারি ময়দানের জনসভায়, রবিবার। ছবি: ভবতোষ চক্রবর্তী

DYFI supporters flout one-way and leaders' rally pledge

Cadre do what CM can't

OUR SPECIAL CORRESPONDENT



SPEAK NO EVIL: Biman Bose at the Maidan rally. Picture by Amit Datta

Calcutta, Feb. 15: Three days after his defence of utterances against Justice Amitava Lala's rein-rally ruling in an affidavit, Biman Bose held court in the Maidan with the chief minister by his side and presided over a programme that broke almost every promise the government made to the judiciary in an affidavit last year.

The Left Front chairman did not repeat the fire-and-brimstone performance he gave on October 4 last year. He spoke for two minutes. But his followers — members of the Democratic Youth Federation of India, the CPM's youth wing, made up for his restraint, frustrating Calcuttans and the high court's efforts to fine-tune urban life.

Rules were flouted in front of policemen who had, by then, sensed that "cooperating" with cadre from the ruling party would be wiser as rallyists took over the heart of the city.

Vehicles, mostly motorcycles and autorickshaws, ferrying rallyists to the Brigade Parade Grounds broke one rule that even the chief minister's convoy would not flout unless in an emergency. They poured into the venue from the east along Park Street and its extension, on the other side of Chowringhee, flouting the one-way rule in place every day.

The others broke the promise the government had made to the judiciary in an affidavit filed by advocate-general Balai Ray last year — that it would ask all parties to leave a portion of the carriageway for motorists.

The most important clause in that affidavit was given the go-by as DYFI supporters took up the entire width of Chowringhee Road, Park Street Extension, S.N. Banerjee Road and Dharamtala Street in the run-up to the rally.

That the DYFI was on to something was evident from noon. There was no crowd — early marchers were trooping in in small groups — but there was a band of volunteers "helping" policemen control traffic at the Park Street-Chowringhee crossing.

By the time the rallies started coming one after the other, the police had been relegated to helping. Around 2 pm, they gave up altogether, leaving traffic completely at the mercy of the "volunteers". The police later said 400,000 people converged on the Maidan.

One intrepid Calcuttan, who gathered up the courage to wonder aloud why the multiple rallies were not keeping to one side of the road, got his reply. "Marching in narrow files will delay us; as it is, we are late for the 2 pm start," said one from the crowd.

At the rally, chief minister Buddhadeb Bhattacharjee asked CPM workers and sympathisers to reach every poor household and let it be known that the government is not going to impose tax on cattle, domestic animals and rural transport.

Bhattacharjee sought to clear doubts among the rural poor as the main Opposition party, the Trinamul Congress, has made rural taxes a plank for the Lok Sabha elections. "We are not mad that we will impose taxes on cattle, domestic animals and rural transport. But the Opposition parties are campaigning against us and trying to mislead the poor," the chief minister said.

THE TELEGRAPH 16 FEB 2004

হাড়োয়া-কাণ্ডে শাসক পক্ষের দু'মুখ

বুদ্ধ বলেন মরূদ্যানই, অনিলের মতে দুঃখের

স্টাফ রিপোর্টার: হাড়োয়ায় বিয়েবাড়ির গাড়ি থামিয়ে লুঠ এবং মহিলাদের শ্লীলতাহানির ঘটনায় ভিন্ন সুর শোনা গেল রাজ্যের মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য এবং সি পি এমের রাজ্য সম্পাদক অনিল বিশ্বাসের গলায়।

শুক্রবার বুদ্ধবাবু যখন বলেছেন, 'এখনও আমি দাবি করছি, পশ্চিমবঙ্গ আইনশৃঙ্খলার ক্ষেত্রে মরূদ্যান,' তখন অনিলবাবু বলেছেন, 'হাড়োয়ার ঘটনা অত্যন্ত দুঃখজনক। এমন জঘন্য অপরাধমূলক ঘটনা কেন ঘটল, রাজ্য সরকার তা দেখছে। এমন ঘটনা দমন করতে এবং অপরাধীদের শাস্তি দিতে রাজ্য সরকার সক্রিয় এবং সক্ষম। অপরাধীরা রেহাই পাবে না।" মুখ্যমন্ত্রী তথা পুলিশমন্ত্রীর কথায় স্পষ্ট যে, রাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতির নিরিখে ওই ঘটনাকে তিনি বিশেষ গুরুত্ব দিচ্ছেন না। রাজ্যের 'মরূদ্যান' তকমা বহাল রেখেই বুদ্ধবাবু সাংবাদিকদের বলেন, "কোন রাজ্য আমাদের চেয়ে ভাল? একটার নাম করুন।"

এর আগেও মাদ্রাসা, সংবাদমাধ্যমের হাসপাতালে প্রবেশে নিষেধাজ্ঞা এবং চিকিৎসকদের শাস্তি প্রসঙ্গে সরকার এবং দল ভিন্ন সুরে কথা বলেছে। এই নিয়ে চতুর্থ ঘটনায় সরকার ও দল বিপরীত কথা বলল। লোকসভা ভোটের মুখে এই ঘটনা নিঃসন্দেহে উভয় পক্ষকেই অস্বস্তিতে ফেলবে। সেটা বুঝেই হাড়োয়ার ঘটনার সি বি আই-তদন্ত দাবি করেছেন কেন্দ্রীয় মন্ত্রী তথা রাজ্যের প্রধান বিরোধী নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

তবে অনিলবাবু এ কথাও বলেছেন যে, "মহিলাদের শ্লীলতাহানির কোনও ঘটনা ওখানে ঘটেনি।" একই কথা বলেছে পুলিশ। বিরাট বাহিনী নিয়ে ঘটনাস্থলে তদন্ত চালিয়ে আই জি (দক্ষিণবঙ্গ) দেবেন বিশ্বাস মিনাখাঁ থানায় বসে বলেন, "ওখানে বিয়েবাড়ির গাড়িতে ডাকাতি ও ছিনতাই হয়েছে। তবে শ্লীলতাহানির অভিযোগ নেই। দুষ্কৃতীদের ধরার চেষ্টা চলছে।"

দেবেনবাবু আরও বলেন, "নির্যাতিতাদের সঙ্গে কথা বলেছি। তাঁরা কেউই শ্লীলতাহানির অভিযোগ করেননি।" তবে পুলিশের ভূমিকায় বিরক্ত সি পি এমের মিনাখাঁ ১ নম্বর লোকাল কমিটির সদস্য রামচন্দ্র মণ্ডল বলেন, "শ্লীলতাহানি হলেও কেউ প্রথমেই পুলিশের কাছে অভিযোগ করে না। পরিস্থিতি জেনে পুলিশকেই ব্যাপারটা খুঁজে নিতে হয়।" রাজ্যের আই জি (আইনশৃঙ্খলা) চয়ন মুখোপাধ্যায় বলেন, "মহিলা পুলিশ দিয়ে ওই মহিলাদের জেরা করানোর পরেও তাঁরা শ্লীলতাহানির কথা অস্বীকার করলে পুলিশের কিছু করার নেই।" ঘটনাস্থলে অবশ্য কোনও মহিলা পুলিশ চোখে পড়েনি। গিয়েছে রাজ্য গোয়েন্দা পুলিশ।

হাড়োয়া থেকে নির্মল বসু জানাচ্ছেন, এ দিন ছিল দয়ালকৃষ্ণ বারুইয়ের ছোট ভাই কৃষ্ণপদের বৌভাত। কিন্তু এই ঘটনার পরে সুর কেটে গিয়েছে উৎসবের। হাড়োয়া, মিনাখাঁ এবং ভাঙড়ের ঘুশিঘাটা, লাউগাছি ও ঘোষপুর অঞ্চল দুষ্কৃতীদের আতঙ্কে এখনও থমথমে। এতটাই যে, ঘোষপাড়া বাজার থেকে খানিকটা দূরে কুলটি পঞ্চায়েত দফতরে বসে পঞ্চায়েতের সি পি এম সদস্যেরা নাম জানাতে অস্বীকার করেন। তাঁদের কথায়: "গাড়ি থামিয়ে মহিলাদের উপরে অত্যাচার ও লুঠ এই প্রথম নয়। এর আগেও বহু বার এই ঘটনা ঘটেছে। কোনও ঘটনারই কিনারা হয়নি।"

ওই ঘটনার পর 'ব্যাপক তল্লাশি' চললেও পুলিশ আর কাউকে গ্রেফতার করতে পারেনি। খুঁজে পায়নি যে-লরি দিয়ে রাস্তা আটকে ডাকাতি হয়েছিল, তার চালককে। বিয়েবাড়ির তিনটি গাড়ি ছাড়া অন্য যে-সব গাড়িতে একসঙ্গে লুঠপাট হয়েছিল, সেগুলিরও হদিস পায়নি পুলিশ। উদ্ধার হয়নি লুঠ-হওয়া জিনিসপত্রও। ঘটনার পরেই যে পাঁচ সি পি এম-সমর্থককে গ্রেফতার করা হয়েছিল, তাদের এ দিন আদালতে হাজির করানো হয়। তবে সি পি এমের লোকজন দাবি করেছেন, ধৃতেরা এক সময় খারাপ থাকলেও এখন মূল স্রোতে ফিরে এসেছে। তারা ঘোষপুরের ঘটনার সঙ্গে জড়িত নয়।

প্রাথমিক ভাবে পুলিশের অনুমান, বুধবার গভীর রাতে ঘোষপাড়া বাজারে গাড়ি আটকে যারা লুঠ ও শ্লীলতাহানি করেছিল, তাদের অধিকাংশই মিনাখাঁ, হাড়োয়া, ভাঙড় থানার অন্তর্গত ভেড়ি এলাকায় আশ্রয় নিয়েছে। তবে সেখানে ঢুকে তাদের খুঁজে বার করা কঠিন। বস্তুত, থানা, পুলিশ, পঞ্চায়েত, সব থাকলেও দুষ্কৃতীদের অবাধ ও নিশ্চিন্ত গতিবিধি এই মিনাখাঁয়। শুক্রবার দুপুর পর্যন্ত পুলিশকে সেখানে ঢুকতে দেখা যায়নি।

বুদ্ধবাবু যা-ই বলুন, প্রকৃত দোষীদের পুলিশ ধরতে পারবে, এমন ভরসা স্থানীয় মানুষের পাশাপাশি সি পি এম নেতাদেরও নেই। হাজার হাজার বিঘের ভেড়ি দখলে রাখতে কিছু ভেড়ি মালিক দুষ্কৃতীদের আশ্রয় দেন বলে অভিযোগ। বাসিন্দারাই জানান, দুষ্কৃতীদের হাতে আধুনিক অস্ত্রশস্ত্রও দেওয়া হয়। ভেড়িতে মাছ চাষ বন্ধ হয়ে গেলেই রক্ষকদের একাংশ ডাকাতির পথ বেছে নেয়।

আর এস পি-র মিনাখাঁ লোকাল কমিটির সম্পাদক ক্ষিতীশচন্দ্র দাস বলেন, "এর আগেও বহু বার ঘটকপুকুর-বাসন্তী রোডে ব্যবসায়ী ও গাড়ি থামিয়ে ডাকাতি ও মহিলা-নিগ্রহের ঘটনা ঘটেছে। মাফিয়া-রাজ চলছে।"

মিনাখাঁ পঞ্চায়েত সমিতির সভাপতি বিভাসচন্দ্র মণ্ডল বলেন, "দুষ্কৃতীদের দৌরাত্ম্য নিয়ে অনেক বার পুলিশকে বলেছি। ওই রাতে আমিও বিয়েবাড়ির গাড়িতে ছিলাম। ওরা আমাকে সরানোর জন্যও এই ঘটনা ঘটাতে পারে।"

ANADABAZAR PATRIKA 14 FEB 2004

কংগ্রেসের সঙ্গে সরকার গড়ার সম্ভাবনা উড়িয়ে দেননি কারাত

আজকালের প্রতিবেদন: কেন্দ্রে কংগ্রেসের সঙ্গে সরকার গড়ার সম্ভাবনা উড়িয়ে দিলেন না সি পি এমের পলিটব্যুরো সদস্য প্রকাশ কারাত। শুক্রবার তিনি বলেন, আমাদের প্রধান শত্রু বি জে পি জোট। কেন্দ্রে যারাই বিকল্প ও ধর্মনিরপেক্ষ সরকার গড়বে, আমরা তাদের সরকার গঠনে সাহায্য করব। বাম দলগুলিকে বাদ দিয়ে কেউ সরকার গড়তে পারবে না। তার মানে কি সি পি এম সরকারে যোগ দেবে? সাংবাদিকদের এই প্রশ্নের অবশ্য স্পষ্ট উত্তর দেননি। কিছুটা ঘুরিয়ে তিনি বলেন, কোনও সম্ভাবনাই উড়িয়ে দিচ্ছি না। এদিন প্রেস ক্লাবে বলেন, আমাদের লক্ষ্যই হল বি জে পি-কে ক্ষমতা থেকে সরাতে হবে। জনগণের কাছেও আবেদন করেছি। বাম দলগুলির প্রতিনিধিদের জয়ী করে শক্তি বাড়াতে হবে। যেখানে বামপন্থীরা দুর্বল, সে-ক্ষেত্রে ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক রাজনৈতিক দলকে ভোট দিন। যাতে বি জে পি জোট-বিরোধী ভোট ভাগ না হয়ে যায়। তাঁর কথায়, বিকল্প ও ধর্মনিরপেক্ষ সরকার গড়তে হলে এটা করতে হবে। যদিও কংগ্রেসের সঙ্গে সি পি এম 'এখনও পর্যন্ত কোনও সমঝোতা করেনি' বলে জানিয়েছেন প্রকাশ কারাত। তিনি আরও বলেন, কংগ্রেসের নীতির বিরুদ্ধে আমাদের লড়াই চলবে। 'মিট দ্য প্রেস' অনুষ্ঠানে সাংবাদিকদের মুখোমুখি হয়েছিলেন প্রকাশ কারাত। দেশের নির্বাচন পরিস্থিতির ব্যাখ্যা করে তিনি বি জে পি এবং এন ডি এ জোটের কড়া সমালোচনা করেন। তাঁর অভিযোগ, অযোধ্যা ইস্যু নিয়ে বি জে পি এবং এন ডি এ জোটের ইস্তাহারে কোনও পার্থক্য নেই। এখনও নানা জায়গায় প্ররোচনামূলক ভাষণ দিচ্ছেন আদবানি। 'ভারত উদয়' নিয়েও মিথ্যা প্রচার চলছে। প্রকাশ বলেন, লক্ষ্ণৌয়ে গরিবদের প্রলুব্ধ করা হল। বি জে পি-র এটা শুধু নির্বাচনী বিধিভঙ্গ নয়, দুর্নীতিও। এর পরেই এক প্রশ্নের জবাবে প্রকাশ বলেন, ওদের আর্থিক নীতির বিরোধী আমরা। তবে লোকসভা ভোটের পরে পরিস্থিতি দেখে সিদ্ধান্ত নিতে চায় সি পি এম। তাঁর মতে, কংগ্রেস বা বি জে পি কোনও রাজনৈতিক দলই এখন আর একক সংখ্যাগরিষ্ঠতা নিয়ে কেন্দ্রে সরকার গড়তে পারবে না। তাই সরকার গড়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে সি পি এম বলেই দৃঢ় বিশ্বাস করেন প্রকাশ কারাত।

ANADABAZAR PATRIKA 17 APR 2004

কংগ্রেসের দিশাপত্রে খুশি নয় সি পি এম

